পুরুষকার

মহাবীর গার্ফীল্ড

'জীবনালোক' ও 'ব্রহ্মচর্য্য' (ভগিনী ডোরা) প্রভৃতি লেখক

উমাপদ রায় সঙ্কলিত

তৃতীয় সংস্করণ

CALCUTTA :

PRINTED AND PUBLISHED BY K C DATTA, B. M PRESS.

211, CORNWALLIS STREET

1890

মূল্য

এই গ্রন্থ

অগ্রজ

৺বামাপদ রায়ের

পবিত্র নামে

উৎসর্গ

করিলাম।

ভূমিকা

অরণ্যবাসী দরিদ্র ও মূর্খ চাষার সন্তানও যে ধর্ম্ম এবং অধ্য-বসায় বলে সমাজের শীর্ষস্থান অধিকার করিতে পারে, মহাবীর জেম্‌স্ এব্রাম গার্ফীল্ডের জীবন তাহার জলন্ত দৃষ্টান্ত। আবার পিতা মাতার ধর্ম্মভাবপূর্ণ জীবন এবং ধার্ম্মিক পরিবার যে শিশু-জীবনেই মহত্ত্বের বীজ রোপণ করে, জননী এলীজা তাহার জীবন্ত প্রমাণ। গার্ফীলডের রাজনৈতিক জীবনের কাহিনী এ পুস্তকে সবিস্তারে বিবৃত হইল না। অস-হায়, পিতৃহীন ও অরণ্যবাসী কৃষক-বালক যে কি প্রকারে দুঃখিনী ধার্ম্মিকা জননীর উপদেশে এবং স্বাবলম্বন শক্তির বলে প্রকৃত মানুষ হইতে পারে, তাহা দেখানই এই পুস্তকের উদ্দেশ্য।

আমি কৃতজ্ঞতার সহিত স্বীকার করিতেছি, আমার শ্রদ্ধা ও প্রীতিভাজন শ্রীযুক্ত বাবু আদিনাথ চট্টোপাধ্যায় মহাশয় বিশেষ যত্ন ও পরিশ্রম স্বীকার করিয়া এই পুস্তকের আদ্যোপান্ত দেখিয়া দিয়াছেন।

কলিকাতা
জানুয়ারি, ১৮৮৮

উমাপদ রায়

দ্বিতীয় সংস্করণ

পুরুষকারের সমুজ্জ্বল উদাহরণস্বরূপ মহাবীর গার্ফীল্ডের জীবনী দ্বিতীয় বার মুদ্রিত ও প্রকাশিত হইল। মধ্য পাঠ্য-গ্রন্থ-সমিতি (Central Text Book Committee) এই পুস্তকখানিকে পাঠ্যগ্রন্থ তালিকা ভুক্ত করিয়াছেন। তাঁহাদের বিবেচনায় ইহা উচ্চ প্রাইমারী পরীক্ষার পাঠ্য বলিয়া পরিগণিত হইয়াছে। এতদ্ভিন্ন এতদ্দেশীয় কোন কোন লব্ধপ্রতিষ্ঠ ও কৃতবিদ্য সম্ভ্রান্ত ব্যক্তি, শিক্ষাবিভাগের কর্ত্তৃপক্ষ, এবং সুবিজ্ঞ শিক্ষক মহোদয়গণ,

এখানিকে অতি উৎকৃষ্ট পাঠ্যপুস্তক বলিযা বহু প্রশংসা কবিয়াছেন। তাঁহাদেব মত এই যে, এইরূপ জীবনী এতদ্দেশে যত অধিক পরিমাণে বালকগণেব মধ্যে প্রচারিত হইবে, ততই সমধিক পরিমাণে দেশেব কল্যাণ সাধিত হইবে। পুস্তকেব মূল্য অধিক হইলে স্কুলেব বালকগণেব অসুবিধা হইবে, এই বিবেচনায় এবাবে ইহাব মূল্য ন্যূন কবা হইল। এতদ্ভিন্ন বাহুল্য বর্ণনা-গুলি বর্জ্জন কবিযা পুস্তকেব আকাবও ক্ষুদ্র কবা হইল; কেন না বিস্তৃত গ্রন্থ বালকদিগেব পাঠেব পক্ষে সুবিধাজনক নহে।

কলিকাতা }
ডিসেম্বব, ১৮৮৯ } লেখক

তৃতীয় সংস্করণ

এই পুস্তক এ বৎসব ঢাকা ও বর্দ্ধমান বিভাগেব মধ্য বাঙ্গালা ও মধ্য-ইংবাজী বিদ্যালয সমূহে, কতিপয সুপ্রতিষ্ঠিত উচ্চ শ্রেণীব ইংবাজী বিদ্যালয এবং কোন কোন গবর্ণমেণ্ট জেলা স্কুলেব নিম্নশ্রেণীতে পাঠ্য নির্দ্দিষ্ট হইযাছে। আমি এজন্য তত্তৎ-স্থানেব কর্তৃপক্ষগণেব নিকট বিশেষ কৃতজ্ঞ।

এস্থলে ইহাও স্বীকাব কবা কর্ত্তব্য যে, আমাব মান্যাস্পদ বন্ধু, "ধর্ম্মবন্ধু"ব সম্পাদক শ্রীযুক্ত অধব চন্দ্র বসু মহাশয় এবং ভাগলপুব তেজনাবাযণ কালেজেব অন্যতম অধ্যাপক ও সুলেখক, আমাব শ্রদ্ধাস্পদ বন্ধু শ্রীযুক্ত সুবেশচন্দ্র সবকাব এম, এ, মহাশয এই সংস্কবণেব আদ্যোপান্ত প্রুফ সংশোধন কবিযা দিয়া আমাব বিলক্ষণ সহাযতা করিয়াছেন।

কলিকাতা }
মার্চ্চ, ৮৯০ } উমাপদ বায

পুরুষকার

মহাবীর গার্‌ফীল্‌ড

১

পরিচয়

উত্তর আমেরিকার যুক্তরাজ্যে, নিউইয়র্ক প্রদেশে উর্‌ষ্টার নামক স্থানে, টমাস গারফীল্‌ড নামক জনৈক চাষা বাস করিত। ১৭৯৯ খ্রীষ্টাব্দে তাহার একটী পুত্র হয়। পুত্রের নাম এব্রাম রাখা হইয়াছিল। দুর্ভাগ্যবশতঃ এব্রামকে বহু দিন পিতার ক্রোড়ে বাস করিতে হয় নাই। এব্রামের বয়স দুই বৎসর পূর্ণ হইতে না হইতেই টমাস গারফীল্‌ডের মৃত্যু হইল। টমাস গার্‌ফীল্‌ডের মৃত্যু হইলে এব্রামের জননী অনেকগুলি সন্তান লইয়া অত্যন্ত বিপদে পড়িলেন। দরিদ্র চাষার ঘরে ধন ছিল না; টমাস গার্‌ফীল্‌ড যাহা আনিত, তাহাই খাইত; অর্থ সঞ্চয় করিয়া রাখিতে পারে নাই। সুতরাং তাহার মৃত্যুতে তদীয় দুঃখিনী বিধবা পত্নীকে সমূহ বিপদে পড়িতে হইল।

সংসারে কাহাকেও চিরকাল দুঃখে পড়িয়া হাহাকার করিতে হয় না। গার্‌ফীল্‌ড-পত্নীর জনৈক সদাশয় প্রতিবেশী তাহার দুঃখে ব্যথিত হইয়া একদিন তাহাকে বলিলেন, "যদি আপনি

অনুগ্রহ করিয়া আপনার এব্রামকে আমার আলয়ে রাখেন, তাহা হইলে আমি তাহাকে যথাসাধ্য প্রতিপালন করিতে চেষ্টা করি। গার্ফীল্ড-পত্নী প্রতিবেশী ভদ্রলোকের এই প্রকার অমায়িক আচরণে অত্যন্ত প্রীত হইয়া করুণ-স্বরে বলিল, আপনি আমার এই বিপদের সময় আমার এব্রামকে যদি পিতার ন্যায় প্রতিপালন করেন, তাহা হইলে আমি আপনার নিকট চিরদিন কৃতজ্ঞ থাকিব। এব্রাম উক্ত প্রতিবেশী মহোদয়ের পরিবারভুক্ত হইয়া পুত্র-নির্ব্বিশেষে স্নেহ ও যত্নে প্রতিপালিত হইতে লাগিল।

ক্রমে এব্রামের বয়স যখন দশ বৎসর হইল, তখন বালু নাম্নী একটী বিধবা তাহার একটী পুত্র ও একটী কন্যা লইয়া উক্ত পল্লীতে আসিয়া বাস করিল। কন্যাটীর নাম এলীজা। এলীজা এব্রামের এক বৎসরের ছোট; সুতরাং এলীজা ও এব্রাম উভয়ে উভয়ের খেলার সঙ্গী হইল। এব্রাম ভাবিত, এলীজা ভাল এবং সে নিজে মন্দ; আবার এলীজা ভাবিত, এব্রাম সাধু, আর সে নিজে মন্দ। উভয়ে উভয়কে এমনই ভাল বাসিত। এলীজা অতিশয় বুদ্ধিমতী ও ধীরপ্রকৃতি বালিকা বলিয়া সকলের আদরের সামগ্রী হইয়া উঠিল। কিন্তু তাহারা চারি পাঁচ বৎসর একত্র বাস করিতে না করিতেই এলীজার মাতা ওহিও নামক প্রদেশে চলিয়া গেল।

এলীজার জননীও দরিদ্র ছিলেন; পুত্র ও কন্যাটীকে লইয়া তিনি অতি কষ্টে সংসার চালাইতেছিলেন। এই সময় তিনি শুনিলেন যে, ওহিও প্রদেশের উর্ব্বরা ভূমিতে প্রচুর শস্য উৎপন্ন হয় এবং সেখানে বাস করিয়া লোকে স্বচ্ছন্দে অন্নসংস্থান করিতে পারে। ওহিও প্রদেশের এই সুনামে আকৃষ্ট হইয়া

বিধবা বালু আপন পুত্র ও কন্যাটীকে লইয়া তথায় গিয়া বাস করিল।

ক্রমে ওহিও প্রদেশের নাম সোণার লঙ্কার মত চারিদিকে ছড়াইয়া পড়িল। ওহিওতে লোকের অন্নকষ্ট নাই, ওহিওর লোকে ভাল খায়, ভাল পরে; ইত্যাদি কথা লইয়া সকলেই বলাবলি করিতে লাগিল। যত দুঃখী চাষা সকলেই উদর-জ্বালায় ওহিওর দিকে দৌড়াইতে আরম্ভ করিল। অবশেষে সকলকেই এই "ওহিও রোগে" ধরিতে লাগিল। "ওহিও রোগ" সংক্রামক হওয়াতে এব্রামও কুড়ি বৎসর বয়সের সময় আপন আশ্রয়দাতার অনুমতি লইয়া জীবিকা নির্ব্বাহের জন্য ওহিও প্রদেশে গমন করিল। এব্রাম নিউবার্গ নামক স্থানে বাসস্থান নির্দ্দিষ্ট করিয়া বনের কাঠ কাটিয়া একখানি কুটীর করিয়া লইল।

এখানে থাকিতে থাকিতে কিছু দিন পরে এব্রামের মনে হইল, সে একবার বিধবা বালুর পুত্র ও কন্যাকে দেখিয়া আসে। এই মানস করিয়া এব্রাম একদিন তাহাদের তত্ত্ব লইতে আরম্ভ করিল; এবং অনুসন্ধানদ্বারা জানিতে পারিল যে, নিউবার্গের নিকটবর্ত্তী জানিস্‌বিল নামক স্থানে বিধবা বালু বাসস্থান নির্ম্মাণ করিয়া বাস করিতেছে। অবশেষে এব্রাম একদিন জানিস্‌বিলে গিয়া উপস্থিত হইল। বিধবা বালু ও তাহার পুত্র কন্যা অনেক দিন পরে এব্রামকে পাইয়া যার পর নাই আহ্লাদিত হইল, এবং তাহাকে কয়েক দিন তাহাদের সঙ্গে বাস করিতে অনুরোধ করিল। ক্রমে এলীজার সহিত এব্রামের পরিণয় হইল। এব্রাম নিউবার্গে আসিয়া আপনার প্রিয়তমা ভার্য্যাকে লইয়া কৃষিকার্য্য-দ্বারা জীবিকা নির্ব্বাহ করিতে লাগিল। এব্রাম একজন অতি

পুরুষকার

সামান্য দরিদ্র কৃষক ছিল, সে নিজের ক্ষেত্রে নিজের হাতে চাষ করিত এবং নিজের কার্য্য শেষ হইলে অপরের ক্ষেত্রে শ্রম করিয়া অর্থোপার্জ্জন করিত।

এব্রামের বাসগৃহ একখানি জঙ্গলি কাঠের কুঁড়ে ঘর। রাজা রাজপ্রাসাদে বাস করিয়া যে সুখ না পান, এব্রাম ও এলীজা এই সামান্য কুঁড়ে ঘরে বাস করিয়া তদপেক্ষাও অধিক সুখে বাস করিতে লাগিল। কখনও ভূমি-কর্ষণ, কখনও বা ঠিকা কায করিয়া এব্রাম স্বচ্ছন্দে জীবন যাপন করিতে প্রবৃত্ত হইল। এব্রাম এই স্থানে এইরূপে নয় বৎসর কাল বাস করিল। ক্রমে এই স্থানে ইহাদের দুইটী সন্তান জন্ম গ্রহণ করিল।

যখন এব্রামের পরিবারের সংখ্যা বাড়িতে লাগিল, তখন সে কিঞ্চিৎ অর্থ ঋণ করিয়া চাষের ভূমি আরও কিছু বাড়াইয়া লইল। কিন্তু এই ভূমির অনুরোধে এবং আর একটী শুভাকাঙ্ক্ষী আত্মীয় প্রতিবেশীর অনুরোধে তাহাকে নিউবার্গ হইতে উঠিয়া গিয়া অরেঞ্জ নামক স্থানে বাসস্থান প্রস্তুত করিতে হইল। প্রথমতঃ কিছুকাল তাহাদিগকে উক্ত পরিবারের সঙ্গে এক কুটীর মধ্যে বাস করিতে হইত। কিছু দিন পরে এব্রাম স্বয়ং আর একটী গৃহ প্রস্তুত করিয়া লইল, এবং আপন পরিবারের সহিত তাহাতে বাস করিতে লাগিল। এবারে অপেক্ষাকৃত একটী প্রশস্ত কুটীর নির্ম্মাণ করা হইল। সুবৃহৎ কাষ্ঠখণ্ড একত্র করিয়া এবং তাহার মধ্যস্থ ছিদ্রে কর্দ্দম দিয়া ঘরের প্রাচীর প্রস্তুত করা হইল। ঘরে তিনটী অতি ক্ষুদ্র ক্ষুদ্র জানালা এবং কেবল একটীমাত্র দরজা রাখা হইল।

এবার এব্রাম যে স্থানে বাস করিল, তাহার নিকটে উক্ত

আত্মীয় পরিবার ভিন্ন আর অন্য প্রতিবেশী ছিল না। চারি-
দিকে অরণ্য। রজনীতে হিংস্র জন্তু সকল ভয়ঙ্কর রব করিত।
এই অবস্থায় এব্রাম আপন স্ত্রী, পুত্র ও বালিকাদিগকে লইয়া
অরণ্য মাঝে বাস করিয়া চাষাদিদ্বারা জীবিকা নির্ব্বাহ করিতে
প্রবৃত্ত হইল। এই স্থানে ১৮৩১ খ্রীষ্টাব্দের ৯ই নভেম্বর জেম্‌স
এব্রাম গার্‌ফীল্‌ডের জন্ম হয়।

এব্রাম দীর্ঘাকৃতি, সুশ্রী, হৃষ্ট পুষ্ট ও খুব কষ্টসহিষ্ণু লোক
ছিল। তাহার মনের তেজ ছিল, প্রতিজ্ঞার বল ছিল, এবং
স্থির বুদ্ধি ছিল। লোকালয় হইতে দূরে চলিয়া গিয়া, অরণ্য-
মাঝে বাস করিতে হইলে যে প্রকার বীর্য্য ও সাহস থাকা
আবশ্যক, এব্রামের তৎসমুদায়ের অভাব ছিল না। আবার
জনসমাজে যশস্বী ও কৃতী হইতে হইলে যে সমুদায় সদ্‌গুণ থাকা
আবশ্যক, এব্রামের সে সমস্ত গুণও ছিল। এ সমস্ত সত্ত্বেও
এব্রাম জনসমাজে সুনাম কিনিবার জন্য ব্যস্ত হইল না।
মাথার ঘাম পায়ে ফেলিয়া উদর পোষণের উপযুক্ত অন্ন ও শরীর
আচ্ছাদনের উপযুক্ত বস্ত্র সংগ্রহ করিয়া সন্তোষের সহিত অরণ্যে
জীবন যাপন করিতে তাহার বাসনা হইল। অন্য কোন সুখের
আকাঙ্ক্ষা তাহার সেই প্রিয় বাসনাকে অতিক্রম করিতে পারিল
না। এব্রামের আর একটী পুত্রের নাম টমাস ও কন্যাটীর নাম
মেহেতাবেল। টমাস ও মেহেতাবেল পিতার কৃষিকার্য্যের
সহায়তা করিতে লাগিল। এব্রাম যখন ক্ষেত্রে কার্য্য করে,
টমাস ও মেহেতাবেলও তখন তাহার সঙ্গে গিয়া ক্ষেত্রে কার্য্য
করে। এইরূপে অতি আনন্দে তাহাদের দিন চলিয়া যাইতে
লাগিল।

কিন্তু বিধাতার ইচ্ছা অন্যরূপ। বৈশাখ মাসের প্রচণ্ড রৌদ্রে একদিন এব্রাম ক্ষেত্রে কার্য্য করিতেছে, এমন সময় শুনিতে পাইল যে, বনে আগুন লাগিয়াছে। দূরে লোক সকল মহাকোলাহল করিতেছে। এব্রাম জানিত, অরণ্যে আগুন লাগিলে তাহার সমূহ বিপদ। দেখিতে দেখিতে আগুন তাহার শস্যক্ষেত্রের কাছে আসিয়া উপস্থিত হইল। এব্রাম তাড়াতাড়ি মেহেতাবেলকে বলিল, মেহেতাবেল! এই কোদালখানা রাখিয়া দৌড়িয়া সাবলখানা লইয়া আইস। মেহেতাবেল তাহাই করিল। এব্রাম, টমাস ও মেহেতাবেলকে সঙ্গে করিয়া বনের ধারে গিয়া ভীমবলে অগ্নির সহিত সংগ্রামে প্রবৃত্ত হইল। এব্রামের পত্নীও সেই ভয়ঙ্কর দাবানলের শব্দ শুনিয়া অত্যন্ত ব্যস্তভাবে সেই দিকে দৌড়িয়া গেল। সেই খানেই যদি সেই অগ্নির গতিরোধ না করা হয়, তাহা হইলে অতি অল্পক্ষণের মধ্যেই তাহাদের ঘর পুড়িয়া যাইবে। এব্রামের মুখে কথা নাই, সে একেবারে জ্ঞানহারা হইয়া সেই সর্ব্বভুক্ অগ্নির সহিত ভয়ানক সংগ্রাম করিতে লাগিল। একাকী হইয়াও দশজনের বল ধারণ করিয়া অগ্নি নির্ব্বাণের চেষ্টা করিতে লাগিল। অগ্নির প্রকোপ একবার একটু থামিয়া আসে, এব্রামের মনে একটু আশার সঞ্চার হয়, আবার পরক্ষণেই মহা গর্জ্জনে সেই অগ্নি জ্বলিয়া উঠে; এইরূপ একবার আশা, একবার ভীতি, আসিয়া তাহার হৃদয়কে দোলাইতে লাগিল। পরে বহু পরিশ্রমের পর আগুন নিবিয়া গেল, এবং এব্রাম আপনার অরণ্যস্থ গৃহ খানিকে তাহার গ্রাস হইতে রক্ষা করিতে সমর্থ হইল। সকলেরই আনন্দের সীমা রহিল না; কিন্তু

পরিণাম অতিশয় ভয়ানক হইয়া পড়িল। প্রচণ্ড রৌদ্রে উৎকট পরিশ্রম করাতে এব্রামের শরীর অত্যন্ত ক্লান্ত হইয়া পড়িল—সে তখনই একখণ্ড কাষ্ঠের উপর ছায়াতে বসিয়া পড়িল। কঠিন পীড়া হইল—এব্রাম দিনকয়েকের মধ্যে মৃত্যুমুখে পতিত হইল! মরিবার সময় আপন সন্তানগুলির মুখের দিকে তাকাইয়া এলীজাকে সম্বোধন করিয়া বলিল, এই অরণ্যের মধ্যে চারিটী শিশুবৃক্ষ রোপণ করিয়া চলিলাম—এখন তোমার হাতেই ইহাদের জীবন !!

এব্রামের মৃত্যুসংবাদ চারি দিকে পাঁচ ক্রোশ পর্য্যন্ত ছুটিয়া গেল—পাঁচ ক্রোশ দূর হইতে অরণ্যবাসী চাষারা তাহাকে দেখিতে আসিল। পাঁচ ক্রোশের মধ্যে চারিটী কি পাঁচটী পরিবার ছিল, সকলেই আজ এলীজার দুঃখে দুঃখিত হইয়া তথায় আগমন করিল। শোক-সন্তপ্ত-হৃদয়ে সকলে সমবেত হইয়া এব্রামের মৃতদেহ গোধূমক্ষেত্রের এক কোণে সমাধিস্থ করিল।

সমুদায় অরণ্য যেন অঙ্গে আঁধার মাখিয়া এলীজাকে ভীত করিতে লাগিল। কিন্তু ভগবান্ অনাথের চির-সহায়। ধীরে ধীরে এলীজার অন্তরে শান্তি আসিতে লাগিল। ধীরে ধীরে সে বুঝিতে পারিল, বৃথা শোক করিয়া মনুষ্যত্ব হারাইলে চলিবে না। সন্তানগুলিকে মানুষ করিতে হইবে। গুরুতর কর্ত্তব্যভার তাহার মস্তকে রহিয়াছে, ভগবান্‌কে সহায় করিয়া ধৈর্য্যাবলম্বন পূর্ব্বক কর্ত্তব্য-পালনে অগ্রসর হওয়াই তাহার এখন বিধেয়, এই মনে করিয়া সে একদিন টমাসকে ডাকিয়া বলিল, টমাস, তোমার পিসা মহাশয়কে ডাকিয়া আন, তাঁহার সঙ্গে একটা পরামর্শ করিব।

পূর্ব্বে যে আত্মীয় প্রতিবেশীর উল্লেখ করা হইয়াছে, সেই আত্মীয়ই টমাসের এই পিসা মহাশয়। এব্রামের সহোদরা ভগিনীকে বইণ্টন নামক জনৈক চাষা বিবাহ করিয়াছিলেন। তিনিই এই আত্মীয় প্রতিবেশী।

বইণ্টন আসিয়া এলীজাকে বলিলেন, আপনি স্ত্রীলোক হইয়া কি প্রকারে এই বনে বাস করিবেন? এই সমস্ত বিক্রয় করিয়া আপনি আপনার আত্মীয়দের নিকট চলিয়া যান।

তখন টমাস বলিল, মা! আমিও তাই বলি। যখন বনে বাঘ ডাকে, আর আমাদের ঘরের দ্বারের কাছে যখন তাহারা রাত্রিতে বেড়ায়, তখন আমার বড় ভয় হয়! যখন বাবা ছিলেন, তখন আমার আদৌ ভয় হইত না।

এলীজা বলিলেন, যেখানে আমার ধার্ম্মিক পতির মৃতদেহ সমাধিস্থ করিয়াছি, আমি জীবন থাকিতে সে স্থান পরিত্যাগ করিতে পারিব না। এই বনভূমি তাঁহার মৃত্যুর পর হইতে এক নূতন ও পবিত্রভাব ধারণ করিয়াছে। তাঁহার মৃতদেহ বন্য হিংস্র পশুর গ্রাসে ফেলিয়া দিয়া আমি কখনই এ স্থান পরিত্যাগ করিব না।

বইণ্টন তখন বলিলেন, তবে আপনি কি করিতে ইচ্ছা করেন?

এলীজা বলিলেন, আমি যে এই সমস্ত ভূমি, এই অপোগণ্ড টমাসকে লইয়া চাষ করিতে পারিব, তাহার সম্ভাবনা নাই। তবে আমার ইচ্ছা যে, তাঁহার যে ঋণ আছে, তাহা পরিশোধ করিবার মত টাকা পাওয়া যায়, সেই পরিমাণ ভূমি বিক্রয় করিয়া অবশিষ্ট ভূমি লইয়া আমি চাষ করিয়া খাই।

বইণ্টন তখন বলিলেন, আমার মনের ভাব এই যে, আপনি আত্মীয় বন্ধুদের আশ্রয় লইয়া জীবন যাপন করেন। এখানে থাকিয়া জীবন ধারণ কি সম্ভব হইবে? সেখানে গেলে অনেকে অর্থ সাহায্য করিতে পারেন।

বইণ্টনের এই বাক্য শুনিয়া এলীজার অন্তর যেন জাগ্রত হইল। তিনি সদর্পে বলিয়া উঠিলেন, কি বলিলেন, আমি আত্মীয় বন্ধুদের দয়ার ভিখারী হইব? যত দিন এই দেহ সুস্থ থাকিবে—দয়াময় পিতা আমার এই হাত দুই খানিকে জীবিত রাখুন, আমি যেন মাথার ঘাম পায়ে ফেলিয়া এই সন্তানগুলিকে মানুষ করিতে সমর্থ হই। আমার স্বর্গীয় স্বামী তাঁহার বিন্দু বিন্দু রক্ত জল করিয়া এই কুটীরখানি রাখিয়া গিয়াছেন। ইহার এক একখানি কাষ্ঠ আমার নিকট এক একটী পবিত্র পদার্থ। আমি যেমন অতি যত্নে ও ভক্তির সহিত তাঁহার সমাধি স্থানটী রক্ষা করিব, তেমনি অতিশয় আদরের সহিত এই গৃহ খানিও রক্ষা করিব।

তখন বইণ্টন বলিলেন তবে আপনি এই সমস্ত বিক্রয় করিবেন না?

এলীজা বলিলেন, না তা'কখনই না, ঋণ পরিশোধ করিবার মত কতক অংশ বিক্রয় করিতেই হইবে।

তখন বইণ্টন বলিলেন,আমি বোধ করি সমস্ত বিক্রয় করিয়া চলিয়া যাওয়াই ভাল ছিল। যাহা হউক যদি আপনি একান্ত তাহাতে সম্মত না হন, তাহা হইলে যাহাতে কতক অংশ বিক্রয় করা যাইতে পারে, আমি তাহার চেষ্টায় থাকিব।

এই বলিয়া তিনি চলিয়া গেলেন। এলীজা এতক্ষণ মানুষের

সহিত পরামর্শ করিতেছিলেন, এখন তিনি মানুষের বুদ্ধিদাতা যিনি তাঁহার নিকট উপস্থিত হইয়া আপনার অবস্থার কথা বলিতে লাগিলেন। করযোড়ে ঊর্দ্ধমুখে ভগবানকে ডাকিয়া বলিতে লাগিলেন, হে পরমেশ্বর! তুমি আমার এই অরণ্যমাঝে একমাত্র সহায়—তুমি আমাকে এই অবস্থায় সুমতি বিধান কর। তাহার পর ভক্তির সহিত তাঁহার চরণে প্রণাম করিয়া নির্ভয় হইয়া বাহিরে গিয়া টমাসকে বলিলেন, টমাস এস আমাতে তোমাতে চাষ আরম্ভ করি; এস্থান ছাড়িয়া কোথায়ও যাইব না। মা বসুমতী এই খানেই আমাদিগকে ক্রোড় দিয়াছেন।

টমাসের বয়স এখন একাদশ বৎসর। টমাসও অতিশয় উৎসাহ ও আদরের সহিত মাতাকে বলিল, মা! আমি হল চালাইতে পারি। তোমাকে কিছুই করিতে হইবে না, আমি একাকীই সব করিব।

ক্রেতা শীঘ্রই আসিল। কতকটা ভূমি বিক্রয় করিয়া ঋণ পরিশোধ করা হইল। ঋণ পরিশোধ করিয়া একটী পয়সাও এলীজার হাতে রহিল না: স্বামীর ঋণ পরিশোধ করিয়া এলীজা যেন মাথার বোঝা নামাইয়া সুস্থির হইলেন।

এখন নিশ্চিন্তমনে ধীরভাবে জননী এলীজা টমাসকে লইয়া চাষে প্রবৃত্ত হইলেন। টমাস গোধূম বুনিবার জন্য ভূমির পাট আরম্ভ করিল। এলীজা বনের কাঠ কাটিয়া সেই ক্ষেত্রের চারিদিকে বেড়া দিতে লাগিলেন।

এই সময় এলীজা একদিন দেখিলেন, ঘরে যে খাদ্য শস্য আছে আগামী শস্যের সময় পর্য্যন্ত তাহাতে চলিবে না। মাতা অমনি এক সন্ধ্যা আহার করিতে লাগিলেন! সন্তানেরা এ কথার কিছুই

জানিল না। সন্তানেরা পূর্ণরূপে আহার পাইতে লাগিল—মাতার তাহাতেই সুখ। কিছু দিন এইরূপে অনাহারে এবং অল্লাহারে দিন কাটাইবার পর উত্তম শস্য হইল। মাতার আর কষ্ট রহিল না।

১৮৩৫ খ্রীষ্টাব্দে আর একটী পবিবার আসিয়া ইহাদের প্রতিবেশী হইল। এই নবাগত পরিবারের কিছু কাপড় সেলাইয়ের আবশ্যক ছিল। এলীজা স্বহস্তে সেই সমস্ত সেলাই করিয়া দিলেন এবং তাহাতে যে বেতন পাইলেন, তদ্দ্বারা তাঁহার সংসাবেব আবও কুলান হইতে লাগিল। টমাসকেও তাহারা সময়ে সময়ে কার্য্যে নিযুক্ত করিত, তাহাতে টমাসও কিছু কিছু পয়সা পাইত। এইরূপে ক্ষেত্রে যেমন একদিকে পর্য্যাপ্ত শস্য হইল, তেমনি অপর দিকে আবার নগদও কিছু কিছু পয়সা আসিতে লাগিল, সুতবাং এখন অতি সুখেই তাঁহাদের দিন চলিতে লাগিল।

এই সময় টমাসের মনে বড় সাধ হইল, জেম্‌সকে সে এক যোড়া জুতা কিনিয়া দেয়। এ পর্য্যন্ত জেম্‌সের পায়ে জুতা ছিল না। টমাস আপন মাতাকে নিজের মনের সাধ জানাইল। মাতা টমাসের এই সাধে বাধা দিলেন না। সুতরাং জেম্‌সের পায়ে জুতা হইবা গেল। জেম্‌স জুতা পাইয়া মহা আনন্দিত হইল। অরণ্যের মাঝে কোন ছেলের পায়ে সহজে জুতা মিলিত না—কাযে কাযেই জেম্‌সের ভাগ্য ভাল বলিতে হইবে! জেম্‌সের ভাই ভগিনীর পায়ে জুতা ছিল না।

২

পাঠশালা

জেম্‌সের বয়স এখনও চারি বৎসর পূর্ণ হয় নাই। যে অরণ্যের মাঝে এলীজার বাস, সেখানে ভাল বিদ্যালয় থাকিবার কথা নয়। কখন কখন কোন কোন লোক আসিয়া শস্য সংগ্রহ হইয়া গেলে চাষার ছেলেদের জন্য ঐ সকল স্থানে পাঠশালা বসাইত, আবার চাষের সময় আসিলে তাহারা চলিয়া যাইত। কিছু কিছু অর্থ উপার্জ্জন তাহাদের উদ্দেশ্য। বনের চাষারাও বৎসরান্তে শস্য ঘরে আসিলে আপন আপন সন্তানদিগকে যৎকিঞ্চিৎ শিখিবার নিমিত্ত এই পাঠশালায় পাঠাইয়া দিত। এইরূপে কৃষকবালকেরা বর্ণবিন্যাসাদি কিছু কিছু শিখিয়া আসিত।

এলীজার বাড়ীর প্রায় এক ক্রোশ দূরে এইরূপ একটী পাঠশালা হইল। টমাসের আনন্দের সীমা রহিল না। জেম্‌স জুতা পায়ে দিয়া বিদ্যালয়ে চলিল। টমাস নিজে উপার্জ্জন করিয়া জিমির পায়ে জুতা কিনিয়া দিয়াছিল, তাই আজ সে মহা আনন্দে জিমির দিকে এক দৃষ্টে চাহিয়া রহিল। জিমি যে চলিয়া এত পথ যাইতে পারিবে না, এই জন্য টমাসের বড়ই চিন্তা হইল, কিন্তু মেহেতাবেল তাহার সে চিন্তা দূর করিল। কিয়দ্দূর যাইয়া জিমি মেহেতাবেল দিদির স্কন্ধে চাপিয়া পাঠশালায় গমন করিল!

জিমি যদিও এই প্রথম পাঠশালায় গেল, তথাপি তাহার আজ 'হাতে খড়ি' নয়। এলীজা বাড়ীতে ইতিপূর্ব্বেই তাহাকে কিছু শিখাইয়াছিলেন। তিনি ক্ষেত্র ও গৃহের কাযকর্ম্ম করিয়া

যখনই একটু অবসর পাইতেন, তখনই সন্তানগুলিকে লইয়া পড়াইতে বসিতেন। ধর্ম্মশাস্ত্র হইতে গল্প বলিতেন। পুনঃ পুনঃ এই সকল গল্প শুনিয়া জিমি অনেকগুলি গল্প কণ্ঠস্থ করিয়া ফেলিয়াছিল। তাহার অসাধারণ স্মৃতিশক্তি ছিল। বাল্যকালেই জিমির প্রবীণতা দেখা যাইতে লাগিল। সকলে তাহাকে অতি বুদ্ধিমান্ বলিয়া বুঝিয়া লইল। জিমি যেমন বুদ্ধিমান্ ও চতুর তেমনি আবার সদাই প্রফুল্ল। অরণ্য মাঝে দরিদ্রের সামান্য কুঁড়ে ঘরে, জিমি ঠিক যেন আঁধার ঘরের মাণিক হইয়া পড়িল। এলীজা তাহার সদানন্দ ভাব দেখিয়া ক্রমে আপনার মনের দুঃখভার দূরে ফেলিয়া দিতে লাগিলেন।

জিমি পাঠশালায় যাহা শুনে, তাহাই শিখিয়া ফেলে। প্রথম-পাঠের প্রায় অধিকাংশই তাহার কণ্ঠস্থ হইল। চারি বৎসর বয়সে জিমির এই অসাধারণ স্মৃতিশক্তি দেখিয়া শিক্ষক মহাশয় তাহাকে অতিশয় ভাল বাসিতে লাগিলেন। জিমি পাঠশালার মধ্যে সর্ব্বোৎকৃষ্ট ছাত্র হইয়া উঠিল।

শৈশবাবস্থাতেই তাহার আর একটী অতি আশ্চর্য্য স্বভাব দেখা যাইতে লাগিল। সে অতিশয় অনুকরণ-প্রিয় হইল। তাহার সম্মুখে যে, যে প্রকার আচরণ বা ধরণ দেখাইত, সে তখনই তাহা শিখিয়া ফেলিত। এই জন্য তাহার সম্মুখে কোন প্রকার অসদাচরণ করা শিক্ষক ও এলীজার পক্ষে একরূপ অসম্ভব হইয়া উঠিল। কারণ জিমি যাহা দেখিবে, তাহাই অনুকরণ করিবে।

শিক্ষক যেরূপে ছাত্রদিগকে প্রশ্নের পর প্রশ্ন জিজ্ঞাসা করিতেন; জেম্‌সও শিক্ষক মহাশয়ের অনুপস্থিতি কালে নির্দ্দিষ্ট সময়ের পূর্ব্বে পাঠশালায় আসিয়া শিক্ষকের মত গম্ভীরভাব

ধারণপূর্ব্বক ধর্ম্মপুস্তক হইতে বড় বড় বালকদিগকে প্রশ্নের উপর প্রশ্ন জিজ্ঞাসা করিত। তাহার প্রশ্ন শুনিয়া তাহারা তাহাকে শিশু বলিয়া অবজ্ঞা করিত না। তাহার প্রশ্নের ধরণ দেখিয়া তাহারা অবাক্ হইয়া যাইত। অনেক সময় তাহারা সমুদায় প্রশ্নের উত্তর করিতে পারিত না; তখন জেম্‌স স্বয়ং তাহাদের হইয়া প্রশ্নের যথার্থ উত্তর প্রদান করিত।

জেম্‌স সুচতুর বালক। পথ চলিতে চলিতে যাহা কিছু দেখিতে ও শুনিতে পাইত, সে তাহাই শিখিয়া লইত। এইরূপে অতি অল্প বয়সেই তাহার অভিজ্ঞতা বাড়িতে লাগিল।

কোন কথার অর্থ না বুঝিয়া সে ক্ষান্ত হইত না। কোন বস্তু, কোন ঘটনা বা কোন বিষয়ের ভিতর যতক্ষণ না উত্তমরূপে প্রবেশ করিয়া তাহা বুঝিতে পারিত, ততক্ষণ কোন মতেই তাহার পিপাসা মিটিত না।

পর বৎসর এলীজা ও তাঁহার প্রতিবেশী বইণ্টনের যত্নে, তাঁহাদের গৃহের নিকটে একটী পাঠশালা স্থাপিত হইল। শিক্ষক মহাশয় এলীজার ঘরে আহারাদি করিতেন। এই সময় ইঁহার সাহায্যে জেম্‌স অনেক বিষয় শিক্ষা করিল।

৩

"আমি পারি"

জেম্‌স কখনও কোন কার্য্যে 'না' বলিতে জানিত না। শৈশবকাল হইতে তাহার মনে কেমন একটা আশ্চর্য্য বিশ্বাস বদ্ধমূল হইয়াছিল যে, পরিশ্রম করিলে এবং মনোযোগের সহিত

কোন কার্য্যে প্রবৃত্ত হইলে, কি শারীরিক, কি মানসিক সংসারের যে কোন ব্যাপারে কৃতকার্য্য হওয়া যাইতে পারে। এই জন্য তাহার মাতা তাহাকে যে কোন কার্য্যের কথা বলিতেন, সে তখনই সেই কার্য্য করিতে প্রবৃত্ত হইত; এবং সফল-কাম হইয়া সহাস্য মুখে মাতার নিকট আসিয়া বলিত, মা আমার কার্য্য শেষ হইয়াছে! মাতাও অমনি আনন্দে অধীর হইয়া তাহার মুখ চুম্বন করিতেন।

জেম্‌সের বয়স যখন আট বৎসর হইল, তখন তাহাকে টমাসের মত চাষের কার্য্যে প্রবৃত্ত হইতে হইল। এখন জেম্‌স বড় হওয়াতে চাষের কার্য্য কতকটা তাহার উপর দিয়া টমাস অপরের ক্ষেত্রে কার্য্য করিয়া অর্থ আনিতে লাগিল। জেম্‌স এখন জঙ্গলে কাঠ কাটে, শস্য কাটে এবং ক্ষেত্রের আর সমস্ত কার্য্য করে। এমন নয় যে, জেম্‌স পড়া শুনা ছাড়িয়া এই সকল কার্য্য করিয়া বড়ই আমোদ ও মনের সুখে থাকিত। পূর্ব্বেই বলা হইয়াছে, জেম্‌স কোন কার্য্যে 'না' বলিতে জানিত না। সে যে কার্য্য করিত, তাহা অত্যন্ত মন দিয়া করিত। বয়স অল্প হইলেও সে বুঝিতে পারিত, ক্ষেত্রে কার্য্য না করিলে তাহাদের খাওয়া পরা চলিবে না; তাই সে ক্ষেত্রে কার্য্য করিত। আবার এই সঙ্গে সঙ্গে পড়িবার ও জ্ঞান উপার্জ্জন করিবার ইচ্ছা তাহার এতই প্রবল ছিল যে, অনেক দূর দূর স্থানে গিয়া লোকের বাড়ী হইতে পুস্তক চাহিয়া আনিত; এবং তৈল অভাবে খড় ও কাঠের আগুন জ্বালিয়া, ভূমিতে শয়ন করিয়া, অনেক রাত্রি পর্য্যন্ত সেই সকল পুস্তক অধ্যয়ন করিত। জেম্‌স যখন যে বইখানি পড়িতে আরম্ভ করিত, সেখানি প্রথম হইতে শেষ পর্য্যন্ত এমন মনো-

যোগের সহিত পড়িত যে, তন্মধ্যস্থ সমুদায় কথা ও সমুদায় বিষয় তাহার কণ্ঠস্থ হইয়া যাইত।

টমাসের উপার্জ্জিত অর্থ দ্বারা গৃহের নিতান্ত প্রয়োজনীয় সামগ্রী সকল প্রস্তুত, সকলের পুস্তক, জুতা ও কাপড় ইত্যাদি ক্রয় করা হইতে লাগিল।

এই সময় এক দিন পাঠশালার এক জন সঙ্গীর সঙ্গে বেড়া-ইতে বেড়াইতে কথা হইল যে, এমন কোন কার্য্য নাই যাহা জেম্‌স করিতে পারে না। তখন সেই বালক একটী ডিম্ব লইয়া বলিল, জেম্‌স, তুমি এই ডিম্বটা গিলিতে পার?

জেম্‌স তখনই বলিল, হাঁ পারি! এই বলিয়া সে ডিম্বটা মুখে ফেলিয়া গ্রাস করিবার চেষ্টা করিল, কিন্তু খোসা সমেত ডিম্ব গিলিয়া ফেলা ত সহজ কথা নয়! জেমস পারিল না। তাহার মুখ বিবর্ণ হইল—সঙ্গীটী মহা আনন্দে করতালি দিয়া হাসিতে লাগিল। কিন্তু জেম্‌সের গর্ব্বিত স্বভাব এ অপমান সহ্য করিতে পারিল না। অবশেষে দৃঢ় সংকল্প করিয়া আবার ডিম্বটী মুখের ভিতর ফেলিয়া দিল, এবং এবারে সত্য সত্যই সেটী গিলিয়া ফেলিল! মাতা এলীজা যখন এই কথা শুনিতে পাইলেন, তখন হাসিয়া বলিলেন—নির্ব্বোধ ছেলে!

জেম্‌স অহঙ্কারী ছিল না। অহঙ্কার কাহাকে বলে, সে তাহা জানিত না। সে বড়ই সরল প্রকৃতির বালক ছিল। সে বুঝিত যে, সে যে কার্য্যে হাত দিবে তাহাই করিতে পারিবে, এই জন্য কোন কার্য্য 'করিতে পারি না,' এ কথা সে বলিত না। তাহার সহজ বুদ্ধিতে 'পারি না,' আসিত না। সে 'পারিই' জানিত—'পারিই' বুঝিত, তাই সে ওকথা বলিত। 'পারির' বিপরীত

'পারি না' যে কি পদার্থ, তাহা সে কখনও যেন দেখেও নাই, জানেও নাই। তবে সে কেন বলিবে 'পারি না'? ইহা ত সহজ কথা, অহঙ্কারের কথা নয়।

বালক জেম্‌সের এই বিশেষ গুণ দর্শন করিয়া মাতা এলীজার হৃদয়ে যারপর নাই আশা ও আনন্দের সঞ্চার হইল। জেম্‌স এক দিন ক্ষেত্রে কার্য্য করিতেছে, অনেকটা ভূমির পাট করিতে অবশিষ্ট আছে, জেম্‌সকে ভয়ানক পরিশ্রম করিতে হইতেছে। তাহাকে সহিষ্ণুতা শিক্ষা দিবার এই উপযুক্ত সময় বিবেচনা করিয়া জননী বলিতে লাগিলেন, জেম্‌স! কোন কার্য্য করিতে প্রবৃত্ত হইবার পূর্ব্বে যদি তুমি একবার এই দৃঢ়সংকল্প করিতে পার যে, তুমি সে কার্য্য যে প্রকারে হউক, সম্পন্ন করিবেই করিবে, তাহা হইলে তোমার সেই সংকল্পের সঙ্গে সঙ্গে অর্দ্ধেক কার্য্য সমাধা হইয়া যাইবে। বাল্যকালে আমার পিতাকে প্রায়ই এই পুরাতন কথাটী বলিতে শুনিতাম, 'ইচ্ছা থাকিলেইউপায় হয়।'

জেম্‌স বলিল, ওকথাটীর অর্থ কি?

এলীজা বলিলেন, অর্থ এই যে,যখন কোন ব্যক্তি কোন কার্য্য 'করিবই করিব' বলিয়া একবার প্রতিজ্ঞা করে এবং প্রাণপণে তাহাতে লাগিয়া থাকে, তখন সে ব্যক্তি নিশ্চয়ই সে কার্য্য সম্পন্ন করিতে পারে। যে বালক আপনার শক্তির উপর নির্ভর পূর্ব্বক নানাপ্রকার বাধা বিঘ্ন সত্বেও স্বকার্য্য সাধন করিতে কৃতসংকল্প হয়, তাহাকে কখনই বিফল-মনোরথ হইতে হয় না। জেম্‌স! তুমি কি এইরূপে চলিতে পারিবে? এই বলিয়া চতুরা জননী পুত্রকে বুঝিবার অভিপ্রায়ে উত্তর অপেক্ষা করিতে লাগিলেন। জেম্‌স সদর্পে বলিল, হাঁ পারিব।

তখন জননী আরও উৎসাহের সহিত বলিতে আরম্ভ করিলেন। সর্ব্বদাই নিজের শক্তি সামর্থ্যের উপর নির্ভর করিবে। যখন যে কার্য্য হাতে পড়িবে, সর্ব্বদাই 'আমি পারি' এই কথাটী মনে রাখিও, তাহা হইলে তুমি কৃতকার্য্য হইতে পারিবে। "যাহারা উদ্যমশীল, পরমেশ্বর তাহাদের সহায়' এই মহা বাক্যে আমি সম্পূর্ণ বিশ্বাস করি। তোমার পিতার মৃত্যুর পর হইতে তিনি আমাকে আশ্চর্য্যরূপে সহায়তা করিতেছেন। যখন তাঁহার মৃত্যু হইল, তখন আমি কোন্ পথে চলিব, তাহার কিছুই জানিতাম না। এই অরণ্যে কেমন করিয়া বাস করিব, তাহা বুঝিয়া উঠিতে পারিলাম না, এবং অরণ্য ছাড়িয়া অন্যত্র গিয়া বাস করিবারও কোন উপায় দেখিতে পাইলাম না। এইরূপে আর অন্য উপায় না দেখিয়া আমি তৎক্ষণাৎ পরমেশ্বরের কৃপার উপর নির্ভর পূর্ব্বক মানুষের পরামর্শ পরিত্যাগ করিয়া, নিজের শক্তির দিকে দৃষ্টি রাখিলাম, আমার সকল দিক্ রক্ষা হইল। আমি এইরূপে আশাতীত সফলতা লাভ করিয়াছি। আমরা যদি যথাশক্তি কোন কার্য্যে প্রবৃত্ত হই, পরমেশ্বর আমাদের যত্ন ও আমাদের শক্তির সহায় অবশ্যই হইবেন।

জেম্স জিজ্ঞাসা করিল, যদি আমরা যথাশক্তি কার্য্যে প্রবৃত্ত না হই, তাহা হইলে তিনি কি করেন?

জননী বলিলেন, তিনি সহায় হইবেন না। মানুষের এতদপেক্ষা দুর্ভাগ্য আর হইতে পারে না! তাঁহার সহায়তা ভিন্ন আমরা কোনও কার্য্যে কৃতকার্য্য হইতে পারিব না।

জেম্সের মনে এখন একটী সন্দেহ উপস্থিত হইল। জেম্স জানিত, পরমেশ্বর মানুষকে কেবল ধার্ম্মিক হইতেই সহায়তা

করেন। তাই সে জননীকে বলিল, আমি ভাবিতাম পরমেশ্বর শুধুই মানুষকে সাধু হইতে সাহায্য করেন। তিনি যে কার্য্যেরও সহায়, তাহা জানিতাম না। জেম্‌স অতি ধীর ও গম্ভীরভাবে এই কথাগুলি বলিল।

ধার্ম্মিকা জননী এলীজা বলিলেন, হাঁ, পরমেশ্বর মানুষকে সাধু ও ভাল হইতেই সহায়তা করেন। তিনি আমাদিগকে সকল বিষয়ে ভাল হইতে সহায়তা করেন। তাঁহার আশীর্ব্বাদে ভাল বালক হওয়া যায়, তাঁহার আশীর্ব্বাদে ভাল মানুষ হওয়া যায়, তাঁহার আশীর্ব্বাদে ভাল শ্রমজীবী হওয়া যায়, তাঁহার আশীর্ব্বাদে ভাল পণ্ডিত হওয়া যায়, তাঁহার আশীর্ব্বাদে ভাল শিক্ষক হওয়া যায়, এবং তাঁহারই আশীর্ব্বাদে আবার ভাল চাষা হওয়া যায়, ফলতঃ তাঁহার আশীর্ব্বাদে সকল বিষয়েই ভাল হওয়া যায়। এই কথা বলিতে বলিতে জননী এলীজার বদন-মণ্ডলে এক সুন্দর আভা প্রকাশ পাইল। বালক জেম্‌স মাতার উৎসাহ ও ভাবপূর্ণ বাক্য শ্রবণ করিয়া আশ্চর্য্যান্বিত হইল। প্রত্যেক কথা যেন তাহার হৃদয়কে বিদ্ধ করিতে লাগিল। মাতার বাক্য শ্রবণ করিয়া তাহার এখন ধ্রুব বিশ্বাস হইল যে, পরমেশ্বরের সঙ্গে মিলিত হইয়া উভয়ে উত্তমরূপে কৃষিকার্য্য করিতে পারিবে।

জেমসের জননী আবার বলিলেন, যদি তুমি একটী কার্য্য ভাল করিয়া করিতে পার, তাহা হইলে আর একটী কার্য্যও ভাল করিয়া করিতে পারিবে। এইরূপে উত্তরোত্তর যত কার্য্য করিবে, ততই তুমি দিন দিন নূতন নূতন কার্য্যে সফল-মনোরথ হইবে। অপরের মুখের দিকে না চাহিয়া নিজের শক্তির উপর নির্ভর করিতে শিখিবে, এবং তাহা হইলেই তোমার মঙ্গল হইবে।

জেম্‌সের জননী নীরব হইলেন। জেম্‌স বাল্যকাল হইতে আপন জননীর নিকট এইরূপে স্বাবলম্বন শিক্ষা করিতে লাগিল। ক্রমে জেম্‌সের হৃদয়ে স্বাবলম্বন দৃঢ় ভিত্তি লাভ করিল।

সংসারে যাহারা অপরের মুখের দিকে তাকাইতে অভ্যস্ত হয়, তাহাদের জীবন এমনই অসার হইয়া যায় যে, তাহারা মনুষ্য নামের উপযুক্ত কিনা, তাহা বুঝা যায় না। এই সকল লোক মৃত। কিন্তু যাহারা বাল্যকাল হইতে সংসারের সকল কার্য্যে নিজের দুখানি হাত, দুখানি পা ও সর্ব্বোপরি ভগবানের উপর নির্ভর করিয়া চলিতে শিখে, তাহারাই প্রকৃত মানুষ। সংসারে তাহাদেরই অস্তিত্ব আছে। বালক গার্ফীল্ড জানিত, মাথার ঘাম পায়ে ফেলিয়া শ্রম না করিলে সংসারে তাহার অন্ন বস্ত্র মিলিবে না। তাহার মুখপানে চায়,এমন আর কেহই ছিল না। সুতরাং জেম্‌স নিজেই নিজের সহায় সম্বল ছিল। গার্ফীল্ডের চল্লিশ বৎসর বয়সের সময় তিনি একবার যুবকদিগকে সম্বোধন করিয়া যে উপদেশ দেন, তাহাতেই তাঁহার বাল্যজীবনের অতি উত্তম পরিচয় পাওয়া যায়। উপদেশটী এই :—

হে যুবকগণ! তোমরা বিলক্ষণ জানিও,অবস্থা স্বয়ং আসিয়া তোমাদের মস্তকে রাজমুকুট পরাইয়া দিতে পারে না। যদি সংসারে রাজমুকুট পরিতে বাসনা থাকে, তবে তাহা লাভের জন্য উদ্যোগী হও। অনবরত সংগ্রামে প্রবৃত্ত থাক। বিনা সংগ্রামে অক্ষত শরীরে যে মুকুট লাভ করা যায়,তাহার আবার মূল্য কি? যে অলস, তাহার আবার বিশ্রাম সুখ কি? জীবনে যে সৌভাগ্য বা যে ঐশ্বর্য্য লাভ করিবে, সমস্তই যেন স্বয়ং পরিশ্রম ও সংগ্রাম করিয়া করিতে পার। তুমি নিজে পরিশ্রম করিয়া যাহা উপা-

র্জন করিলে না, তাহাতে তোমার গৌরবই বা কি, আর আত্ম-প্রসাদই বা কি? দারিদ্র্য যেন তোমার উন্নতির পথের কণ্টক না হয়। আমি আমার নিজ জীবনে দেখিয়াছি, দারিদ্র্য স্পৃহণীয় নহে বটে; কিন্তু আবার ইহাও বলিব যে, জীবনসংগ্রামে যদি জয়যুক্ত হইয়া মনুষ্যত্ব লাভ করিতে চাও, তাহা হইলে তোমাকে বার বার বাধা পাইয়া পড়িতে হইবে এবং উঠিতে হইবে। যতই তুমি উদ্দেশ্য-লাভে ভগ্নমনোরথ হইবে, ততই তোমার শক্তির বিকাশ হইবে—ততই তুমি মানুষ হইতে থাকিবে। যে যুবক জীবন-সংগ্রামে বাধা পায় না, তাহার মূল্য হয় না, এটী নিশ্চয় জানিও। আমি যতদূর জানি, তাহাতে এমন একজনকেও দেখি নাই যে জয়ী হইবার উপযুক্ত হইয়াও জীবন-সংগ্রামে মারা গিয়াছে। যে যুবাপুরুষ জীবনের মূল্য বুঝিয়াছে, যে জীবনের গৌরব সাধন করিতে বাসনা করে, সে যেন চিরকাল অপরের নিকট দাসখত লিখিয়া আত্ম-বিক্রয় না করে। এমন কি, সে যেন চিরদিন অপরের আজ্ঞার অধীন হইয়াও না চলে। হে যুবাপুরুষ! তুমি আজ্ঞাবহ না হইয়া আজ্ঞাদাতা হইবে। তুমি চিরদিন যেন অপরের কার্য্যে নিযুক্ত না থাক; তুমি অপরকে নিযুক্ত করিতে চেষ্টা করিবে। পৃথিবীতে এমন অক্ষম অথবা ক্ষুদ্র কেহই নাই, যে কোন না কোন প্রকারে নেতার কার্য্য করিতে না পারে। অতএব সকল সময় ও সারা জীবন ভৃত্যের কার্য্য না করিয়া, আপন মনুষ্যত্ব সাধনের জন্য প্রভুর কার্য্য নির্ব্বাচন করিয়া লওয়া যুবকগণের উচিত। নিত্য-পরবশ হওয়া অপেক্ষা একটা ঘোটক অথবা একখানা শকটের চালক হওয়াও ভাল।

জেম্‌সের বয়স যখন আট কি দশ বৎসর, তখন তাহার জীবনে আর একটী সুন্দর প্রত্যুৎপন্নমতিত্বের দৃষ্টান্ত দেখিতে পাওয়া যায়। জেম্‌স একদিন আপন পিসির সন্তান হেন্‌রী বইণ্টনের সহিত পাঠশালায় বসিয়া অত্যন্ত চঞ্চলতা প্রকাশ করে। তাহারা যে ইচ্ছাপূর্ব্বক এই প্রকার আচরণ করে তাহা নহে, বাল-স্বভাব-সুলভ চাপল্য প্রযুক্তই এইরূপ করে। শিক্ষক মহাশয় দেখিলেন যে, বালক দুইটী মধ্যে মধ্যে বড়ই হাসিয়া উঠিতেছে এবং তদ্দ্বারা বিদ্যালয়ের নিয়ম ভঙ্গ হইতেছে। তিনি ভাবিলেন, তদ্দণ্ডেই বালকদিগকে শাসন করা উচিত। এই ভাবিয়া চীৎকার করিয়া বলিয়া উঠিলেন, জেম্‌স আর হেন্‌রী! তোমরা দুই জনে বই রাখিয়া এই মুহূর্ত্তেই ঘরে যাও।

শিক্ষক মহাশয়ের কঠোর প্রকৃতি ছিল। বালকগণ তাঁহার বজ্র-গম্ভীর চীৎকার শব্দে হঠাৎ চমকিত হইয়া উঠিল, এবং হেনরী ও জেম্‌স অবাক্ হইয়া গেল। তাহারা কি করিবে কিছুই বুঝিতে পারিল না। এই সময় আবার তিনি বলিয়া উঠিলেন, যাও এখনই যাও, একটুও বিলম্ব করিও না! জেম্‌স বলিল, আমি চলিলাম কিন্তু হেন্‌রীর মুখে কথা ফুটিল না। উভয়েই বিদ্যালয় হইতে বাহির হইল। হেন্‌রী এদিক্ ওদিক্ করিয়া, ভীত হইয়া একটু পরে বাড়ী চলিয়া গেল, আর ফিরিল না। এদিকে জেম্‌স পাঠশালা হইতে বাহির হইয়াই এক দৌড়ে বাড়ী গেল, এবং সেখানে কাহাকেও কিছু না বলিয়া আবার তখনই বাড়ী হইতে ফিরিয়া আসিল। জেম্‌স এত অল্প সময়ের মধ্যে বাড়ী গেল এবং বাড়ী হইতে ফিরিয়া আসিল, দেখিয়া শিক্ষক মহাশয় মনে করিলেন, সে আদৌ বাড়ী যায় নাই। এই জন্য তিনি বলিলেন, জেম্‌স! তুমি

বাড়ী গেলে না! আমি তোমাকে যে বাড়ী যাইতে বলিলাম? জেম্‌স অমনি তৎক্ষণাৎ উত্তর করিল, আমি ত বাড়ী গিয়াছিলাম! শিক্ষক মহাশয় আশ্চর্য্য হইয়া বলিলেন, কি, বাড়ী গিয়াছিলে? তখন জেম্‌স বলিল, আজ্ঞা হাঁ, আমি বাড়ী গিয়াছিলাম। আপনি ত আমাকে বাড়ীতে থাকিতে বলেন নাই। শিক্ষক মহাশয় জেম্‌সের সরল আচরণে যারপর নাই প্রীত হইয়া আবার তাহাকে পাঠে মনোনিবেশ করিতে বলিলেন।

৪

মা ও ছেলে

অদ্য রবিবার—খ্রীষ্টীয় ধর্ম্মশাস্ত্রানুসারে রবিবার অতি পবিত্র দিবস। আজ জেম্‌সের মাতা এলীজা পুত্রকে বলিলেন, জেম্‌স! অদ্য নগরের উপাসনালয়ের উচ্চ চূড়া হইতে মুহুর্মুহু ঘণ্টারব হইতেছে—প্রকাণ্ড প্রকাণ্ড উপাসনালয় সকল আজ বালক বালিকাতে পরিপূর্ণ হইতেছে। আমরা এই নির্জ্জন স্থানে বাস করিতেছি, ঘণ্টারব আমাদিগকে উপাসনালয়ে ডাকিতেছে না, তাই বলিয়া কি আমরা আজিকার দিনের কথা ভুলিয়া যাইব? কখনই না—যতদিন জীবিত থাকিবে, ততদিন আজিকার বারের পবিত্রতা ও গাম্ভীর্য্য স্মরণ করিতে ভুলিও না।

জেম্‌স বলিল, মা! আমাদের এখানে ঘণ্টা থাকিলে বেশ ভাল হইত। সহরের অপেক্ষা অরণ্যে ঘণ্টার রব কেমন ভাল শুনা যায়!

মাতা বলিলেন, অরণ্যে ঘণ্টারব শুনিলে সহরের ভাব মনে হয়—নির্জ্জনতা যেন চলিয়া যায়। এইরূপে কথা উপস্থিত হইলে

জেম্‌স বলিল, মা, আমার সহরে বাস করিতে ইচ্ছা করে। তুমি বলিলে সেখানে কেমন বড় বড় উচ্চ-চূড়া উপাসনালয় আছে!

জননী এলীজা প্রায়ই বাইবেল ধর্ম্মপুস্তক লইয়া সময় সময় আপন পুত্রকে অতি ভক্তিপূর্ব্বক ধর্ম্মের কথা শুনাইতেন। জননী সন্তানকে ধর্ম্মভীরু করিতে মানস করিয়াছিলেন। সেই অসহায় অবস্থায় দরিদ্র জননীর ভগবান বিনা আর কেহ ছিল না। সেই জন্য এলীজা বাল্যকাল হইতে আপন সন্তানকে ভগবানের কথা অতি যত্নপূর্ব্বক শ্রবণ করাইতেন। জেম্‌স সর্ব্বদাই ধর্ম্ম সম্বন্ধে আপন মাতাকে নানাপ্রকার প্রশ্ন জিজ্ঞাসা করিত। মাতাও যথাসাধ্য পুত্রকে ধর্ম্মের কথা বুঝাইয়া দিতেন। ক্রমে খ্রীষ্টীয় ধর্ম্ম-শাস্ত্রের অনেক গল্প ও অনেক ইতিবৃত্ত তাহার কণ্ঠস্থ হইয়া গেল। খ্রীষ্টীয় ধর্ম্ম পুস্তককে তাহার জননী ঈশ্বরের গ্রন্থ বলিতেন। এক দিবস জেম্‌স মাতাকে জিজ্ঞাসা করিল, মা, তুমি কেমন করিয়া জানিলে যে, ভগবান্ স্বয়ং এই গ্রন্থ রচনা করিয়াছেন?

জননী এলীজা উত্তর করিলেন, এই পুস্তক মানুষের লিখিত অপর কোনও প্রকার গ্রন্থের মত নহে। এই জন্যই বলি, ইহা স্বয়ং ঈশ্বর লিখিয়াছেন। মনুষ্য যে সকল গ্রন্থ প্রচার করিয়াছে, তাহার একখানিও ইহার মত নহে।

জেম্‌স বলিল, মা, তুমি না একদিন বলিয়াছিলে যে, মুশা ও পল প্রভৃতি মহাত্মাগণ এই ধর্ম্মপুস্তক লিখিয়া গিয়াছেন?

এলীজা বলিলেন, হাঁ সত্য বটে, তাঁহারা এই ধর্ম্মপুস্তক লিখিয়াছিলেন, কিন্তু তাঁহারা এ বিষয়ে নিজ বুদ্ধি বিবেচনা অনুসারে না চলিয়া সম্পূর্ণরূপে ভগবানের দ্বারা চালিত হইয়া-ছিলেন। তদ্ব্যতীত তাঁহারা কখনই এইরূপ কার্য্য করিতে পারি-

তেন না। পরমেশ্বর স্বয়ং এই কার্য্য করিয়াছিলেন। ভগবান্‌ তাঁহাদের অন্তরে আবির্ভূত হইয়া যাহা বলিয়াছিলেন, তাঁহারা তাহাই লিখিয়াছিলেন।

জেম্‌স এইরূপে বুঝিল যে, বাইবেল ভগবানের গ্রন্থ। কিন্তু আবার জিজ্ঞাসা করিল, ইহাতে যে সকল গল্প আছে, সে সকল গল্পও কি সত্য? মাতা বলিলেন, সকল গল্পই সত্য।

বাইবেলে উল্লেখ আছে যে, জোসেফ তাঁহার একটী পুত্রকে অপর পুত্রগণ অপেক্ষা অধিক ভাল বাসিতেন, এই জন্য তাহাকে একটী ভাল জামা দিয়াছিলেন। জেম্‌স এই গল্প শুনিয়া আপন জননীকে জিজ্ঞাসা করিল, আচ্ছা মা! জোসেফ যদি ভাল লোক ছিলেন, তবে তিনি কেন এমন অন্যায় কার্য্য করিলেন? তিনি তবে একটী ছেলেকে অধিক ভালবাসিতেন কেন?

এলীজা বলিলেন, কখন কখন ভাল লোকেরাও ভ্রমক্রমে অন্যায় কার্য্য করিয়া ফেলেন।

জেম্‌স বলিল,তবে ভাল লোক আর মন্দ লোক পৃথক্‌ করিব কিরূপে?

বালকের প্রশ্নের উত্তরে এলীজা বলিলেন, ভাল লোক মন্দ লোকের মত ক্রমাগত অন্যায় কার্য্য করিতে পারেন না।

জেম্‌স জিজ্ঞাসা করিল, ভাল লোকেরা একেবারেই কেন মন্দ কার্য্য না করিয়া থাকিতে পারেন না?

এলীজা উত্তর করিলেন,তা পারেন বই কি—ভগবানের কৃপা হইলেই পারেন।

জেম্‌স বলিল, পরমেশ্বর কি নিয়ত তাহাদিগকে ভাল হইতে সাহায্য করেন না?

এলীজা বলিলেন,—না। জেম্‌স আবার প্রশ্ন করিল, কেন তিনি সাহায্য করেন না? মাতা উত্তর করিলেন, বোধ হয় তাহারা তাহার উপযুক্ত নয়।

জেম্‌স আবার জিজ্ঞাসা করিল, মানুষ কি তাঁহার সাহায্য ব্যতীত ভাল হইতে পারে না? এলীজা এবার অতি স্পষ্ট স্বরে এবং সোৎসাহে বলিলেন,—তাঁহার সাহায্য ও কৃপা ভিন্ন মানুষ কোনও মতেই ভাল হইতে পারে না। মানুষ এমনই দুরন্ত যে, সহজে ভাল হওয়া তাহার সাধ্য নয়।

যে সকল লোক ভাল বলিয়া জনসমাজে পরিচিত, তাঁহারা যে আবার মন্দ কার্য্য করিতে পারেন—জেম্‌সের সে ধারণা হইল না।

জেম্‌স এইরূপে মাতাকে ধর্ম্মপুস্তক ও নীতি সম্বন্ধে অনেক প্রশ্ন জিজ্ঞাসা করিত। এতদ্দ্বারা আমরা দেখিতে পাইতেছি যে, জেম্‌সের কতদূর অনুসন্ধিৎসা ও কেমন সূক্ষ্ম বুদ্ধি ছিল। যে উত্তর কালে এত বড় উচ্চ পদ লাভ করিয়াছিল, সে যে বাল্যকালে এই প্রকার তীক্ষ্ণবুদ্ধির পরিচয় দিবে, তাহাতে আর আশ্চর্য্য কি?

মাতা এলীজার ধনবলও ছিল না, লোকবলও ছিল না। তিনি যথাসাধ্য পরিশ্রম করিয়া ও ভগবানের কৃপার উপর নির্ভর করিয়া এইরূপে আপন পুত্র কন্যাদিগকে ধর্ম্মোপদেশাদিদ্বারা মানুষ করিতে লাগিলেন। টমাস, মেহেতাবেল ও জেম্‌স তিনটীই যেন এক একটী রত্ন হইয়া উঠিল। যে গৃহে মাতার এইরূপ ধর্ম্ম-নিষ্ঠা, সে গৃহের সন্তান যে ভাল হইবে, তাহাতে আর সন্দেহ কি? মানুষ যখন জন্ম গ্রহণ করে, তখন সে নির্ম্মল স্বর্গীয় অন্তর লইয়াই জন্ম গ্রহণ করে। যেমন আকাশ হইতে নির্ম্মল জল ভূতলে পতিত হইয়া মলিন হয়, সেইরূপ শিশু সন্তান গৃহের পিতা মাতা

প্রভৃতি আত্মীয় স্বজনের ও সমাজের সঙ্গদোষে মলিন-অন্তর হইয়া উঠে। মাতা এলীজা সেই জন্য অতি সাবধানে প্রথম হই-তেই আপন তনয় তনয়াকে ধর্ম্মাবরণে রক্ষা করিতে লাগিলেন।

জেম্‌সের বয়ঃক্রম যখন আট বৎসর, তখন যুক্তরাজ্যের উপ-নগরীতে মদ্যপান নিবারণের এক আন্দোলন উত্থিত হয়। ক্রমে সেই আন্দোলনের তরঙ্গ সমস্ত রাজ্যময় ছড়াইয়া পড়িল। এলীজা বাল্যকাল হইতেই পুত্রের নিকট মদ্যপানের দোষ কীর্ত্তন করিতে লাগিলেন। প্রায় প্রতিদিন মদ্যপানের দোষ কীর্ত্তন করিতে লাগিলেন। প্রায় প্রতিদিন মদ্যপানের দোষ উল্লেখ করিয়া, যাহাতে আপন পুত্র কন্যাদিগকে সেই পাপে কস্মিন্‌কালেও লিপ্ত করিতে না পারে, তন্নিমিত্ত তিনি তাহাদিগকে সাবধান করিতেন। তিনি বলিতেন, মদ্যপান অতিশয় পাপ। তোমার পিতা মদ্যপায়ী-দিগের উপর অত্যন্ত বিরক্ত ছিলেন। মানুষ মনে করে, একটু পান করিয়াই ক্ষান্ত হইবে; কিন্তু প্রায় সকলেই প্রলোভনে পড়িয়া ঘোরতর মাতাল হইয়া পড়ে, এবং ক্রমে মনুষ্যত্ব হারাইয়া পশুত্ব প্রাপ্ত হয়। মদ্য বিষবৎ অনিষ্টকারী সামগ্রী, অথচ লোকে যে কেন এই বিষপান করিয়া ঘোর পাপপঙ্কে নিমগ্ন হয়, তাহা বুঝা যায় না। মাতার কথা শুনিয়া জেম্‌স বুঝিতে পারিল যে, সুরা-পান অত্যন্ত দোষাবহ, এবং তাহার পিতা সুরাপায়ীকে অত্যন্ত ঘৃণা করিতেন। জেম্‌স প্রতিজ্ঞা করিল, এমন পাপ কখনও করা হইবে না।

মহাত্মা ওয়াশিংটন আমেরিকাকে যখন মহামূল্য স্বাধীনতা-ভূষণে বিভূষিত করিলেন, তখন তাঁহার সাহায্যার্থ জেম্‌স গার্‌-ফীল্‌ডের পূর্ব্বপুরুষেরা সমরক্ষেত্রে নিজ নিজ শোণিতপাত

করিয়াছিলেন। ইংলণ্ডের সহিত আমেরিকার ঘোরতর সংগ্রাম হয়! এই সংগ্রামকালে অসংখ্য লোক স্বাধীনতারূপ রত্ন লাভের নিমিত্ত ভীষণ যুদ্ধানলে জীবন আহুতি প্রদান করিয়াছিল। তাহাদের সেই পবিত্র কার্য্যে অকাতরে জীবন দান হইতেই আমেরিকা চিরকালের জন্য স্বাধীন হইয়াছে। এই যুদ্ধে যাহারা ইংলণ্ডের বিরুদ্ধে অস্ত্র ধারণ করিয়াছিল, তাহাদের মধ্যে এলীজার পূর্ব্বপুরুষগণ সংগ্রামে বহু সম্মান লাভ করিয়াছিলেন। তাই আজ সেই সকল কথা স্মরণ করিয়া জননী পুত্রকে সম্বোধন করিয়া বলিলেন, যাহা সত্য বুঝিবে, তাহা করিতে কখনই ভীত হইও না। যে ব্যক্তি সত্য বুঝিয়াও তাহা করিতে ভীত হয়, পৃথিবীতে তাহার মত অধম কাপুরুষ আর কেহ নাই।

জেম্‌স জানিত না যে, মানুষ যাহা সত্য বলিয়া বুঝিতে পারে, তদনুরূপ কার্য্য করিতে আবার ভয় পায়। সেই জন্য সরলস্বভাব বালক বলিল, মানুষ যাহা সত্য বলিয়া বুঝিতে পারে, তাহা যে কেন করিতে পারিবে না, আমি তাহা বুঝিতে পারি না।

চতুরা জননী বলিলেন, উচিত কার্য্য করিতে কখনও কোনও বালকের ভয় পাওয়া উচিত নয়। আমি জানি, বালকেরা কখন কখন উচিত কার্য্য করিতে সাহস পায় না।

জেম্‌স মাতার কথা শুনিয়া বিস্মিত হইল, এবং ব্যস্ত হইয়া জিজ্ঞাসা করিল, কখন?

এলীজা বলিলেন, যখন তাহারা কু-সঙ্গীর কথায় ভুলিয়া শিক্ষক অথবা মাতার আদেশ পালনে অনিচ্ছা করে।

জেম্‌স বলিল, মা! তুমি কি আমাকে বড় হইলে এই উপদেশ অনুসারে চলিতে বলিতেছ?

এলীজা বলিলেন, না, এখন হইতেই তুমি এই উপদেশ অনুসারে চলিতে চেষ্টা করিবে। কেন না বাল্যকালে যাহা করিতে পারিবে না, বড় হইলে যে তাহা পারিবে, তাহার প্রমাণ কি? আজ যে বালক, কাল সে যুবক। বাল্যকালে যে কাপুরুষ, যুবা বয়সেও সে কাপুরুষ। তোমার সঙ্গীরা যদি তোমাকে বিদ্রূপ করে,তাহা হইলেও তাহাদের কথায় ভুলিয়া মাতা অথবা শিক্ষকের উপদেশ অবহেলা করিবে না।

জেমস মাতার এই আদেশের উত্তরে বলিল, আমি ত তাহা করি না।

মাতা বলিলেন,হাঁ আমি তাহা জানি; তুমি প্রায়ই তাহা কর না—সকল সময় হয় ত পার না। আমি তজ্জন্য বলিতেছি যে,যাহা হইবার হইয়াছে, ভবিষ্যতে যেন তুমি এবিষয়ে অধিক মনোযোগ দিতে পার; তোমার বয়োবৃদ্ধির সঙ্গে সঙ্গে যেন সমস্ত অন্যায় ও অসত্যের বিরুদ্ধে দাঁড়াইবার অধিক ক্ষমতা জন্মে—অধিক সাহস হয়। যতই তোমার বয়স বাড়িবে,ততই দেখিতে পাইবে যে, শত শত প্রলোভন আসিয়া তোমাকে কুপথে যাইতে আহ্বান করিতেছে। যদি তোমার চরিত্র সিদ্ধ না হয়—অন্যায় ও অপবিত্রতার বিরুদ্ধে দাঁড়াইবার যদি সেরূপ শক্তি না জন্মে—তাহা হইলে কোন প্রকারেই তুমি সে সংগ্রামে জয়ী হইতে পারিবে না। প্রলোভন ও পাপকে জয় করিতে হইলে প্রচুর সাহসের প্রয়োজন।

তখন জেম্‌স বলিল, মা! তুমি না বলিয়াছিলে, এইরূপ স্বাধীন ভাবের বশবর্ত্তী হইয়া তেজ দেখাইতে গিয়া, পূর্ব্বকালে বৈরাগী দানিয়লকে সিংহের গহ্বরে প্রবেশ করিতে হইয়াছিল; তবে সকল সময় এত তেজ দেখান কি ভাল?

এলীজা বলিলেন, ঠিক্ কথা বলিয়াছ। দানিয়ল অন্যায়কারী বন্ধুকে ঘৃণা পূর্ব্বক পরিত্যাগ করিয়া পশুরাজ সিংহের গহ্বরে প্রবেশ করিয়া ঈশ্বরেব গৌরব রক্ষা করিয়াছিলেন। যে অন্যায়কে ঘৃণা করিয়া ন্যায়ের পূজা করে এবং ন্যায়কে রক্ষা করে, সেই পরমেশ্বরের গৌরব রক্ষা করে—পরমেশ্বর তাহার সহায় হন। তাই পরমেশ্বর দানিয়লের সহায় হইয়াছিলেন। দানিয়ল যদি রাজপ্রসাদে বঞ্চিত হইবার আশঙ্কায় অন্যায়ের নিকট মস্তক অবনত করিতেন, তাহা হইলে পরমেশ্বর তাঁহার সহায়তা করিতেন না। কিন্তু তিনি অন্যায়ের দিক্ হইতে পশ্চাৎপদ হইয়া ন্যায়ের সেবা করিয়া সিংহের মুখে গিয়াও ঈশ্বরের সহায়তা লাভ করিলেন। তুমি যদি দানিয়লের মত নৈতিকবলে বলী হইতে পার, তাহা হইলে আমি যারপর নাই সুখী হইব। দেখ, দানিয়ল সিংহের মুখে গিয়াও কেমন আশ্চর্য্যরূপে রক্ষা পাইয়াছিলেন!

মাতার মুখ হইতে রবিবারের এই উপদেশ শ্রবণ করিয়া জেম্সের হৃদয়ের অন্ধকার যেন দূর হইয়া গেল। অন্যায় অসত্য, অপবিত্রতা যেন তাহার নিকট রাক্ষসবৎ প্রতীয়মান হইতে লাগিল। জেম্সের হৃদয়ে প্রভূত সাহস ও প্রভূত বল আসিয়া উপস্থিত হইল। জীবন-সংগ্রামে অন্যায়, অসত্য আসিয়া তাহাকে পরাস্ত করিবে—মাতার এই অমূল্য উপদেশ অনুসারে চলিতে তাহাকে অসমর্থ করিবে, ইহা কখনই হইতে পারে না। জেম্স আস্ফালনপূর্ব্বক এই বাল্যসময়েই মনে মনে কঠোর সংকল্প করিল, সুরাপান করিব না, কুসঙ্গে পড়িয়া মাতার আদেশ অবহেলা করিব না, প্রাণ যায়—সকলের অপ্রিয় হই সেও ভাল, তথাপি

যাহা অন্যায বুঝিব, জীবনে কখনই তাহা করিব না, অন্যায়ের সহিত চির-জীবনের জন্য ঘোর শত্রুতা সাধনে প্রবৃত্ত থাকিব।

সাধ্বী ও ধর্ম্মপরায়ণা জননী সন্তানকে ধর্ম্মের অক্ষয় কবচে আবৃত করিয়া সংসার-সংগ্রামে ছাড়িয়া দিবার জন্য অতিশয় ব্যস্ত ছিলেন, তাই তিনি সময় পাইলেই পুত্রকে লইয়া যথাসাধ্য সদুপদেশ প্রদান করিতেন।

পূর্ব্বেই বলা হইয়াছে, গারফীল্ডবংশের পূর্ব্বপুরুষগণ যোদ্ধা ছিলেন। তাঁহাদের বংশের লোকেরা যে বর্ম্ম পরিধান করিয়া যুদ্ধে গমন করিতেন, সেই বর্ম্মের সঙ্গে সংলগ্ন একখানি তরবারি ছিল, সেই তরবারিতে এই কয়েকটী কথা লিখিত ছিল,—আমি বিশ্বাসবলে জয়ী হইব।

জেম্‌সের মাতা এই বর্ম্ম ও এই তরবারির উল্লেখ করিয়া উক্ত কথা কয়েকটীর যথার্থ অর্থ বুঝাইয়া দিয়া পুত্রকে বলিলেন, জেম্‌স। বিশ্বাসবলের অর্থ—পরমেশ্বরে বিশ্বাস। যে ব্যক্তি পরমেশ্বরের উপর বিশ্বাস করিয়া, তাঁহার পবিত্র ন্যায়বলে বলী হইয়া সংগ্রামে প্রবৃত্ত হয়, যে কোন সংগ্রামই হউক না কেন, নিশ্চয় তাহাতে সে জয়ী হইবে। তোমাকে পূর্ব্বেই বলিয়াছি যে, মানুষ যাহা সত্য বুঝিবে ঈশ্বরের উপর নির্ভর স্থাপন করিয়া কার্য্যে প্রবৃত্ত হইলে সে কখনও বিফল হইবে না—তাহার জয় হইবেই হইবে!

এই শেষ উপদেশদ্বারা জেম্‌সের অহঙ্কার করিবার এক মাত্র পথ বন্ধ হইয়া গেল। জেম্‌স দেখিল আপন বিক্রমের উপর নির্ভর করিলে চলিবে না, যাহা ন্যায় তাহা রক্ষা করিতে দৃঢ়সংকল্প হইতে হইবে, এবং সেই সঙ্গে সঙ্গে আবার মহান ঈশ্বরের উপর

বিশ্বাসের সহিত নির্ভর করিতে হইবে। ক্রমে এই উপদেশ তাহার নিকট অতিশয় স্বাভাবিক বলিয়া প্রতীত হইল। ক্রমেই জেম্‌সের ধর্ম্মে মতি হইতে লাগিল। তাহার পিসা মহাশয় বইণ্টন সাহেব প্রায়ই তাহাদিগকে লইয়া ধর্ম্মের কথা বলিতেন। বইণ্টন সাহেব সাধু ও ধর্ম্মভীরু লোক ছিলেন, তিনি সর্ব্বদাই একখানি ধর্ম্মপুস্তক সঙ্গে লইয়া বেড়াইতেন। সুতরাং এই প্রকারে ধার্ম্মিক লোকের সহবাস ও সদুপদেশে বাল্যকাল হইতে জেম্‌সের অন্তরে ধর্ম্মের প্রভাব বিস্তার হইতে লাগিল!

৫

কৃষক

টমাসের বয়স এখন একুশ বৎসর। জেম্‌সের বয়স বার বৎসর। টমাসের এই বয়সে এব্রামের মৃত্যু হয়—টমাস পিতার মৃত্যুর পর নিজে সমস্ত চাষের কার্য্য করিত। যখন জেম্‌সকে প্রথম পাঠশালায় পাঠান হয়, তখন জননী এলীজার বড় সাধ হইয়াছিল যে, মেহেতাবেল ও জেম্‌সের সঙ্গে টমাসকেও পাঠশালায় পাঠান; কিন্তু তখন টমাস বলিয়াছিল, মা, বাবা বাঁচিয়া থাকিলে আমিও যাইতাম—কিন্তু আমাকে তাঁহার চাষের কার্য্য করিতে হইতেছে—আমি চাষ না করিলে তোমরা কি খাইবে? তাই বলি আমি চাষের কার্য্য করি, জেম্‌স আর মেহেতাবেল পাঠশালায় যাক্। জেম্‌স ক্রমে বড় হইয়া উঠিয়া চাষের কার্য্য করিতে শিখিল, এখন টমাস মাতার সুবিধার জন্য আর একখানি কুটীর নির্ম্মাণ করিতে সাধ করিল। এইজন্য মাতার আদেশ

লইয়া টমাস দূরস্থানে গিয়া কিঞ্চিৎ অর্থোপার্জ্জন করিতে বাসনা করিল। তাই আজ সে জেম্‌সকে ডাকিয়া বলিল, ভাই জেম্‌স, তোমাকে এখন চাষের কার্য্য করিতে হইবে। আমি কিঞ্চিৎ অর্থ উপার্জ্জন করিয়া আনিব। আমাদের আর একখানা ঘর না হইলে মার বড় ক্লেশ হয়।

জেম্‌স অতিশয় আনন্দের সহিত টমাসের প্রস্তাবে সম্মত হইল। টমাস ছয় মাসের জন্য বিদায় লইয়া শারীরিক শ্রম দ্বারা কিঞ্চিৎ উপার্জ্জন করিতে চলিল, দেখিয়া জেম্‌সের অন্তরে আজ আনন্দ ধরে না। জেম্‌সের বড় ইচ্ছা যে, সে'ও ঐরূপে অর্থ উপার্জ্জন করিয়া আনে।

কিন্তু এতকাল ধরিয়া জেম্‌স টমাসের কাছে পিতার স্নেহ পাইয়া আসিতেছিল। সর্ব্বদা যাহার সঙ্গে বাস করিত, আজ সেই পিতৃসম জ্যেষ্ঠ সহোদরকে বিদায় দিতে মনে বড় ক্লেশ হইল। কিন্তু তাহার মস্তকে এখন যে কার্য্যভার পড়িল, তাহাতে আর তাহার অপর ভাবনা বা শোক করিবার সময় রহিল না। টমাস একে একে সমস্ত চাষের কার্য্য তাহাকে বুঝাইয়া দিতে লাগিল। জেম্‌স আপন সহোদরের নিকট সমস্ত কার্য্য বুঝিয়া লইতে লাগিল। তারপর অচিরেই টমাস মিচিগান নামক স্থানে চলিয়া গেল।

এলীজা টমাসকে বিদায় দিয়া বিষণ্ণ হইলেন। এই অরণ্য মাঝে তাঁহাদের একজন দুঃখের সঙ্গী কমিয়া গেল। তাঁহার মন অতিশয় উদাস হইল। কিন্তু তিনিও অধিককাল সে বিষাদ হৃদয়ে পুষিয়া রাখিতে পারিলেন না। কেন না জেমসকে লইয়া তাঁহাকে চাষে প্রবৃত্ত হইতে হইল।

জেম্‌স ইতিপূর্ব্বে টমাসের সঙ্গে চারি বৎসর হইতে চাষ শিখিয়া আসিতেছিল। সকলেই তাহাকে কার্য্যপটু দেখিয়া 'কৃষক বালক' বলিত। কিন্তু জেম্‌স এখন আর 'কৃষক-বালক' রহিল না। এখন সে স্বয়ং কৃষক—কৃষিকার্য্যে তাহাঁর অতিশয় অভিজ্ঞতা জন্মিতে লাগিল।

জেম্‌স বালককালে এই প্রকার কৃষিকার্য্যে ও কঠোর পরিশ্রমে নিযুক্ত থাকিলেও তাহার অন্তর শুষ্ক ও নীরস ছিল না। যে স্থানে ইহাদের বাস, সেই স্থানের প্রাকৃতিক সৌন্দর্য্য অতি রমণীয় ছিল। তরঙ্গায়িত প্রান্তর, নদী ও পর্ব্বতমালা সমন্বিত সুবিস্তীর্ণ অরণ্য—এই সকল মিলিয়া এই স্থানটীকে এমন সুন্দর ও মনোহর করিয়াছিল যে, তাহা দেখিলেই মন আপনা-আপনি স্রষ্টার গভীর অনন্ত সৌন্দর্য্যসাগরে ডুবিয়া যাইত। জেম্‌স এই সকল দৃশ্য দর্শন করিয়া অত্যন্ত আনন্দ অনুভব করিত।

টমাস চলিয়া গেলে পর জেমস স্বহস্তে কখনও কোদাল এবং কখনও বা হলচালনা করিয়া ভূমি চাষ করিতে লাগিল। প্রতিবেশিগণ জেমসের কার্য্য দেখিয়া অবাক্ হইয়া গেল। জেম্‌স বালক হইলেও একজন বলিষ্ঠ যুবাপুরুষের ন্যায় কার্য্য করিতে লাগিল। শারীরিক পরিশ্রমে সকলেই তাহার নিকট পরাস্ত মানিল।

জেম্‌স এইরূপে ঘোরতর পরিশ্রম করিয়া মনের সুখে জীবন যাপন করে,—ক্লেশ কাহাকে বলে, তাহা সে জানে না। সে জানিত, পৃথিবীর রীতিই এইরূপ যে, মাথার ঘাম পায়ে না ফেলিলে এক মুষ্টি অন্ন মিলে না। একদিন জেম্‌স এই প্রকারে ক্ষেত্রে কার্য্য করিতেছে, একজন প্রতিবেশী আসিয়া জননী এলীজাকে বলিল. আপনার কৃষক-বালক অতিশয় শ্রমনিপুণ

হইয়াছে; আমরা যেমন কার্য্য করিতে পারি, সেও তেমনি পারে। তারপর এলীজা বলিলেন, আমাদের আরণ্য-জীবন কঠোর পরিশ্রমময় হইলেও আমাদের যে দারিদ্র্য, তাহা নগরবাসী লোকের দারিদ্র্যের মত তত ক্লেশকর নহে।

এলীজার এই কথাটী প্রতিবেশীর ভাল লাগিল না। কিন্তু এলীজা আবার বুঝাইয়া বলিলেন, যাহারা নগরে বাস করে, তাহারা নানারূপ দেখিয়া শুনিয়া আপনার অবস্থার উপর সন্তুষ্ট বা অসন্তুষ্ট হয়। নগরে ধনীও আছে, দরিদ্রও আছে। দরিদ্র ধনীর সুখ ও নিজের হীনাবস্থা দর্শন করিয়া আরও অধিক যাতনা পায়। তখন নির্ব্বোধ প্রতিবেশী বলিল, তবে সকলে দলবদ্ধ হইয়া দরিদ্র হইলে কি সুখ আছে? জননী অতি বুদ্ধিমতী ছিলেন; তিনি বলিলেন হাঁ, তাহাতে কি আর সন্দেহ আছে? দরিদ্র সঙ্গী ভাল বাসে। তখন প্রতিবেশী মহাশয় বলিলেন, তবে ত আপনার সিদ্ধান্ত অনুসারে আমাদের সুখী হইবার কথা; কেননা, আমরা এই অরণ্য মাঝে সকলেই দরিদ্র—ধনের বাতাস এখানে নাই!

জননী এলীজা অতি গম্ভীর ভাবেই এই সমস্ত কথা বলিতেছিলেন; কিন্তু এবারে আরও অধিক গম্ভীর ভাব ধারণ করিয়া বলিলেন, পরমেশ্বরের রাজ্যে ইতর বিশেষ নাই। নিরবচ্ছিন্ন সুখ বা দুঃখ কাহাকেও ভোগ করিতে হয় না। ধনীর ধনৈশ্বর্য্যের সঙ্গে সঙ্গে যেমন অশান্তির বীজ নিহিত আছে, দরিদ্রের দারিদ্র্যের সঙ্গে তেমনি শান্তির হেতুও বর্ত্তমান রহিয়াছে! সুতরাং একভাবে সকলেই সুখী। আমরা যে সুখী, তাহাতে কিছুমাত্র সন্দেহ নাই। প্রতিবেশী এলীজার সকল কথায় মত দিতে

পারিল না। তাঁহাদের এইরূপ কথাবার্ত্তা চলিতেছে, এমন সময় জেম্‌স ক্ষেত্রের কার্য্য শেষ করিয়া গৃহে আসিল। প্রতিবেশী আমোদ করিয়া জেম্‌সকে এ বিষয়ে তাহার মত জিজ্ঞাসা করিল। জেম্‌স বলিল, সংসারের আর আর স্থানের লোকের কি অবস্থা জানি না; সুতরাং তাহাদের জীবনে কতখানি সুখ বা অসুখ, তাহা আমি কেমন করিয়া বলিব? আমি যদি তাহাদের অবস্থা অবগত থাকিতাম,তাহা হইলে বরং কিছু বলিতে পারিতাম।

জেম্‌স প্রতিবেশীকে অতি সত্য কথাই বলিল। সে অরণ্যে জন্মিয়াছে, অরণ্যমাঝে প্রতিপালিত হইয়াছে; নগরের কথা দূরে থাকুক, জেম্‌স কখনও গ্রাম পর্য্যন্ত দেখে নাই। অরণ্যমধ্যে একটী দুইটী করিয়া ক্রমে লোকে বাস করিতে প্রবৃত্ত হইতেছিল; নতুবা তাহাদের প্রতিবেশী অনেক দূরে দূরে। সুতরাং সে কেমন করিয়া বলিবে যে, নগর বা গ্রামবাসীর অবস্থা কিরূপ? পর্ণকুটীর হইলেও জেম্‌সের মাথা রাখিবার ঘর ছিল; জেম্‌সকে ভাল বাসিবার মা ছিল, ভাই ছিল, ভগিনী ছিল। ধনীর প্রাসাদে মা,ভাই, ভগিনী যেমন যত্ন করে ও ভালবাসে, জেম্‌সের মাতা, ভগিনী ও ভ্রাতা তেমনি ভাল বাসিত। সুতরাং এ বিষয়ে জেম্‌সের সহিত অপর লোকের প্রভেদ ছিল না। জেম্‌সের জননী জেম্‌সের কাছে যেমন আদরের সামগ্রী ও তাঁহার উপদেশ দ্বারা জেম্‌সের মনুষ্যত্ব লাভের যেমন সুবিধা হইয়াছিল, তেমন জননী ও তেমন সুবিধা কয়জনে পায়,তাহা আমরা বলিতে পারি না। সুতরাং সে সম্বন্ধে জেম্‌স অতীব সুখী ছিল। তাহার জননী অপেক্ষা অধিক স্নেহময়ী, অধিক বুদ্ধিমতী ও অধিক ধার্ম্মিকা মাতা যে সংসারে অপরের আছে, সে তাহা জানিত না,

এবং বিশ্বাসও করিতে পারিত না। সুখের ক্রোড়ে স্থাপিত লোকে যে অবস্থাকে কষ্টের হেতু বলে, জেম্‌স তাহাকে দৈনিক জীবনের সঙ্গী বলিয়া জানিত। সে জানিত না যে, এ প্রকার পরিশ্রম করা কাহারও পক্ষে ক্লেশের কারণ। সুতরাং, কেন বল দেখি জেম্‌স সুখী হইবে না?

টমাস চলিয়া যাওয়া অবধি তাহাকে অত্যন্ত কঠোর পরিশ্রম করিতে হইত। কিন্তু পরিশ্রম কঠোর হইলেই যে তাহা কষ্টকর হইবে, তাহার কিছু কথা নাই। সংসারের দরিদ্র লোকদিগকে শুধু শরীর রক্ষার জন্য অন্ন বস্ত্র সংগ্রহ করিতে যতটুকু পরিশ্রম করিতে হয়, ধনী লোকদিগকে ধনসঞ্চয় করিবার জন্য তাহার অপেক্ষা যে, শত সহস্রগুণে অধিক পরিশ্রম করিতে হয়, তাহা কে না জানে? আবার ধনীর পরিশ্রমে ও দরিদ্রের পরিশ্রমে প্রভেদ অনেক। দরিদ্র যথাসাধ্য পরিশ্রম করিয়া নিশ্চিন্ত মনে, মনের সুখে আহার করে ও নিদ্রা যায়; তাহার শ্রমকে সে তত ক্লেশকর মনে করে না। ধনী ব্যক্তি শ্রম করে, অথচ পদে পদে পরিশ্রান্ত ও বিরক্ত হয়; নিদ্রাকে বিদায় দেয়, মনের কোমলবৃত্তি সকল নষ্ট করিয়া ফেলে; এবং দিবানিশি দারুণ উৎকণ্ঠার মধ্যে বাস করে।

আমাদের বালক জেম্‌স কঠোর পরিশ্রমকে কদাচ কষ্টকর মনে করিত না। চাষের সময় যখন তাহাকে অত্যন্ত কঠোর পরিশ্রম করিতে হইত, তখন জেম্‌স যেমন সুখী হইত, এমন আর কখনই নহে। পরিশ্রমের গুরুভারে তাহার তেজ, তাহার মনুষ্যত্ব, তাহার বীরত্ব যেন দশগুণ ফুটিয়া বাহির হইত। ধনী ভ্রূকুঞ্চিত করিয়া আমাদের চাষা জেম্‌সের জীবনকে কঠোর জীবন বলিতে চান বলুন, কিন্তু জেম্‌সের পক্ষে তাহা আনন্দজনক।

ভিন্ন ক্লেশকর ছিল না। জেম্‌স জানিয়া ও বুঝিয়া সুখী। এমন অনেক লোক দেখা যায়, যাহারা পরের বিচার দ্বারা আপনাদের সুখ দুঃখ পরিমাণ করে; অন্য কেহ যতক্ষণ তাহাদের সুখের সম্বন্ধে সন্দেহ না করে, ততক্ষণ ইহারা বেশ সুখে থাকে। কিন্তু যেই কেহ তাহাদিগের মনে একটু সন্দেহ জন্মাইয়া দেয়, অমনি তাহাদের মনে আর সেরূপ সন্তোষ থাকে না। তাহারা আর তখন নিজের অবস্থায় সুখী হইতে পারে না; তাহারা যেন এতদিন ঘুমের ঘোরে ছিল; যেই তাহাদের নিদ্রা ভঙ্গ হইল, অমনি সমুদয় সন্তোষ, সমুদয় তৃপ্তি তাহারা হারাইয়া ফেলিল! জেম্‌সের ভাব সেরূপ ছিল না। জেম্‌স জাগ্রত অথচ সন্তুষ্ট-চিত্ত। সুতরাং প্রতিবেশীর কথা তাহার হৃদয়ে স্থান পাইল না।

ক্রমে দেখিতে দেখিতে অনেক লোক আসিয়া এলীজার প্রতিবেশী হইল—অরণ্য যেন নগরী হইয়া উঠিতে লাগিল। সমাজের প্রয়োজনীয় সূত্রধর প্রভৃতি ভিন্ন ভিন্ন ব্যবসায়ী লোক আসিয়া বাস করিতে আরম্ভ করিল। অন্যান্য ব্যবসায়িগণও আসিয়া তথায় বাস করিল; দেখিতে দেখিতে এখানে বহুপ্রকার সুবিধা হইয়া উঠিল।

জেম্‌স আপন কার্য্যের একটী নূতম পথ আবিষ্কার করিল। সময়ে সময়ে এমন হইত যে, জেম্‌সের কোন কার্য্যই থাকিত না, আবার এক এক দিন এত কার্য্য আসিয়া পড়িত যে, সে তাহা করিয়া উঠিতে পারিত না। এই জন্য সে ভাবিল, যে, যে সময় তাহার নিজের কার্য্য অধিক থাকিবে না, সে সেই সময় অপরের ক্ষেত্রে কার্য্য করিতে যাইবে, এবং তাহার যখন অধিক কার্য্য করিবার আবশ্যক হইবে, তখন উক্ত প্রতিবেশীকে লইয়া কার্য্য

করিবে। এইটী মনে মনে স্থির করিয়া জেম্‌স জননীকে জানাইল; তিনি অত্যন্ত আহ্লাদের সহিত এই প্রস্তাবে সম্মতি প্রদান করিলেন। মাতার আদেশ পাইয়া জেম্‌স এক প্রতিবেশীর ক্ষেত্রে গিয়া কার্য্য করিতে লাগিল। চাষের কার্য্য এমন কিছুই ছিল না, যাহা জেম্‌স জানিত না; তাহার এমন বুদ্ধি ছিল যে, সে কোন কার্য্য পূর্ব্বে না করিয়া থাকিলেও কার্য্যে প্রবৃত্ত হইয়া, অন্যের কার্য্য দেখিয়াই অনায়াসে তাহা সম্পন্ন করিতে পারিত। এই জন্য সে যে কোন চাষার ক্ষেত্রে কার্য্য করিতে যাইত,সেই তাহাকে ভাল বাসিত এবং অনেকে তাহাকে নিজ নিজ ক্ষেত্রে কার্য্য করিতে আসিতে অনুরোধ করিত। জেম্‌স এইরূপে চাষের কার্য্যের উত্তমরূপ সুবিধা করিয়া লইল। জেমস নিজে নিজের শিক্ষক, কেহই তাহাকে হাতে ধরিয়া চাষের কার্য্য শিক্ষা দেয় নাই—অথচ নিজে নিজে কার্য্য করিয়া কেমন সুন্দর বন্দোবস্ত করিয়া লইল।

মানুষ যদি নিজের হাতে দেখিয়া শুনিয়া কার্য্য করিতে শিক্ষা করে, তাহা হইলে সে অতি কঠিন কার্য্যও উপদেশ ও শিক্ষকের সাহায্য বিনা শিখিয়া লইতে পারে। রেলওয়ে এঞ্জীনের প্রথম আবিষ্কর্ত্তা জর্জ্জ ষ্টিফেন্‌সন আঠার বৎসরের সময় কয়লাখাতের কয়লা উঠাইবার কল চালাইতেন। প্রতি শনিবার কারখানার অপর লোকেরা যখন ছুটীর পর নানা স্থানে তামাসা দেখিতে যাইত, তখন একাকী সমস্ত কলটী টুকরা টুকরা করিয়া খুলিতেন, এবং তাহা পুনঃ সংযোজিত করিতেন। ক্রমে তিনি এইরূপে রেলওয়ে এঞ্জীন প্রস্তুত করিতে শিখিয়া গেলেন। আমাদের জেম্‌সেরও এই প্রকারে কৃষিকার্য্যে অতি অদ্ভুত প্রকারের ক্ষমতা জন্মিল।

জেম্‌স কৃষিকার্য্যে দিন দিন পরিপক্কতা লাভ করিতে লাগিল।

লেখা পড়াতে তাহার গভীর অনুরাগ ছিল। জননী এলীজার একান্ত অভিলাষ যে, জেম্‌সের লেখা পড়া শিক্ষার একটা ব্যবস্থা হয়, তাই তিনি একদিন জেম্‌সকে বলিলেন, জেম্‌স! আমি আশা করি, তোমাকে চিরকাল ক্ষেত্রে কৃষিকার্য্য করিতে হইবে না।

জেম্‌স বলিল, আমি যদি চাষ না করি, তাহা হইলে তোমার কি উপায় হইবে?

জননী বলিলেন, আমি তাহা ভাবিয়া উঠিতে পারি না। কোন দিন না কোন দিন যে তোমার লেখা পড়া শিখিবার একটা উপায় হইবে, আমার এমন আশা হয়। যদি কিছু লেখা পড়া শিখিতে পার, তাহা হইলে বড়ই উত্তম হয়। জানিবার বিষয় এত আছে যে, তাহার সীমা নাই।

জেম্‌স তখন হাসিয়া বলিল, আমিও তাই ভাবি। কৃষিকার্য্যে এত জানিবার বিষয় আছে যে, তাহা জানিয়া শেষ করা যায় না।

জননী বলিলেন, সত্য, কিন্তু আমার ইচ্ছা যে তুমি ভাষাতে পণ্ডিত হও। সময়ে সময়ে আমার এই ইচ্ছা এত বলবতী হয় যে, আমার স্পষ্ট বোধ হয়, আমাব ইচ্ছা ফলবতী হইবে।

জেম্‌স বলিল, আমার কিন্তু তেমন বোধ হয় না।

জননী জিজ্ঞাসা করিলেন, লেখা পড়া শিখিয়া পণ্ডিত হইতে তোমার ইচ্ছা হয় না কি?

জেম্‌স উত্তরে বলিল, কেন হইবে না—লেখা পড়া শিখিতে পাইলে আমি আর কিছুই চাই না, কিন্তু কেমন করিয়া তাহা হইবে?

জননী তখন বলিলেন, কেমন করিয়া হইবে তাহা আমি জানি না বলিয়াই ত আমার এত কষ্ট হয়—যদিও তাহা হওয়া কোন

মতেই উচিত নয়। যদি এই পথই তোমার পক্ষে শ্রেয়ঃ হয়, তাহা হইলে নিশ্চয়ই পরমেশ্বর পথ দেখাইয়া দিবেন। আমার এ বিষয়ে আর কোন চিন্তা না হওয়াই উচিত। কিন্তু তবু আমি যেন মধ্যে মধ্যে না ভাবিয়া থাকিতে পারি না।

জেম্‌স মনের সকল চিন্তা তাড়াইয়া দিয়া বলিল, যাক্‌ এখন সে সব হইবার নয়।

এইরূপে জেম্‌স জীবনের গন্তব্য পথে চালিত হইতে লাগিল। পরমেশ্বর তাহাকে কোন্‌ পথে লইয়া চলিতেছিলেন এলীজা তাহার কিছুই জানিতেন না। এলীজার অজ্ঞাতসারে জেম্‌স দিনদিন ভগবানের লীলায় জীবনের পথে অগ্রসর হইতে লাগিল। এলীজা নিজের অভিলষিত পথ বা উপায় অবলম্বন করিলে যেমন হইত, ভগবান্‌ তদপেক্ষা বহুল পরিমাণে উত্তম বিধান করিয়া দিতে লাগিলেন।

৬

সূত্রধর

দেখিতে দেখিতে সাত মাস চলিয়া গেল। টমাস এই সাত মাস কাল মিচিগান প্রদেশের অরণ্যে কাঠ কাটিয়া কিছু অর্থোপার্জ্জন করিল। টমাস যে উদ্দেশ্য লইয়া এখানে আসিয়াছিল, এখন তাহা সাধিত হইবার উপায় হইল। সে এই সাত মাসের মধ্যে ৭৫ ডলার, অর্থাৎ প্রায় দুই শত টাকা সঞ্চয় করিয়াছিল। এবারে গৃহে আসিয়া একখানি ভাল ঘর প্রস্তুত করিবে, মনে মনে কতই আনন্দ, কতই আশা! এই প্রকার সংকল্প করিয়া

টমাস কয়েক দিবসের মত মিচিগান হইতে বিদায় লইয়া স্বগৃহাভিমুখে যাত্রা করিল।

দিবা অবসান-প্রায়। জেম্‌স ক্ষেত্রের কার্য্য শেষ করিয়া ঘরে যাইবার জন্য উদ্যোগ করিতেছে, এমন সময় দূর হইতে টমাসকে দেখিতে পাইয়া,ঐ টম্! ঐ টম্! বলিয়া পাগলের মত উচ্চৈঃস্বরে চীৎকার করিয়া উঠিল। জননী এলীজা শশব্যস্তে কুটীর হইতে বাহির হইয়া দেখিলেন, জেম্‌স চীৎকার করিতে করিতে বাগানের ভিতর দিয়া বেগে দৌড়িয়া যাইতেছে। দেখিতে দেখিতে জেম্‌স গিয়া টমাসকে ধরিল। টমাসও আনন্দে অধীর হইয়া দ্রুত আগমন করিয়া কনিষ্ঠ ভ্রাতাকে প্রগাঢ় প্রেমের সহিত আলিঙ্গন করিল। আজ দুইটী হৃদয়ের মধ্য দিয়া এক অতুলনীয় আনন্দ ও প্রেমের বন্যা বহিয়া যাইতে লাগিল। টমাস আদর করিয়া বারম্বার জেম্‌সের মুখ-চুম্বন করিল। জেম্‌স ব্যাকুলচিত্তে কত কথা জিজ্ঞাসা করিতে আরম্ভ করিল। তাহার সকল কথা বুঝা গেল না; বোধ হয় যেন জেম্‌সের যদি আরও দশটা জিহ্বা থাকিত, তাহা হইলে আজ উভয় ভ্রাতার পক্ষে সুবিধা হইত!

যাহা হউক সকল কথা ছাড়িয়া এখন ঘরের কথা আরম্ভ হইল। জেম্‌স বলিল, আমাদের নূতন ঘর হইবে ত? টম্ বলিল, হাঁ হইবে বই কি? আমি সেই জন্যই আসিয়াছি। জেম্‌স আনন্দে অধীর হইয়া নৃত্য করিতে লাগিল। ক্রমে দুই সহোদরে কুটীরের নিকট আসিয়া উপস্থিত হইল।

জননী সম্মুখে দণ্ডায়মান। আজ তাঁহার মুখে কথা নাই। আজ যেন সমুদায় জগৎ ব্যাপিয়া মহা আনন্দের সাগর উথলিয়া উঠিতেছে! এলীজার অন্তরে আজ প্রবল প্রেমের স্রোত বহিয়া

যাইতেছে! অথচ তিনি স্থির ও নীরব! জেম্‌স দৌড়িয়া আসিয়া তাঁহাকে আলিঙ্গন করিয়া বলিল, মা! আমাদের এইবার ভাল ঘর হইবে! জননী এলীজার হৃদয় স্ফীত হইতে লাগিল। তিনি যেন প্রাণের আবেগ আর চাপিয়া রাখিতে পারেন না। তিনিও যেন জেম্‌সের মত উন্মত্ত হইয়া পড়েন, এইরূপ বোধ হইতে লাগিল। কিন্তু না—বহু যত্নে জননী আপনার আবেগ সম্বরণ করিলেন। তিনি টমাসকে আদর করিয়া বুকে চাপিয়া ধরিলেন; টমাসও মাতাকে আলিঙ্গন করিল। আজ এ অরণ্যে কি আনন্দ!

মেহেতাবেলের বয়স তেইশ বৎসর। টমাসের বয়সও প্রায় বাইশ বৎসর। মেহেতাবেল, টমাস ও জেম্‌স আজ সন্ধ্যার সময় কুটীরের ভিতর চারিদিকে জননীকে ঘিরিয়া বসিল। আজ আবার মহাসম্মিলনের সুখে সকলেই আনন্দিত হইল। সুখী পরিবার! সুখ রাজপ্রাসাদে নাই, সুখ পরিচ্ছদে নাই, সুখ রাজভোগে নাই। যেখানে সুখী হইবার জন্য নিয়ত চেষ্টা, নিয়ত আয়োজন; যেখানে কেবল হা সুখ! হা সুখ! এই শব্দ, সুখ তাহার ত্রিসীমা হইতে পলায়ন করে। আর যেখানে সুখের জন্য স্পৃহা নাই, সকল বিষয়েই ভগবানের প্রসাদের উপর নির্ভর, সেখানে সুখ আপনা হইতে আসিয়া থাকে। আজ তাই এই দরিদ্র কুটীরে সুখ সহস্র হস্ত প্রসারণ করিয়া জননী ও পুত্রকন্যা সকলকে এক সঙ্গে প্রগাঢ় আলিঙ্গনপাশে বদ্ধ করিল!

মিলনের প্রথম উচ্ছ্বাস একটু কমিয়া গেল। টমাস ৭৫টী স্বর্ণমুদ্রা মাতার হস্তে দিয়া বলিল, মা! এই অর্থ আনিয়াছি, তোমাকে একখানি ভাল ঘর করিয়া দিব।

জেম্‌স সোণার উজ্জ্বল মুদ্রাগুলি দেখিয়া অত্যন্ত বিস্মিত

হইয়া বলিল, দাদা! তুমি এই সব টাকা নিজে উপার্জ্জন করিয়াছ?

জেম্‌স আজ পর্য্যন্ত সোণার মুখ দেখে নাই। সেই জন্য প্রথমতঃ সোণার মোহর দেখিয়াই ত অবাক্,আবার যখন শুনিল যে, টমাস সেই সমস্ত অর্থ নিজ যত্নে উপার্জ্জন করিয়াছে, তখন তাহার বিস্ময়ের আর সীমা রহিল না। জেম্‌স কিয়ৎক্ষণ অবাক্ হইয়া টমাসের মুখের দিকে তাকাইয়া রহিল, তাহার পর উচ্চ শব্দ করিয়া সেই মুদ্রার পৃষ্ঠের লেখা পড়িতে আরম্ভ করিল। মিচিগানের জঙ্গলে এমন সুন্দর পদার্থ পাওয়া যায়, জেম্‌স তাহা স্বপ্নেও ভাবে নাই! জেম্‌সের আনন্দের সেও এক কারণ।

সকলেই কথা বলিতেছে, কিন্তু জননী এলীজা নীরব! জেম্‌স বলিল, মা! তুমি যে আজ অধিক কথা কহিতেছ না, কেন? আজ মাতার হৃদয়ের আবেগ কি বালক জেম্‌সের বুঝিবার সাধ্য আছে? অকালে স্বামী পরলোকে গমন করিয়াছিলেন। তিনি এই তিনটী "শিশু বৃক্ষ" অতি কষ্টে মানুষ করিয়াছেন। আজ তাহারই একটী, শরীরের রক্ত জল করিয়া অর্থোপার্জ্জন করিয়া আনিয়াছে। আজ কি তাঁহার সুখের সীমা আছে? আজ তাঁহার হৃদয় হইতে নীরবে শত কণ্ঠে ঈশ্বরের নিকট কৃতজ্ঞতা ধ্বনি উত্থিত হইতেছে। আজ তাঁহার অন্তরে ঘোর কোলাহল হইতেছে! কিন্তু জিহ্বা নিশ্চল। প্রস্তর পুত্তলিকার ন্যায় এলীজা নীরব হইয়া রহিলেন; সমস্ত অভিধানও আজ তাঁহার হৃদয়ের কথা প্রকাশ করিতে পারে না। তাই আজ তিনি নীরব। মাতা মনে করিয়াছিলেন, বাহিরে কিছুই প্রকাশ করিবেন না—কিন্তু জেম্‌সের কথায় তাঁহার সে সংকল্প রহিল

না। তাঁহার চক্ষু দিয়া অবিরলধারায় অশ্রু নির্গত হইতে লাগিল। আজ গারফীল্ড কুটীরে উৎসব। ক্রমে জননী একটু শান্ত হইলেন। ধীরে ধীরে টমাসকে সকল কথা জিজ্ঞাসা করিতে লাগিলেন। টমাস বলিল, মা! সেখানে এখনও অনেক কার্য্য আছে। আমি ঘরখানি প্রস্তুত করিয়া দিয়াই চলিয়া যাইব—অধিক বিলম্ব করিতে পারিব না।

ট্রীট নামক একজন সূত্রধর এখানে বাস করিতেছিলেন। টমাস তার পর দিন ট্রীট সাহেবের নিকট গিয়া সমস্ত ঠিক্ করিয়া আসিল। শীঘ্রই যাহাতে কার্য্য আরম্ভ হয়, টমাস ও জেম্‌স উভয়েই সেই জন্য বিশেষ চেষ্টা করিতে লাগিল।

এবারে আর কাষ্ঠখণ্ডের মধ্যে মধ্যে কর্দ্দম দেওয়া হইবে না। বালি, ইট প্রভৃতি দ্রব্য সংগ্রহ করা হইল, কেননা এবারে উত্তম পাকা রকমের গৃহ প্রস্তুত হইবে। ক্রমে সমুদয় আয়োজন হইয়া গেলে পর ট্রীট সাহেব আগমন করিলেন। জেম্‌স পূর্ব্ব হইতে এই গৃহ নির্ম্মাণ কার্য্যে উৎসাহ প্রকাশ করিতেছিল। জেমস পৃষ্ঠে করিয়া বালি আনিয়া রাশীকৃত করিয়াছিল; এবং চাষের কার্য্য করিয়া যে সময় টুকু বাঁচিত, তাহাতে গৃহনির্ম্মাণ কার্য্যে যতটুকু পারিত টমাসের সহায়তা করিত।

জেম্‌সের সহিত ট্রীট সাহেবের অত্যন্ত ভালবাসা জন্মিয়া গেল। ট্রীট সাহেবের ব্যবসায় জেম্‌সের অতি ভাল লাগিল। জেম্‌সের কার্য্য করিতে নিতান্ত ইচ্ছা দেখিয়া ট্রীট তাহাকে মুদ্গর ও বাটালি দিয়া বলিলেন, জেম্‌স! তোমার যদি কার্য্য করিতে এতই ইচ্ছা, তবে আমি যেমন করিয়া কাঠ খিলান করিতেছি, তুমিও এইরূপ কর দেখি। জেমস মহা আনন্দে ও উৎসাহে কাষ্ঠ

গুলি সকল সংযোজিত করিতে আরম্ভ করিল, এবং একটী খিলান অতি অল্প সময়ের মধ্যে প্রস্তুত করিয়া টীট্‌কে দিল। খিলানটী অতি উত্তম হইয়াছিল। টীট্ অত্যন্ত সন্তুষ্ট হইয়া জেম্‌সকে আরও খিলান করিতে বলিলেন। জেম্‌স আরও খিলান করিতে লাগিল, কিন্তু সে সুস্থির হইয়া অধিকক্ষণ কার্য্য করিতে পারিল না। কেননা তাহাকে ক্রমাগতই 'এটা আন,' 'ওটা আন,' 'এটা কর,' 'ওটা কর,' এইরূপ আদেশ করা হইতেছিল। এই কারণে জেম্‌সের কার্য্য অধিক অগ্রসর হইল না; কিন্তু জেম্‌স এই সময়ের মধ্যে সূত্রধরের কার্য্যে একটু আস্বাদন অনুভব করিতে লাগিল। যে কয়দিন টীট্ জেম্‌সের বাড়ীতে কার্য্য করিল, সে কয়দিনের মধ্যে জেম্‌স অনেক বিষয় শিখিয়া লইল। তক্তা রেঁদা করা, প্রেক বসান ইত্যাদি কার্য্য বেশ সুন্দররূপে শিক্ষা করিল।

এলীজার নূতন গৃহ প্রস্তুত হইল—প্রতিবেশিগণ সকলেই অত্যন্ত প্রীত হইলেন। পুরাতন গৃহখানিতে কুক্কুটের বাসা দেওয়া হইল। টমাস মাকে নূতন গৃহ নির্ম্মাণ করিয়া দিয়া মনের আনন্দে আবার মিচিগান গমন করিল।

টমাসের দেখাদেখি এবারে জেম্‌সেরও অর্থোপার্জ্জনের বাসনা হইল। জেম্‌স জননীকে নিজ বাসনা জ্ঞাপন করিল। জননী বলিলেন, তোমার নিজের চাষের কার্য্য করিয়া কি আর সময় পাইবে যে, তুমি অপরের কার্য্য করিয়া পয়সা আনিতে চাও?

জেম্‌স জানিয়াছিল, টীট্ সাহেবের নিকট সূত্রধরের কার্য্য করিয়া পয়সা পাওয়া যাইতে পারে; তাই সে বলিল, মা! ক্ষেত্রের কার্য্য ফেলিয়া যাইব না—যখন চাষের কার্য্য অধিক না

থাকিবে, তখন একটু পরিশ্রম করিয়া যদি কিছু অর্থ আনিতে পারি, তাহার চেষ্টা করা কি ভাল নয়?

এলীজা পুত্রের সংকল্পে কোন আপত্তি উত্থাপিত না করিয়া বলিলেন,"চেষ্টা করিয়া দেখায় আমার আপত্তি নাই। যদি নিজের কার্য্যের ক্ষতি না করিয়া অপরের কার্য্য করিয়া কিছু পাও, তাহা উত্তম। কিন্তু কে তোমাকে কার্য্য দিবে?

জেম্স বলিল, আমি ট্রীট সাহেবের কাছে একবার যাই। এই বলিয়া জেম্স ট্রীট সাহেবের নিকট গমন করিল। মাতার নিকট বিদায় লইয়া এক ঘণ্টাকালের মধ্যে জেম্স উক্ত সূত্রধরের নিকট গিয়া উপস্থিত হইল।

ট্রীটসাহেব অতিশয় সবল, অমায়িক, বিজ্ঞ ও শ্রমশীল লোক ছিলেন। তিনি যখন এলীজার গৃহনির্ম্মাণ করেন, তখন জেম্সের ভাব গতি দেখিয়া তাহার প্রতি অত্যন্ত স্নেহ প্রদর্শন করেন। ট্রীট সেই সময় অতি যত্নের সহিত জেম্সকে কোন কোন কার্য্য শিক্ষা দেন,এবং কার্য্যের ভিতর দিয়া তাহাকে নানা বিষয়ে উপদেশ প্রদান করেন। এই জন্য তাঁহার প্রতি জেম্সের বিলক্ষণ অনুরাগ জন্মিয়াছিল। জেম্স আজ সেই জন্যই কার্য্যের অনুসন্ধানে তাঁহার নিকট উপস্থিত হইল। বৃদ্ধ ট্রীটও জেম্সকে ভাল বাসিতেন, তাই আজ তাহাকে দেখিবামাত্র, তিনি বলিয়া উঠিলেন, কি হে জেম্স যে! তোমার মা কেমন আছেন? তারপর জেম্স যে জন্য তাঁহার নিকট গিয়াছিল, তাহা শুনিয়া ট্রীট বলিলেন, তোমার বুঝি এখন চাষের কার্য্য অধিক নাই? আচ্ছা, সে অতি ভাল কথা। ছেলেরা অলস না থাকিয়া এইরূপে মার দুঃখ দূর করিলে আমার অত্যন্ত আনন্দ হয়। তুমি কাল্‌ই

ভাবিয়াছ। তোমার মত শ্রমশীল বালক আর কোথায়ও দেখি নাই ; আমি তোমাকে কার্য্য দিব।

জেম্‌স তখন কার্য্যের কথা জিজ্ঞাসা করিলে ট্রীট বলিলেন, ঐ দেখ এক রাশি তক্তা। ঐগুলি সমস্ত রেঁদা করিতে হইবে—এক শত তক্তা রেঁদা করিলে ২৷৷৹ টাকা পাইবে। জেম্‌সের আনন্দের আর সীমা রহিল না। জেম্‌সের যে প্রকার উৎসাহ, তাহাতে তাহার ইচ্ছা সে একদিনে এক শত তক্তা রেঁদা করিয়া ফেলে। কিন্তু ট্রীট পাছে অত শীঘ্র শীঘ্র কার্য্য না করাইয়া লইয়া তাহাকে অধিক দিন কার্য্যে নিযুক্ত রাখেন, এবং অধিক টাকা দিতে না চান, সেই জন্য জেম্‌স পারিশ্রমিকের কথা তুলিয়া বলিল, দেখুন আপনি আমাকে কি অল্প কার্য্যে অধিক সময় নিযুক্ত রাখিতে চান? ট্রীট জেম্‌সের মনের ভাব বুঝিতে পারিয়া বলিলেন, না, তুমি যত শীঘ্র এবং যে পরিমাণ কার্য্য করিবে, আমি তোমাকে সেই পরিমাণে টাকা দিব। টাকা প্রস্তুত আছে—তুমি কার্য্য করিলেই টাকা পাইবে, তাহাতে আমার কোন আপত্তি নাই। এইরূপ কথা বার্ত্তা স্থির হইয়া গেলে পর, জেম্‌স যার পর নাই প্রীত হইয়া গৃহে ফিরিল। কল্য নিজে পরিশ্রম করিয়া অর্থ উপার্জ্জন করিবে, এই ভাবিয়াই জেম্‌স আনন্দে অধীর হইল!

জেম্‌স অল্পকালের মধ্যেই গৃহে আসিয়া মাতাকে এই সংবাদ দিল। জেম্‌স স্বয়ং চেষ্টা করিয়া অর্থোপার্জ্জনের পথ বাহির করিতে পারিল দেখিয়া, জননী অতিশয় আহ্লাদিত হইলেন; এবং বলিলেন, আমি জানি ট্রীট তোমার অতি প্রিয়বন্ধু। তিনি তোমাকে সাহায্য করিতে পারিলে বড়ই সুখী হন। কিন্তু কার্য্যে

প্রবৃত্ত হইবার পূর্ব্বে তোমাকে আমার কিছু বলিবার আছে। তোমার যে প্রকার উৎসাহ,তাহাতে বোধ হইতেছে তুমি অত্যন্ত পরিশ্রম করিবে। সূত্রধরের কার্য্য কখনও অধিক কর নাই, কাল প্রথম কার্য্য করিতে গিয়া উৎসাহে পড়িয়া একবারে যদি অনেক কায করিয়া ফেল, তাহা হইলে তোমার শরীরের অনিষ্ট হইবে। বিশেষতঃ তোমার পক্ষে এ বয়সে তক্তা বেঁদা করা বড় কঠিন কার্য্য। এ প্রকার কার্য্যে তুমি দুই ঘণ্টার অধিক পরিশ্রম করিও না। আমার বোধ হয়, ট্রীট সাহেবও এ বিষয়ে আমার সঙ্গে এক মত হইবেন।

জেম্‌স স্বহস্তে পরিশ্রম করিয়া অর্থোপার্জ্জন করিবে, উৎসাহে তাহার অন্তর স্ফীত হইতেছিল, সে কি ও কথা শুনিতে পারে? জেমস বলিল, না মা, আমি প্রতিদিন ছয় ঘণ্টার কম পরিশ্রম করিব না। আমি যদি দুই ঘণ্টার পরিশ্রমে ক্লান্ত হইয়া শিশুটীর মত ঘরে চলিয়া আসি, তাহা হইলে বড়ই লজ্জার কথা! আর ট্রীট সাহেবই বা তাহা হইলে কি বলিবেন?

মাতা জানিতেন,জেম্‌সের অন্তর যে প্রকার উচ্চ আকাঙ্ক্ষায় পরিপূর্ণ, তাহাকে যদি অধিক পরিশ্রম করিতে নিষেধ করা না হয়, তাহা হইলে সে হয়ত আপনার শরীরের অনিষ্ট সাধন করিবে। এই জন্য তিনি আবার নিষেধ করিয়া বলিলেন, না বাছা! তুমি বুঝিতেছ না; অপরিমিত শ্রম করিলে তোমার শরীরের অনিষ্ট হইবে।

কিন্তু জেম্‌স উৎসাহে অন্ধ হইয়া গিয়াছিল। মাতার অনুরোধ এ ক্ষেত্রে তাহার হৃদয়ে স্থান পাইল না। সে বলিল, না মা! তাহা হইবে না। কাল যদি দুই ঘণ্টার মধ্যে ক্লান্ত

ফিরিয়া আসি, তাহা হইলে জানিও হয় আমার হাত ভাঙ্গিয়াছে, না হয় কার্য্য শেষ হইয়াছে। এই কথা বলিবার পর মাতা তাহাকে আর কোন কথা বলিলেন না।

পর দিন প্রাতে জেম্‌স ট্রাট সাহেবের কারখানায় সূত্রধরের কার্য্য করিবার জন্য গমন করিল। পায়ে জুতা নাই। পরিধানে অতি জীর্ণ ও মলিন একটী পাজামা, গায়ে একটী জামা ও একটী কোট। আমাদের দুঃখী বালক জেম্‌স এমনই সামান্য পরিচ্ছদে সূত্রধরের কার্য্য করিতে যাইতেছিল, যে এই প্রকার দুর্দ্দশাপন্ন ইংরাজ সন্তান যে কালে সভ্য-জনাগ্রগণ্য আমেরিকার যুক্তরাজ্যের সর্ব্বশ্রেষ্ঠপদে উন্নীত হইবে, একথা তখনও কেহ জানিত না। জেম্‌স আজ এই প্রকার হীন-দশাগ্রস্ত হইলেও সে প্রফুল্ল মনে দৃঢ় সংকল্পের সহিত তক্তা রেঁদা করিবার জন্য ট্রাট সাহেবের নিকট উপস্থিত হইল। সাধু ট্রাট জেম্‌সকে অতি প্রত্যুষে আসিতে দেখিয়া অত্যন্ত আহ্লাদিত হইলেন। তারপর তাহার হাতে একখানি রেঁদা দিলেন। জেম্‌স কোট খুলিয়া জামা গুটাইয়া তক্তা রেঁদা করিতে আরম্ভ করিল। এক একখানি তক্তা ৮ হাত দীর্ঘ। বালক জেম্‌স রেঁদা ধরিয়া ভীমবলে সেই সকল তক্তা পরিষ্কার করিতে লাগিল। সূর্য্য অস্ত যাইতে না যাইতে জেম্‌স রেঁদা রাখিয়া দিয়া ট্রাট সাহেবকে বলিল, গণনা করুন, আমার একশত খানি তক্তা রেঁদা করা হইয়াছে। আমার সংকল্প রক্ষা হইয়াছে।

বৃদ্ধ ট্রাট অবাক্ হইয়া গেলেন! জেম্‌সের মত ক্ষুদ্র একটী বালক এত শীঘ্র একজন সবল ও সুস্থকায় পুরুষের অপেক্ষাও যে অধিক কার্য্য করিতে পারিবে, ইহা তিনি ধারণা করিতে পারি-

লেন না। এই জন্য প্রথমতঃ তাঁহার মনে একটু সন্দেহ হইল। কিন্তু যখন তিনি গণনা করিয়া দেখিলেন, তখন তাঁহার মনে আর সন্দেহ রহিল না। তিনি বালকের উৎসাহ ও উদ্যম দেখিয়া আরও প্রীত হইলেন। কিন্তু জেমস পাছে উৎসাহে পড়িয়া, এই প্রকার গুরুতর শ্রম দ্বারা শরীর নষ্ট করিয়া ফেলে, সেই জন্য পর দিবস হইতে তাহাকে অদ্ধেক কার্য্য করিতে বলিলেন। তার পর এক একটী করিয়া তাহার হাতে সমস্ত পয়সাগুলি গণিয়া দিলেন। জেম্‌স আনন্দে নাচিতে নাচিতে গৃহে ফিরিয়া আসিয়া জননী এলীজাকে স্বোপার্জ্জিত অর্থ প্রদান করিল। জননী পূর্ব্ববৎ সাতিশয় আনন্দিত হইয়া জেমসের আনন্দপূর্ণ মুখখানি ঘন ঘন চুম্বন করিতে লাগিলেন। জননীও ট্রীট সাহেবের উপদেশ অনুসারে চলিবার জন্য জেমসকে অনুরোধ করিলেন, এবং তাহাকে বক্ষে ধরিয়া আদর করিতে লাগিলেন।

৭

শস্যাগার

আবার শীতকাল আসিল, চাষের কার্য্য শেষ হইল। মাঠের শস্য সংগ্রহ করিয়া সকলেই গৃহে আসিল। চাষার ছেলেদের জন্য আবার পাঠশালা বসিল। জেম্‌স আবার কয়েক মাস লেখা পড়া করিবার সুবিধা পাইল। অবশেষে পাঠশালায় যাইবার পর একদিন ট্রীট সাহেব আসিয়া জননী এলীজাকে বলিলেন, আমি জেম্‌সের সন্ধানে আসিয়াছি। বইণ্টন সাহেবের একটী গোলা করিয়া দিতে হইবে, আমার সঙ্গে জেম্‌স কার্য্য করিতে পারে কি ? এখনও ত আপনার ক্ষেত্রে চাষের কার্য্য আরম্ভ হয় নাই।

জননী বলিলেন,একার্য্য তার বিশেষ তৃপ্তিকর হইবে, কেননা সে চাষের কার্য্য অপেক্ষা আপনার কার্য্য অধিক ভালবাসে।

এই সময় জেম্‌স আসিয়া তথায় উপস্থিত হইল। তখন টী্‌ট সাহেব বলিলেন, ওহে জেম্‌স! আমি তোমারই অনুসন্ধানে আসিয়াছি।

জেম্‌স জিজ্ঞাসা করিলেন, কি জন্য? উত্তর—আর একটা কার্য্য পাইয়াছি।

জেম্‌স—তক্তা রেঁদা করা, না তাব অপেক্ষা ভাল কায?
—নূতন কায! বইণ্টনের একটা গোলা তৈয়ার করিতে হইবে।

জেম্‌স আনন্দে বলিল, উত্তম, আমি এবারে একটা নূতন কার্য্য শিখিতে পারিব। আপনি আমাকে কবে চাহেন?—যদি পার কালঅবধিই কার্য্যে প্রবৃত্ত হও।—আচ্ছা, তবে তাহাই হইবে। টী্‌ট সাহেব বলিলেন,আমার কারখানায় আরও যে কার্য্য আছে, সব লইয়া আমি তোমাকে চাষ আবন্ত না হওয়া পর্য্যন্ত কার্য্য দিতে পারিব। আমার পক্ষে অত্যন্ত সুবিধা হইবে।—এবারে কি দিনের হিসাবে কার্য্য কবিতে হইবে? টী্‌ট সাহেব তাহাতে বলি-লেন, তোমার ইচ্ছা হইলে দিনের হিসাবেই ভাল। আপাততঃ প্রত্যহ এক টাকা করিয়া দিব—আর যেমন যেমন ভালরূপ কার্য্য শিখিবে, আমি তেমনি অধিক বেতন দিব। জেম্‌স বলিল, আমি তাহাতে সম্মত আছি। কল্য প্রত্যূষে আপনার নিকট যাইব।

বৃদ্ধ টী্‌ট সাহেব এই কথাবার্ত্তার পর চলিয়া গেলেন। জননী এলীজা যার পরনাই প্রীত হইলেন। জেম্‌স বলিল, মা! চেষ্টার অসাধ্য কিছুই নাই। আমাদের যখন গৃহ হয়, তখন টী্‌ট সাহেব আমাকে একদিন প্রেক আঁটিতে দিলেন। আমি ঠিক্ প্রেকের

উপর প্রথম হাতুড়ীর ঘা মারিতে পারিলাম না বলিয়া তিনি হাসিয়া বলিয়াছিলেন, জেম্‌স! দেখ, এবারে যেন ঠিক্ হয়; তার পর হইতেই আমি ঠিক্ ঠাক্ ঘা মারিতে লাগিলাম—অনেক প্রেক আঁটিয়া ফেলিলাম।

জননী বলিলেন দেখ দেখি, আমি তোমাকে ত তাহাই বার বার বলি, চেষ্টার অসাধ্য কায নাই। তুমি যদি প্রথম কার্য্যটী ভালরূপে করিতে না পারিতে, তাহা হইলে ট্রাট সাহেব তোমাকে আজ এমন করিয়া ডাকিয়া কার্য্য দিতেন না। আমার সেই জন্য একই উপদেশ, যখন যে কার্য্য হাতে পড়ে, তাহাই অতি উত্তমরূপে সম্পন্ন করিতে চেষ্টা করিবে। তোমার স্বর্গীয় পিতা বলিতেন, 'যে কার্য্য করিতে প্রবৃত্ত হইয়াছ, তাহা ভাল করিয়াই করিবে।' যে কোন বিষয় জানিবে, তাহা অতি উত্তমরূপেই জানা চাই।

পরদিন প্রাতে জেম্‌স ট্রাট সাহেবের নিকট উপস্থিত হইল। ট্রাট সাহেব তাহাকে লইয়া কার্য্যে প্রবৃত্ত হইলেন। জেম্‌স উত্তমরূপ কার্য্য শিখিতে লাগিল। কেমন করিয়া গোলা করিতে হয়, জেম্‌স নক্সা করিয়া বুঝিয়া লইতে লাগিল।

আমাদের অনেকের মনেই কেমন একটা সংস্কার আছে যে, পুস্তক পাঠ করিয়া, উপাধি লাভ না করিলে মানুষ হওয়া যায় না। যাহারা শারীরিক পরিশ্রম করিয়া সমাজের অত্যাবশ্যক কার্য্যসকল সম্পন্ন করিতেছে, তাহাদের কার্য্যের যে মূল্য আছে; তাহাদের জীবন যে সাধু হইতে পারে; তাহাদের জীবনের যে মূল্য আছে, ইহা আমরা অধিকাংশ সময় ভাবিয়া উঠিতে পারি না। অনেকে বহু লেখা পড়া শিক্ষা করিয়া, বহু নীতিশাস্ত্র অধ্যয়ন করিয়াও কপটের শিরোমণি হইয়া মূর্খাধমের ন্যায়

বিদ্যার মহিমা নষ্ট করেন। অল্লাধিক পরিমাণে সর্ব্বত্রই এইরূপ দৃষ্টান্ত দেখিতে পাওয়া যায়।

আমরা যে টীট সাহেবের উল্লেখ করিতেছি, ইনি সূত্রধরের কার্য্য করিতেন বটে, কিন্তু ইনি অত্যন্ত প্রবীণ ও বিজ্ঞ লোক ছিলেন। ইহাঁর সঙ্গে জেম্স যখন কার্য্য করিত,তখন নানা বিষয়ের কথা হইত। এই সকল কথার মধ্য দিয়া জেম্স নানা প্রকার প্রয়োজনীয় উপদেশ লাভ করিত। কেমন কবিয়া জীবনে উন্নতি সাধন কবিতে হয়, কেমন কবিয়া অধ্যবসাযের সহিত কার্য্য করিয়া মানুষ জীবনে উন্নতি লাভ কবিতে পাবে ; কোন্ কার্য্যে কেমন শৃঙ্খলা আবশ্যক, কোন্ কার্য্যেব কোন্ সময় উপযুক্ত, ইত্যাদি বিষয়ে টীট সাহেব এমন সুন্দবভাবে জেম্সকে উপদেশ প্রদান করিতেন যে,তাঁহার সহিত একত্র কার্য্য করিয়া জেম্সেব প্রভূত কল্যাণ হইতে লাগিল। এইরূপে জেম্স এক মাসেব অধিক কাল তাঁহার সহিত কায্য কবিয়া, প্রায় ১৫০ শত টাকা উপার্জ্জন কবিল, জেম্সের হাতে টাকা গণিযা দিবার সময় বৃদ্ধ টীট বলিলেন, ইহার প্রত্যেক কপর্দ্দক তুমি আপন শরীর খাটাইয়া অর্জ্জন করিয়াছ।

জেম্স বিগত শীত ঋতুতে অনেকটা লেখা পড়া শিখিয়াছিল। সে ক্রমে অঙ্ক শিখিতে সমর্থ হইল। এখানে তাহার মত কেহই অঙ্ক জানিত না ; এমন কি সময়ে সময়ে শিক্ষক মহাশয় পর্য্যন্ত তাহার নিকট এ বিষয়ে হার মানিতেন। ফলতঃ জেম্সের খুব সুযশ বাহির হইল। রাত্রিতে এলীজার গৃহে প্রবেশ কর দেখিতে পাইবে, জেম্স আগুনের কাছে গৃহতলে শয়ন করিয়া আছে; আগুনের আলোক আসিয়া তাহার পুস্তকে পড়িতেছে এবং

বালক জেম্‌স নিমগ্নচিত্তে গণিত-শাস্ত্র পাঠ করিতেছে। এইরূপে কয়েক সপ্তাহ ধরিয়া গণিত গ্রন্থ পাঠ করিয়া জেম্‌স এমন উত্তম পাটীগণিত শিক্ষা করিল যে, এখন সে সকলকে তাহা উত্তমরূপে শিক্ষা দিতে পারিত। যে সকল লোক এই সকল স্থানে পাঠশালা করিয়া শিক্ষকতা করিতেন, তাঁহারা কেহই জেম্‌সের মত পাটীগণিত জানিতেন না। সুতরাং জেম্‌স পাটীগণিতে শিক্ষককে অতিক্রম করিয়া চলিল।

এই সময়ে 'রবিন্‌সন্ ক্রুসো' নামক গ্রন্থ তাহার হস্তগত হয়। এই পুস্তকে যে সকল অদ্ভুত ও আশ্চর্য্য বিষয়ের বর্ণনা আছে, জেম্‌স তাহা পাঠ করিয়া একবারে মুগ্ধ হইয়া গেল, এবং মাতাকে বলিতে লাগিল, মা! এই পুস্তকখানি আমার এমন ভাল লাগিয়াছে যে, ইহা বার বার পড়িতে ইচ্ছা হয়। আমি যদি উপরি উপরি দশবার ইহা পাঠ করি, তাহা হইলেও আমার তৃপ্তি হইবে না। বড়ই পরিতাপের বিষয় যে, আমি এতদিন এমন পুস্তক পাই নাই। এই পুস্তক পাঠ করিয়া অবধি জেম্‌সের বই পড়িবার ঝোঁক বাড়িয়া গেল! সে এখন হইতে লোকের নিকট গিয়া পুস্তক চাহিয়া আনিয়া পাঠ করিতে আরম্ভ করিল। পর বৎসর সেখানে যখন আবার শীতকালে পাঠশালা খোলা হইল, তখন জেম্‌স খুব উৎসাহের সহিত লেখা পড়া করিতে লাগিল।

ক্রমে শীতকাল চলিয়া গেল; পাঠশালা উঠিয়া গেল। গ্রীষ্মকাল উপস্থিত হইল। আমরা বালক জেম্‌সের জীবনের এই সময়ের দুইটী ঘটনার কথা বলিব; তাহাতে বুঝা যাইবে, মাতার উপদেশে জেম্‌স কেমন সুন্দররূপে গঠিত হইতেছিল।

একদিন রবিবারে জেম্‌সের জনৈক সখা তাহাকে সঙ্গে করিয়া দূরবস্থ ও পরিচিত কোন বন্ধুর সহিত সাক্ষাৎ করিতে যাইবার জন্য অনুরোধ করিল। জেম্‌স রবিবার বলিয়া তাহাতে স্বীকৃত হইল না। সহচর বলিল, অন্য বারে তুমি কার্য্য করিবে, আর রবিবারে ধর্ম্ম করিবে, তবে ত তথায় যাওয়াই হয় না। জেম্‌স বলিল, তা আমি কি করিব? মার আদেশ, রবিবার পবিত্র দিবস, এই দিনে ঈশ্বরের মহিমা কীর্ত্তন করিতে হয়। অন্য কার্য্যে লিপ্ত হইয়া এ দিনেব গাম্ভীর্য্য ও পবিত্রতা বিনাশ করিতে নাই; আমি যদিও এ মত পোষণ করি না, তবু মাতার আদেশ লঙ্ঘন করিতে পারি না। সঙ্গী পরাস্ত হইয়া গেল, জেম্‌সের নিকট সে যে জাল বিস্তার করিয়াছিল, তাহা গুটাইয়া লইল।

আমরা ইহা দ্বারা বেশ বুঝিতেছি, জেম্‌সের অন্তরে মাতার উপদেশ কেমন বদ্ধমূল হইয়াছিল! আমরা দেখিতে পাই পাঠশালা ও বিদ্যালয়ের ছাত্রগণ কুসঙ্গে পড়িয়া, কু সহচরের কুহকে পড়িয়া অনেক সময় চিরদিনের মত আপন চরিত্রকে কলুষিত করিয়া ফেলে। কিন্তু যে সমস্ত বালক মাতা, শিক্ষক প্রভৃতি গুরুজনের উপদেশের অনুগত হইয়া চলে, তাহারাই মানুষ হয়।

অন্য দিনের ঘটনাটী দ্বারা বিলক্ষণ বুঝা যায়, ইতর জন্তুর প্রতি জেম্‌সের কতদূর দয়া ছিল। জেম্‌সের অতি প্রিয় একটী বৃদ্ধ বিড়াল ছিল। জেম্‌সের প্রতি বিড়ালটীর অত্যন্ত ভালবাসা ছিল। জেম্‌স একদিন বাগানে কায করিতেছে, সহচর বিড়াল তাহার চারিদিকে ছুটিয়া ছুটিয়া খেলা করিতেছে। পূর্ব্বে যে সঙ্গীর উল্লেখ করা হইয়াছে, উক্ত সঙ্গীটী আসিয়া অনর্থক বিড়াল-

টীকে আঘাত করিতে লাগিল। জেম্‌সের তাহা সহ্য হইল না। বরং জেম্‌স নিজে আঘাত সহ্য করিতে পারে, কিন্তু তাহার বিড়ালের গায়ে কেহ আঘাত করিবে জেম্‌সের তাহা সহ্য হয় না। বিঁড়ালের গায়ে আঘাত করাতে যেন জেম্‌সের গায়েই আঘাত লাগিল; তাই জেম্‌স বলিল, তোমার অত্যন্ত অন্যায় হইয়াছে—অত্যন্ত নিষ্ঠুরের মত কার্য্য করিয়াছ। সঙ্গী হাসিয়া বলিল, বিড়াল বইত নয়?

জেম্‌স বিরক্ত হইয়া বলিল, নিষ্ঠুর না হইলে কেহ বিড়াল প্রভৃতি ক্ষুদ্র প্রাণীকে মারে না। সঙ্গীটী লজ্জিত হইয়া বলিল, আমি জানিতাম না যে, ওটী তোমার বিড়াল।

জেম্‌স বলিল, আমার বলিয়া কিছু আসে যায় না—বিড়াল হইলেই হইল—যাহারই হউক না কেন, একটী জীব ত বটে! অকারণ কেন তাহাকে প্রহার করিবে? আমার বিড়াল বলিয়া কিছু কথা হইতেছে না। অনর্থক একটী জীবকে কষ্ট দেওয়া আমি দেখিতে পারি না।

সঙ্গী বলিল, আমি ত তাহাকে মারি নাই, কেবল ভয় দেখাইয়াছিলাম—তার গায়ে লাগে নাই। ওকথা ছাড়িয়া দাও, একটা বিড়ালের কথা অত ধরিতে নাই।

জেম্‌স আবার তিরস্কার করিয়া বলিল, উত্তম কথা! তোমার যুক্তিমতে কোন জীবকেই ত অকারণ প্রহার করায় আপত্তি হইতে পারে না। একটা কুকুরকে মারিয়া বলিতে পার, ওটা একটা কুকুর বই ত নয়। একটা ঘোড়াকে—একটা গরুকে মারিয়াও ত ঐ কথা বলিতে পার। আমি কখনও অমন করিয়া কোন জন্তুকে কষ্ট দিই না।

সঙ্গী বিদ্রূপ করিয়া বলিল, তোমার অন্তর বড়ই কোমল। তাই তুমি কষ্ট দাও না, এরূপ করিলে কোন্ দিন একটা ইন্দুর আসিয়া তোমার দাড়ির উপর নাচিবে, কেননা তুমি ত তাহাকে কিছুই বলিবে না।

জেম্‌স বলিল, তোমার উপহাস আমার ভাল লাগে না। তুমি যে অত্যন্ত অন্যায় কার্য্য করিয়াছ, তাহা বিশেষরূপে উপলব্ধি করিয়া তোমার লজ্জিত হওয়া উচিত।

জেম্‌সের এই প্রকার আচরণে ও ভর্ৎসনায় সঙ্গীর মনে হইল, বাস্তবিকই সে অন্যায় কার্য্য করিয়াছে। জেম্‌সের অন্তর এ সকল বিষয়ে এমনই কোমল ছিল যে, কি মানুষ, কি ইতর প্রাণী কোন জীবকেই অনর্থক ক্লেশ দিতে তাহার প্রবৃত্তি হইত না।

জেম্‌সের সঙ্গে একটী বালক অধ্যয়ন করিত। ইহা তাহার পর জীবনের কথা। বালকটী পিতৃহীন। তাহার সঙ্গে তাহার ভাই অথবা বিশেষ যত্ন করিবার কেহই ছিল না। বালকটী এই প্রকার অসহায় অবস্থায় বিদ্যালয়ে বাস করিত। আর আর দুর্ব্বৃত্ত বালকেরা তাহাকে বিদ্রূপাদি দ্বারা বড়ই বিরক্ত করিত। জেম্‌সের কোমল প্রাণে ইহাতে বড়ই ব্যাথা লাগিল। সে উক্ত বালকের ভ্রাতৃস্থানীয় হইয়া সকলকে বলিয়া দিল যে, ঐ অসহায় বালককে বিরক্ত না করিয়া, যাহা কিছু তামাসা করিতে হয় বা আমোদ করিতে হয়, তাহারা যেন তাহাকে লইয়াই করে। এই কথা শুনিবামাত্র সকল বালক তাহাকে ছাড়িয়া জেম্‌সকে লইয়া অত্যন্ত কৌতুক করিতে লাগিল। জেম্‌সের উপর, উপদ্রব হইতে লাগিল। জেম্‌স বলিলেন,

তোমরা যত পার, আমাকে বিরক্ত কব, তথাপি উহাকে বিরক্ত করিও না, আমি তোমাদের সমস্ত অত্যাচার সহাস্য বদনে সহ্য করিতে পারিব।

জেম্সের আচরণে সকলেই ক্রমে লজ্জিত হইয়া শান্ত ভাব ধারণ করিল। তখন হইতে আর কেহ সে বালককে বিরক্ত করিত না।

দেখিতে দেখিতে আবার শীতকাল আসিল, ক্ষেত্রের কার্য্য শেষ হইল। সময় বুঝিযা আবার টী্ট সাহেব আসিয়া জেম্সকে বলিলেন, জেম্স! আবাব একটী গোলাঘর প্রস্তত করিতে হইবে, আমার সঙ্গে যাইবে কি? জেম্স অত্যন্ত আনন্দের সহিত গোলাঘর নির্ম্মাণে প্রবৃত্ত হইল। এবাবে জেম্স পূর্ব্বাপেক্ষা অধিক বেতন পাইতে লাগিল।

জেম্সেব বয়স এখন চৌদ্দ বৎসর। চৌদ্দ বৎসরের বালক জেম্স অতি বলিষ্ঠ,দীর্ঘকায় এবং শক্ত সমর্থ একজন যুবা পুরুষের মত হইয়া উঠিল। জেম্সের কার্য্য শেষ হইতে না হইতে আবার পাঠশালা খুলিল। জেম্স আবার পাঠশালায় গমন করিল। কিন্তু এবারে পাঠশালায় তাহার নূতন বিষয় শিখিবার কিছুই ছিল না। তথায় যে সকল পুস্তক পড়ান হইতেছিল, সে সমস্ত পুস্তক জেম্সের সম্পূর্ণ অধিগত হইয়া গিয়াছিল। পুস্তকের সমস্ত পাঠ জেম্সের ওষ্ঠাগ্রে—সমস্ত পুস্তকই তাহার কণ্ঠস্থ। পাটী-গণিতে তাহার এতই ক্ষমতা জন্মিয়াছিল যে, সে চক্ষু মুদিয়া অঙ্ক করিতে পারিত। যাহা হউক তাহা হইলেও জেম্স আবার পাঠশালায় গিয়া সেই সকল বিষয় ভাল করিয়া শিখিতে লাগিল।

এ বৎসর শীতকালে জেম্স আরও কয়েকখানি পুস্তক

পাঠ করিল। এই সকল পুস্তক পাঠ করিয়া তাহার মন কিঞ্চিৎ চঞ্চল হইয়া উঠিল। এখন তাহার পক্ষে পুরাতন আবাসস্থলে বাস করা যেন কষ্টকর হইতে লাগিল। তাহার ইচ্ছা যে, সে নগরে গমন করিয়া নাগরিক সমাজের ব্যাপার সকল দর্শন করে এবং আরও ভাল করিয়া জীবিকা নির্ব্বাহের জন্য অর্থোপার্জ্জনে রত হয়। কিন্তু জননী তাহাকে বুঝাইয়া বলিলেন যে, নগরে গিয়া তাহার পক্ষে কিছুই লাভ হইবে না, তবে নগরে গিয়া ভালরূপ লেখা পড়া শিখিবার উপায় হইতে পারে বটে। কিন্তু তাহা হইলেও মাতার ইচ্ছা যে, তাঁহার বালক আরও কিছু কাল চাষ করিয়া খায়; কারণ তাঁহার মতে এখনও জেম্‌সের গৃহ পরিত্যাগ করিবার বয়স হয় নাই। সময় হইলেই ভগবান্ তাঁহার জেম্‌সকে পথ দেখাইয়া দিবেন, এলীজার মনে এই দৃঢ় বিশ্বাস ছিল; তাই তিনি আজ বলিলেন, পরমেশ্বরের আদেশের প্রতীক্ষা কর।

জেম্‌স অগত্যা নগরে যাওয়ার আকাঙ্ক্ষা চাপিয়া রখিল। পূর্ব্ববৎ চাষের কার্য্য করিয়াই তাহার আর এক বৎসর অতীত হইল। এই সময়ের মধ্যে সে টী্ট সাহেবের আনুকূল্যে আরও অনেক প্রকারের শস্যাগার ও গৃহ নির্ম্মাণ করিতে শিক্ষা করিল।

টী্ট সাহেব নানা প্রকার কার্য্য শিখাইয়া ও উপদেশ দিয়া তাহাকে একজন সুপটু ও সুনিপুণ সূত্রধর করিয়া তুলিলেন। জেম্‌স লোকের সঙ্গে মিশিয়া ও নির্দ্দোষ আমোদ প্রমোদ করিয়া সুখে সময় কাটাইতে পারিত। এই জন্য তাহার সঙ্গীরা তাহার সঙ্গ অত্যন্ত ভালবাসিত। জেম্‌সের প্রফুল্লভাব না দেখিলে তাহাদের যেন সুখ হইত না। জেম্‌সের শরীরে খুব বল ছিল। সে

এমন সকল ভারি ভারি দ্রব্য উঠাইতে পারিত, যাহা একজন অত্যন্ত বলবান পুরুষও সকল সময় তুলিতে পারিত না। এই সকল কারণে জেম্‌সের নাম চারিদিকে বিলক্ষণ প্রচার হইয়া পড়িল।

জেম্‌স ক্রোধপরায়ণ ছিল না। একবার একজন সঙ্গীর সহিত সে স্থানান্তরে গিয়াছিল। পথে আসিতে আসিতে একজন লোকের সহিত তাহার সঙ্গীর বিবাদ হইল। লোকটী নিতান্তই ইচ্ছা করিয়া বিবাদ করিতেছিল। সে অত্যন্ত ক্রুদ্ধ হইয়া তাহাকে গালি দিতে লাগিল, এবং প্রহার করিতে উদ্যত হইল। জেম্‌স সঙ্গে না থাকিলে হয় ত ব্যপার একটু গুরুতর হইয়া দাঁড়াইত। কিন্তু তাহার প্রতিভাবলে অতি অল্পেই বিবাদ মিটিয়া গেল। জেম্‌স তাহাকে বেশ কবিয়া বুঝাইয়া দিল যে, তাহারই অন্যায় হইয়াছে; এবং সেই অন্যায় করিয়া যে তাহাদিগকে আবার গালি দিতেছিল, এবং প্রহার করিতে উদ্যত হইয়াছিল, ইহা অতি লজ্জার কথা। জেম্‌স এইরূপে উক্ত লোকটীকে বুঝাইয়া বিবাদ মিটাইয়া ফেলিল। জেম্‌স কলহপ্রিয় ছিল না। সমুদায় পল্লীতে তাহার মত শান্ত ও নম্র প্রকৃতির বালক আর কেহই ছিল না।

বালকেরা অনেক সময় মারামারি গালাগালি করিতে ভালবাসে, জেম্‌স সে সকলকে অত্যন্ত ঘৃণা করিত। কিন্তু তাই বলিয়া যে, সে তাহার নিজের বা অপরের ন্যায্য অধিকার রক্ষা করিতে পরাঙ্মুখ হইত, তাহা নয়। নিজেরই হউক, অথবা অপরেরই হউক, ন্যায্য অধিকার অক্ষুণ্ণ রাখিবার সময় জেম্‌স দৃঢ় প্রতিজ্ঞার সহিত দণ্ডায়মান থাকিত। তাহার সঙ্গিগণ যখন ন্যায়ের পক্ষ অবলম্বন করিত, জেম্‌স তখন প্রবল সাহসের সহিত

তাহাদের পক্ষ অবলম্বন করিত ; এবং যাহাতে তাহারা সংগ্রামে জয়ী হয়, তজ্জন্য বিশেষ চেষ্টা করিত। কিন্তু পক্ষান্তরে তাহারা ন্যায়ের পথে না চলিয়া যদি অন্যায়ের পথে চলিত, তাহা হইলে কখনই তাহাদের পক্ষ সমর্থন করিত না—এবং সরলভাবে তাহাদিগকে কারণ দর্শাইয়া সমুদয় কথা বুঝাইয়া দিয়া বলিত, ভাই! তোমরা অন্যায় পথে চলিতেছ—আমি তোমাদের মতে চলিব না। এ বিষয়ে আমার একটুও সহানুভূতি নাই। আমি কিছুতেই তোমাদের অন্যায় ব্যাপারে নাই, ইত্যাদি বলিয়া আস্তে আস্তে তাহাদেব সঙ্গ ছাড়িয়া দিত।

৮

"মাইনের চাকর"

জেম্‌স বাল্যকাল হইতে চাষকেব কার্য্যে উত্তমরূপ পরিপক্ক হইয়া উঠিল। চাষেব কার্য্যে ছোট বালকদিগকে লইয়া জেম্‌স যখন ক্ষেত্রে কার্য্য কবিত, সে দৃশ্য অতি চমৎকার। এক দলে কুড়ি পঁচিশ জন বালক কার্য্য করিতেছে, তাহার মাঝখানে জেম্‌স মহা আনন্দে কায করিতে কবিতে কত অদ্ভুত গল্প বলিতেছে,ও হাস্য পরিহাস করিতেছে; এবং অন্যান্য বালকেরা জেম্‌সের উৎসাহে উৎসাহান্বিত হইয়া দ্বিগুণ উদ্যমে কার্য্য করিয়া যাইতেছে। জেম্‌সের এই গুণ থাকাতে অনেক চাষা তাহাকে লইয়া গিয়া অন্যান্য বালকগণের উপর প্রভুত্ব করিতে দিত।

মিগ্ধনায়ক একজন চাষা এইরূপে একবার পিপ্যারমেন্টের ক্ষেত্রের ঘাস উঠাইবার জন্য কুড়িটী বালক আনিয়া জেম্‌সকে

তাহাদের সঙ্গে কার্য্য করিতে দিল। জেম্‌স তাহাদিগকে শ্রেণী বদ্ধ করিয়া তাহাদের সঙ্গে কায করিতে আরম্ভ করিল। কুড়িটী বালক সারি বাঁধিয়া কায করিতে লাগিল—জেম্‌স তাহাদের মধ্যস্থলে থাকিয়া কায করিতে করিতে নানারূপ পরিহাস এবং কৌতুকজনক গল্প করিয়া অত্যন্ত দ্রুতবেগে ঘাস উঠাইয়া অগ্রসর হইতে লাগিল। বালকগণও তাহার কথা শুনিবার জন্য দ্রুতবেগে ঘাস তুলিয়া তাহার সঙ্গে চলিতে লাগিল। এই প্রণালীতে অতি অল্প সময়ের মধ্যেই ক্ষেত্রের সমুদায় ঘাস পরিষ্কার হইয়া গেল। চাষা অত্যন্ত প্রীত হইয়া গারফীল্‌ডপত্নী এলীজার নিকট আসিয়া জেম্‌সের ভূরি ভূরি প্রশংসা করিয়া বলিল,তোমার ছেলের মত কোথায়ও দেখি নাই। জননী তাহার মুখে পুত্রের প্রশংসা শুনিয়া অত্যন্ত প্রফুল্ল হইলেন।

জেম্‌স ক্ষেত্রের কার্য্য করিয়া একটু সময় বাঁচাইতে পারিলেই,অমনি ট্রীট সাহেবের সঙ্গে গিয়া যে কোনরূপ কার্য্য পাইত, তাহাতেই নিযুক্ত হইত। জেম্‌স এইরূপে একবার বার্টন নামক একজন লোকের ক্ষারের কারখানায় একখানা ঘর বাঁধিতে যায়। বার্টন সাহেবের বাড়ী কিছু দূরে, সুতরাং প্রতিদিন বাড়ী হইতে যাওয়া আসা চলিত না। বার্টন সাহেবের বাডীতে থাকিয়াই তাহাদিগকে কিছুদিন কার্য্য করিতে হইল। এই সময়ের মধ্যে জেম্‌সের চরিত্র এবং কায কর্ম্ম দেখিয়া বার্টন সাহেবের জেম্‌সের উপর কেমন একটা শুভদৃষ্টি পড়িয়া গেল। তাহার বড়ই ইচ্ছা হইল যে, সে আপনার ক্ষারের কারখানায় জেম্‌সকে রাখিয়া দেয়। এই জন্য সে জেম্‌সকে বিশেষ আগ্রহের সহিত অধিক বেতন দিয়া তাহার কারখানায় রাখিবার জন্য অনুরোধ করিতে

লাগিল। জেম্‌স তাহাকে বলিল, মাতার আদেশ না লইয়া আপনাকে কিছু বলিতে পারি না। কার্য্য শেষ করিয়া জেম্‌স বাড়ী চলিয়া গেল।

বার্টন সাহেব মূর্খ ও কর্কশ প্রকৃতির লোক ছিল। কিন্তু তাহা হইলেও জেম্‌সের প্রতি তাহার অতিশয় স্নেহ জন্মিয়াছিল। জেম্‌সও তাহাকে ভাল লোক বলিয়া বুঝিতে পারিল, এবং মনে মনে তাহার কারখানায় থাকিবার জন্য ইচ্ছা করিতে লাগিল। কিন্তু মাতাকে না জিজ্ঞাসা করিয়া কোন কার্য্যই করিতে পারে না, এই জন্য বাড়ীতে আসিয়া জননীকে সমস্ত বৃত্তান্ত বলিয়া তাঁহার মত জিজ্ঞাসা করিল। জেম্‌স বলিল, মা, লোক রাখিয়া তুমি চাষের কায কর, আমি কিছু দিন চাকরি করিয়া আসি। জননী বলিলেন, ক্ষারের কারখানায় অনেক মন্দ লোকের সঙ্গে তোমাকে কার্য্য করিতে হইবে, আমার ভয় হয় পাছে তোমার প্রকৃতি হীন হয়। জেম্‌স বলিল, না মা! আমি আপনার কায লইয়া থাকিব। কাযের জন্য যতটুকু দরকার, ততটুকুই লোকের সঙ্গে মিশিব, তদ্ভিন্ন আমি অতি সাবধানে থাকিব; সুতরাং মন্দ হইবার কোন কথা নাই। অনেক দিন পর্য্যন্ত—এমন কি আমি যতদিন পারিব, তাহার সেই কারখানায় কার্য্য করিতে পাইব। জননী জেম্‌সের কথা শুনিয়া বুঝিতে পারিলেন যে, বার্টন সাহেবের কারখানায় কার্য্য করিতে যাইবার জন্য তাহার অত্যন্ত আগ্রহ হইয়াছে। যাহা হউক, তথাপি মাতার যাহা কর্ত্তব্য, অর্থাৎ সেখানে কিরূপ লোকের সঙ্গে মিশিবে এবং কিরূপ কার্য্য করিবে, এই সমস্ত ভাল করিয়া বুঝাইয়া দিয়া তিনি জেম্‌সকে বিদায় দিলেন।

জেম্‌স মাতার আদেশ পাইয়া একখানি ক্ষুদ্র রুমালে আপনার যথাসর্ব্বস্ব বন্ধন করিয়া অচিরে বার্টন সাহেবের নিকট উপস্থিত হইল। বার্টন সাহেব তাহাকে দেখিয়া অতিশয় আহ্লাদিত হইল, এবং তাহার থাকিবার জন্য তখনই এক স্বতন্ত্র গৃহ নির্দ্দেশ করিয়া দিল। ফলতঃ, জেম্‌স বার্টন সাহেবের সদ্ভাবে অত্যন্ত সুখের সহিত কার্য্য করিতে লাগিল।

বালক জেম্‌স কারখানার সমস্ত কার্য্যের ভার লইয়া অতি সুশৃঙ্খলার সহিত কার্য্য করিতে লাগিল। যে সকল লোক বার্টনকে প্রতারণা করিত, জেম্‌স তাহাদিগকে শীঘ্রই ধরিয়া ফেলিল। তাহার প্রতি একেই ত বার্টনের নিরতিশয় বিশ্বাস ও নির্ভর ছিল, এই কার্য্যে তাহার উপর আরও বিশ্বাস এবং শ্রদ্ধা বাড়িয়া গেল। জেম্‌স বার্টনের পুত্রস্থানীয় হইয়া সমুদায় কার্য্যের পর্য্যবেক্ষণ করিতে লাগিল। কেহ না উঠিবার অগ্রে সে শয্যা হইতে উঠিয়া কারখানায় গমন করিত, এবং রাত্রিতে সকলে চলিয়া গেলে পর, তবে সে কারখানা হইতে ফিরিত। এই রূপে তাহার তত্ত্বাবধানে বার্টনের কারখানার অতিশয় উন্নতি হইতে লাগিল। বার্টন নিশ্চিন্ত মনে তাহার উপর সমস্ত কার্য্যের ভার দিয়া সুখে সংসারযাত্রা নির্ব্বাহ করিতে লাগিল।

মধ্যে মধ্যে কারখানাতে কুৎসিত স্বভাবের অতি কদাকার দুই একটা লোক দেখা যাইত। জেম্‌স তাহাদিগকে ভাল ব্যবহার করিবার জন্য শিক্ষা দিত। তাহাতে তাহারা যারপর নাই প্রীত হইয়া জেম্‌সের উপদেশ অনুসারে চলিবার জন্য চেষ্টা করিত। জেম্‌সের চরিত্র দেখিয়া সকলেরই তাহার প্রতি অত্যন্ত

অনুরাগ জন্মিল। জেম্‌স এইরূপে সকলের অতি প্রিয় পাত্র হইয়া কার্য্য করিতে লাগিল।

জেম্‌সের পুস্তক পাঠের অনুরাগ পূর্ণমাত্রায় প্রবল ছিল। এই জন্য এখানে দৈনিক কার্য্য শেষ কবিয়া গভীব রজনীতে মনোযোগের সহিত পুস্তক পাঠ করিতে আবম্ভ কবিল। কিন্তু এই পুস্তক পাঠে এক মহা অনিষ্ট আসিয়া উপস্থিত হইল। জেম্‌সের জননী যখন পুত্রকে গৃহ হইতে বিদায় দেন, তখন তিনি তাহাকে কুসঙ্গ হইতে সতত দূবে থাকিতে উপদেশ দিয়াছিলেন। এপথ তাহার পক্ষে ঠিক ভগবানের প্রদর্শিত পথ কি না,তাহা তিনি জানিতেন না। জেম্‌স মাতাব এইরূপ সন্দেহ দেখিয়া বলিয়াছিল যে, এপথ যদি পরমেশ্বরের নিদ্দিষ্ট পথ না হয়, তাহা হইলে সে পথ কবে কি প্রকারে তাহার নিকট প্রকাশিত হইবে, তাহা সে জানে না। এই প্রকারে অত্যন্ত আগ্রহ প্রকাশ কবাতেই জননী তাহাকে বার্টনের কারখানায় পাঠাইয়া দেন। যখন বিদায় দেন, তখন আর একটী কথা এই বিশেষ ভাবে বলিয়া দেন যে, যাহারা মনে করে যে, তাহারা কখনও পতিত হইবে না—কদাচ তাহাদের পদস্খলন হইবে না, তাহাদেবই আরও অধিক সাবধান হওয়া উচিত ; কেননা অতিশয় দম্ভের জন্য তাহাবা কোন না কোন দিক দিয়া অসাবধান হইয়া পড়িতে পাবে,এবং তাহাতেই তাহাদের পদস্খলন হইতে পারে।

আজ জেম্‌সের পক্ষে তাহাই ঘটিয়াছে। বার্টনেব একটী অনূঢ়া রূপবতী ও যুবতী কন্যা ছিল। বার্টন স্বয়ং মূর্খ হইলেও কন্যাটীকে কিঞ্চিৎ লেখা পড়া শিখাইয়াছিল। ইনি স্থানীয় সংবাদপত্রে কোন্ কোন বিষয় লিখিয়া পাঠাইতেন। এই কারণে

তৎকালে উক্ত প্রদেশে তাঁহার নাম বিখ্যাত হইয়া পড়ে। রমণী কতকগুলি উপন্যাস ও উপন্যাসজাতীয় অপর কতকগুলি পুস্তক ক্রয় করিয়া পাঠ করিতেছিলেন। জেম্‌স তাঁহার নিকট হইতে সেই সকল পুস্তক লইয়া গিয়া মনোযোগের সহিত পাঠ করিতে আরম্ভ করিল। এই সকল পুস্তকে নানা প্রকার অলৌকিক পৌরুষের কথা পাঠ করিয়া তাহার মন অস্থির হইয়া উঠিল। পুস্তকে লিখিত নায়কের মত নানা প্রকার দুর্ঘটনার মধ্য দিয়া সংসারের নানা দেশ দেশান্তর পর্য্যটন করিয়া, সমুদ্র বাহিয়া দ্বীপান্তরে গমন করিয়া, নানা প্রকার ঘটনাবলীর মধ্য দিয়া, সংসার চক্রে ঘুরিবার বাসনা ধীরে ধীরে তাহার চিত্তকে গ্রাস করিতে লাগিল। উন্মেষোন্মুখ নবীন চিত্তের পক্ষে এ এক অতি ভয়ানক প্রলোভন আসিয়া উপস্থিত হইল। অজ্ঞাতসারে জেম্‌সের যে পদস্খলন হইতে লাগিল, তাহা সে বুঝিতে পারিল না। জেম্‌সের অন্তর যে ধীরে ধীরে বিষে জর্জ্জরিত হইতেছিল, তাহা সে আদৌ বুঝিতে পারিল না। উপন্যাস পাঠ করিতে করিতে তাহার চিত্ত এক উন্মাদকারী রসে সিঞ্চিত হইতে লাগিল। জেমস বালক, তাহা বুঝিতে না পারিয়া ধীরে ধীরে মোহাভিভূত হইয়া পড়িল। জননী এলীজা কিছুই জানিতে পারিলেন না। তাঁহার সন্তান যে বিষম রোগের আক্রমণে পড়িয়াছে, জননী তাহার বিন্দু মাত্রও জানিতে পারিলেন না।

কয়জনেই বা তাহা জানিতে পারে? আমাদের দেশের কত অগঠিতচরিত্র যুবক যে এই প্রকার রোগে আক্রান্ত হইয়া মারা যাইতেছে, কে তাহা বলিতে পারে? উপন্যাসের মোহিনীশক্তি

এমনই প্রবল হইয়া উঠিয়াছে যে, তাহার যথার্থ ভাব গ্রহণে অসমর্থ হইয়া অনেকের চরিত্র, একপ্রকার ভাসা ভাসা তরল ভাবে আপ্লুত হইয়া, মনুষ্যত্ব ও পৌরুষ-বিহীন হইয়া যাইতেছে। জেম্‌সেরও তাহাই হইল। জেম্‌স আটলাণ্টিক মহাসাগর উত্তীর্ণ হইবার জন্য মহা ব্যস্ত হইয়া উঠিল। সে আর ভাল করিয়া কায করিতে পারে না। রাত্রিতে শয্যায় শয়ন করিয়া নিদ্রা যাইতে পারে না; কেবল আকাশ, পাতাল, অরণ্য, সমুদ্র, গিরিগুহা এই সকল বিষয় মনে আসে, আর আপনাকে অসমসাহসের সহিত সেই সকল প্রদেশে ফেলিয়া দিতে বাসনা করে। কখনও বিস্তীর্ণ মরু প্রান্তর মধ্যে একাকী বিচরণ করিতে সাধ হয়; কখনও বা বিজন গহনে ভ্রমণ করিতে করিতে এক খড়্গাঘাতে এক প্রকাণ্ড সিংহের শিরশ্ছেদ করিতে বাসনা হয়।

একদিন এইরূপ ভাবিতে ভাবিতে তাহার মাথা অত্যন্ত গরম হইয়া উঠিল। অধিক রাত্রি পর্য্যন্ত তাহার আর নিদ্রা আসিল না। কল্পনার ক্রোড়ে খেলা করিতে করিতে ক্রমেই যেন সে আপনা-হারা হইয়া যাইতে লাগিল। সে আপনাপনি বলিতে লাগিল, আমি কোন মতেই চিরকাল এই কারখানার কার্য্য লইয়া থাকিতে পারি না। আমাকে সংসারের অনেক বিষয় দেখিতে হইবে। এই বলিয়া নিদ্রা যাইবার চেষ্টা করিল, কিন্তু নিদ্রা আসিল না। আবার পার্শ্ব পরিবর্ত্তন করিয়া মনে মনে বলিতে লাগিল, ক্ষার-কারখানায় চাকরি অথবা ক্ষারকার-খানা করিয়া চিরকাল কাটাইব, কোন ক্রমেই তাহা হইতে পারে না—এ কথা ভাবিতেও কষ্ট হয়। আমার পক্ষে ইহা কোন

মত্তেই উপযুক্ত নয়। চিরকাল হাত পা বাঁধিয়া এইখানে পড়িয়া থাকা কোন ক্রমেই হইতে পারে না ; সংসারে অনেক দেখিবার সামগ্রী আছে, তাহা না দেখিলে আর কি হইল ?

নিদ্রার আশায় আবার পার্শ্ব পরিবর্ত্তন করিল, কিন্তু নিদ্রা আসিল না—চিন্তার স্রোত বহিতে লাগিল। জেম্‌স আবার ভাবিল, আমি জাহাজের নাবিক হইব, সমুদ্র উত্তীর্ণ হইয়া নানা দেশ ও নানা নগর দর্শন করিব—পৃথিবী পর্য্যটন করিব। কেমন চমৎকার ব্যাপার! এখনও নিদ্রা নাই, আবার সেই একই চিন্তা। খঞ্জের মত গৃহে থাকিয়া কি লাভ? সমুদায় পৃথিবী খোলা রহিয়াছে, কেন দেশ ভ্রমণ করিব না? নিশ্চয়ই এবার চেষ্টা করিব। আমার নিশ্চয় বোধ হইতেছে, মা ইহাতে বাধা দিবেন। ওত জানাই আছে—স্ত্রীলোকেরা চিরকালই ভীরু ; ছেলেদিগকে তাঁহারা যাবজ্জীবন কাছ ছাড়া হইতে দেন না। মা আমার মনের এই ভাব জানিতে পারিলে এক মহা গোলযোগ বাধিবে; কিন্তু যাই হউক, পৃথিবীটা পরিভ্রমণ করিয়া কতকটাও অন্ততঃ দেখিতে হইবে।

এইরূপ চিন্তা করিতে করিতে জেম্‌সের মস্তিষ্ক যখন একটু ক্লান্ত হইয়া পড়িল, তখন ধীরে ধীরে নিদ্রা আসিয়া সে রাত্রির মত তাহাকে নিশ্চিন্ত করিল। আজ নিদ্রিতাবস্থার মধ্যে জেম্‌স কত দেশ দর্শন করিল। ফলতঃ জেম্‌স এক্ষণে পথভ্রষ্ট হইয়া পড়িল।

বার্টন জেম্‌সের প্রতি ক্রমেই অনুরক্ত হইতে লাগিল। তাহার ইচ্ছা যে, জেম্‌স যাবজ্জীবন তাহার কারখানায় থাকে। এই জন্য সে একদিন বলিল, যদি জেম্‌সের আবশ্যক হয় তাহা

হইলে সে আরও কয়েক টাকা তাহার বেতন বাড়াইয়া দিতে পারে। যাহাতে জেম্‌স সুখী হয়,এবং যাহাতে তাহার ভবিষ্যতে আরও উন্নতি হয়,তাহার জন্য বিশেষ চেষ্টা করা যাইবে। ফলতঃ জেম্‌স যাহাতে চিরকাল তাহার কারখানার পর্য্যবেক্ষণ করে, এই তাহার প্রাণগত ইচ্ছা; এই জন্য সে নানা প্রকারে জেম্‌সকে আপনার নিকট থাকিতে অনুরোধ করিতে লাগিল! জেম্‌স তাহাতে কোন মতেই সম্মত হইল না। দেশ দেশান্তর পরিদর্শনের ইচ্ছা তাহার এতই বলবতী হইয়াছিল যে, সে বহু-কাল আর বার্টন সাহেবের কারখানায় থাকিতে সম্মত হইল না। বার্টন হতাশ হইয়া চলিয়া গেল। জেম্‌স আপনার কার্য্য করিতে লাগিল—কবে যাইবে, তাহার এখনও স্থিরতা নাই—প্রস্থানের এখনও অনেক বিলম্ব আছে।

কিন্তু বহুকাল আর এরূপে গেল না। এক দিন রাত্রিতে আর কয়েকজন লোক, বার্টন ও তাহার পত্নী প্রভৃতি অনেকে একটা প্রকাণ্ড গৃহের এক পার্শ্বে বসিয়া আছে, নানা বিষয়ে কথাবার্ত্তা হইতেছে—জেম্‌স তাহারই কাছে বসিয়া একটা অঙ্ক কষিতেছে। অঙ্কটা একটু কঠিন, জেমস গাঢ় মনোযোগের সহিত নিমগ্ন চিত্তে তাহাতে রত হইয়া গিয়াছে। ক্রমে সকলেই সে স্থান পরিত্যাগ করিল—কেবলমাত্র জেম্‌স একাকী বসিয়া অঙ্ক ভাবিতে লাগিল। এমন সময় বার্টন-কন্যার প্রণয়ী তথায় আসিয়া উপস্থিতহইলেন। জেম্‌স ইহার কিছুই জানে না। উক্ত রমণী জানিতেন, সে গৃহে আর কেহই নাই; এই জন্য তাঁহারা দুই জনে প্রেমালাপ করিতেছিলেন, কিন্তু হঠাৎ দেখিতে পাই-লেন যে, জেম্‌স সেই- গৃহের এক প্রান্তে বসিয়া আছে, তখন

অত্যন্ত কুপিত হইয়া বলিলেন, আমার বিবেচনায় 'মাইনের চাকরের' এতক্ষণ শয়ন করা উচিত ছিল।

'মাইনের চাকর'। এই কথা জেমসের কর্ণে প্রবিষ্ট হইবা-মাত্র তাঁহার বোধ হইল যেন সমস্ত ধরা কাঁপিয়া উঠিল। জেমস শিহরিয়া উঠিল—ক্রমে তাহার ভয়ানক ক্রোধের সঞ্চার হইল। সে মুহূর্ত্ত কালের জন্য সেই দুর্ম্মুখা রমণীর মুখের দিকে রোষ-কষায়িত নেত্রে তাকাইল—কিন্তু একটী কথাও বলিল না। তাহার অন্তর বিষধরের ন্যায় গর্জ্জন করিতে লাগিল। সে তৎ-ক্ষণাৎ বাতি লইয়া আপন কক্ষে গমন করিল। জেমস আজ এমনই দৃঢ় পদবিক্ষেপে চলিয়া গেল যে, তাহা দেখিলেই বোধ হইত জেমসের অভিমান—জেমসের মনের তেজ মহাবেগে জ্বলিয়া উঠিয়াছে। নির্ব্বোধ রমণী বুঝিলেন না যে, আজ তিনি তাঁহার পিতার কি অনিষ্টসাধন করিলেন। আজ রাত্রিতে জেম্সের নিদ্রা হইল না, রমণীর কর্কশ বাক্যবাণে জেম্সের অন্তর জ্বলিয়া গিয়াছিল।

মুহুর্ম্মুহু জেম্সের মনে হইতে লাগিল, কি। মাইনের চাকর। আমি তোমার বাপের মাইনের চাকর। না—তাহা কখনই হইতে পারে না। আমি আর 'চাকর' থাকিব না—আমি চাকর রাখিব—আমি বেতন দিয়া চাকর রাখিব! দেখ, আমি কালই চলিয়া যাইতেছি।

অতি কষ্টে রজনী প্রভাত হইল। জেম্স প্রাতে শয্যা হইতে উঠিয়াই আপনার অতি ক্ষুদ্র রুমালখানিতে যথাসর্ব্বস্ব বাঁধিয়া প্রস্থানোন্মুখ হইয়া বার্টনের নিকট বিদায় লইতে গমন করিল। বার্টন বজ্রাহতের ন্যায় অবাক্ হইয়া জেম্সের দিকে

ফাকাইয়া বলিল, না জেম্‌স! তুমি তামাসা করিতেছ—তুমি কি সত্যই আমাকে পরিত্যাগ করিবে? বালক জেম্‌স পূর্ব্ব রাত্রির কথা কিছুই না বলিয়া অচলভাবে আপনার স্বাভাবিক তেজের সহিত বলিল, হাঁ, আমি আর আপনার কার্য্য করিব না—আমি চলিলাম। এই বলিয়া জেম্‌স বার্টনের ক্ষারের কারখানা পরিত্যাগ কবিয়া গৃহে গমন করিল।

৯
কাঠুরিয়া

জননী জেম্‌সকে হঠাৎ প্রত্যাগমন করিতে দেখিয়া অত্যন্ত বিস্মিত হইলেন। ক্রমে জেম্‌সের মুখে সমুদয় বৃত্তান্ত অবগত হইয়া ধীরে ধীরে বলিলেন, কায ভাল হয় নাই। আমার বোধ হয়, সে রমণী তোমাকে মন্দভাবে 'মাইনের চাকর' বলেন নাই। আর 'মাইনের চাকর' হইলেই বা দোষ কি? মাইনের চাকর সৎ হইলেই হইল। জেম্‌স বলিল, তুমি যাহা বলিতেছ, তাহা আমি বুঝিতেছি; কিন্তু সে রমণী আমাকে যে রকম করিয়া এই কথা বলিয়াছিলেন, তাহাতে সকলেরই ক্রোধ হয়।

যাহা হউক, জননী তাহাকে গৃহে থাকিয়া পুনরায় কৃষি-কার্য্যে মন দিতে অনুরোধ করিলেন। জেম্‌স আপনার মনের ভাব চাপিয়া রাখিতে পারিল না। জননীকে তাহার সমুদ্রগমন-বাসনা জানাইল। জননী পুত্রের ঈদৃশ কথা ও ভাবনা শুনিয়া স্তম্ভিত হইলেন। তিনি তাহাকে অতি যত্ন করিয়া বুঝাইয়া বলিলেন, এ প্রকার ভাবে জীবন যাপনের অভিলাষ হইলে তাহার সর্ব্বনাশ হইবে। ভবিষ্যতে আর কোন গুরুতর কার্য্য

করিবার সম্ভাবনা তাহার জীবনে থাকিবে না। তিনি বলিলেন, চাষা হইয়া অথবা তাদৃশ অন্য কোন ব্যবসায় করিয়া চিরকাল গৃহে বাস কব, তথাপি সমুদ্রে যাইতে পাইবে না—নাবিক হইতে পাইবে না। তুমি ইহা নিশ্চিত জানিও যে, তুমি সমুদ্রে গমন কর, ইহা আমার আদৌ ইচ্ছা নয়।

জননীর আপত্তি দেখিয়া জেম্‌সের বাসনা আপাততঃ পূর্ণ হইল না। জেম্‌স আবার আপনার ক্ষেত্রে কার্য্য করিতে আরম্ভ করিল। কিছুদিন চাষ করিতে না করিতেই সংবাদ আসিল যে, জেম্‌সেব একটী আত্মীয় ক্লীবলাণ্ডের সন্নিকটে নীউ-বার্গ নামক স্থানে অনেক ভূমি লইযা আবাদের জন্য জঙ্গল পরি-ষ্কার করিতেছেন। জেম্‌সের ইচ্ছা যে, কিছুদিন কাঠ কাটিয়া অর্থোপার্জ্জন কবে। এই জন্য সে জননীকে আপন অভিপ্রায় জ্ঞাপন করিল। জননী তাহাকে যাইতে অনুমতি দিলেন।

জেম্‌স যে স্থানে কাঠ কাটিতে গমন কবিল, তথায় তাহার স্নেহময়ী সহোদরা মেহেতাবেলের বিবাহ হইয়াছিল। জেম্‌স মেহেতাবেলের গৃহে গমন করিল। ভগিনী মেহেতাবেল অতি আহ্লাদের সহিত ভ্রাতাকে আপন গৃহে থাকিতে অনুরোধ করি-লেন। অনেক দিন পরে দুইটী ভাই ভগিনীতে আবার একত্র বাস করিতে লাগিল।

জেম্‌স কাঠ কাটিতে প্রবৃত্ত হইল। তাহার শরীরে যথেষ্ট বল ছিল। কেহই তাহার মত কার্য্য করিতে পারিল না। উক্ত আত্মীয় জেম্‌সের কার্য্য দেখিয়া অত্যন্ত সন্তুষ্ট হইলেন। তাহার কার্য্য শেষ হইয়া গেলে তিনি জেম্‌সকে বিদায় দিয়া বলিলেন,

জেম্‌স ! তোমার কার্য্য দেখিয়া আমি যারপর নাই সন্তুষ্ট হই-য়াছি—কিন্তু তুমি এ সকল কার্য্যের জন্য জন্ম গ্রহণ কর নাই। তোমার যেরূপ ক্ষমতা আছে, তাহাতে তুমি কালে একজন অত্যন্ত বড়লোক হইতে পারিবে। তুমি কি লেখা পড়া শিখিতে ভালবাস না ?

উক্ত আত্মীয়ের কথা শুনিয়া জেম্‌সের মনে একটু ভাবনা হইল। জেম্‌স যদিও সমুদ্রে সমুদ্রে নাবিক হইয়া বেড়াইবার জন্য এত ব্যগ্র হইয়া উঠিযাছিল, তাহা হইলেও লেখা পড়া শিখিবার ঝোঁক তাহার বিলক্ষণ ছিল। এখানে আসিয়া জেম্‌স কতক-গুলি ভাল ভাল পুস্তক পাঠ করিবার সুযোগ পাইয়াছিল—জেম্‌স অতি আদরের সহিত সেই পুস্তকগুলি পাঠ করিল এবং তাহার মনও কতকটা ভাল হইল। কিন্তু সমুদ্র গমনের বাসনা তাহাকে একেবারে পরিত্যাগ করিল না। একদিন মেহেতাবেলের সহিত তাহার এ বিষয়ে কথা হইল। মেহেতাবেল তাহার কথা শুনিয়া অত্যন্ত বিরক্ত হইলেন। তিনি বলিলেন যে, তুমি যদি নাবিক হও তাহা হইলে আমার দুঃখের অবধি থাকিবে না। তাঁহার মতে নাবিকের জীবন যাপন করিতে গিয়া জেম্‌সের সমুদায় সদ্‌গুণ বৃথা নষ্ট করা হইবে। জেম্‌স এখানে সহানুভূতি পাইল না,জননীর নিকটও সহানুভূতি পায় নাই ; সুতরাং তাহার সমুদ্রগমন বাসনা থাকিলেও আত্মীয় স্বজনদিগকে আপন অভি-প্রায় জানাইতে পারিল না।

কিন্তু এখানে কার্য্য করিতে করিতে এদিকে জেম্‌সের ঔৎ-সুক্য আরও জাগিয়া উঠিল। জেম্‌স যেখানে কার্য্য করিতেছিল, তাহার ঠিক সম্মুখেই ইরাই হ্রদ। ইরাই হ্রদের সুপ্রশস্ত বক্ষ ভেদ

করত পাইল বিস্তার করিয়া ছোট ছোট জাহাজগুলি চলিয়া যাইত। জেম্‌স তাহা দেখিয়া সমুদ্রে যাইবার জন্য আরও ক্ষেপিয়া উঠিত। সময়ে সময়ে কাঠ কাটা বন্ধ করিয়া হাঁ করিয়া সেই সকল জলযানের দিকে তাকাইয়া থাকিত। যাহা হউক, মেহে-তাবেলও যখন বাধা দিলেন, তখন জেমসের পক্ষে চারিদিকের বিঘ্ন বাধা অতিক্রম করিয়া ও সর্ব্বাপেক্ষা জননীর ইচ্ছার বিরুদ্ধে সমুদ্র গমন করা নিতান্তই অসম্ভব বোধ হইল। সুতরাং আপাততঃ এ কার্য্য স্থগিত থাকিল।

জেম্‌স উক্ত আত্মীয়ের কার্য্য সমাধা করিয়াই আর এক কৃষকের ক্ষেত্রে কার্য্য করিবার সুযোগ পাইল। সেখানে গিয়া কয়েক মাস কার্য্য করিল। এখানে কার্য্য করিতে করিতে কাহারও কাহারও নিকট সমুদ্রযাত্রার কথা উত্থাপন করিতে লাগিল। কিন্তু দুঃখের বিষয় এই যে, জেম্‌স যাহারই কাছে নাবিক হইবার কথা উত্থাপন করিত, সেই তাহার কথা উড়াইয়া দিত। কেহই তাহাকে উৎসাহ দিত না। জেম্‌স মহা বিপদে পড়িয়া গেল। যাহা হউক, সমুদ্র যাওয়া হইল না, জেম্‌স অর্থোপার্জ্জন করিয়া আবার মাতার নিকট গৃহে ফিরিয়া গেল।

১০

নৌ-চালন

জেম্‌স বড়ই অস্থির হইয়া উঠিল। সমুদ্রে যাইবার জন্য তাহার চিত্ত ব্যাকুল হইয়া পড়িল। বার বার মাতাকে বিরক্ত করিতে আরম্ভ করিল। বুদ্ধিমতী জননী যখন দেখিলেন যে,

পুত্রকে কোন মতেই এই পথ হইতে ফিরাইতে পারেন না, তখন তিনি এক নূতন পথ অবলম্বন করিলেন।

জননী বলিলেন, জেম্‌স তুমি জাহাজে করিয়া কোথায় যাইতে চাও, আমাকে বল দেখি?

জেম্‌স জননীর এই কথা শুনিয়া আনন্দে গদ গদ হইয়া মনে মনে ভাবিতে লাগিল, এইবার তাহার বাসনা পূর্ণ হইবে। কিন্তু জননী যে কোন্ পথে চলিতেছিলেন, বালক জেম্‌স তাহা বুঝিল না।

জেম্‌স ত কিছুই ঠিক্ করে নাই। পুস্তক পড়িয়া তাহার মনে একটা অদ্ভুত রকম কীর্ত্তি করিবার ঝোঁক হইয়াছিল, তাই সে সমুদ্রে যাইবার জন্য ব্যস্ত হইয়া উঠিয়াছিল। সে বলিল, মা! কোথায় যাইব, তাহার কিছুই ঠিক্ নাই—কেবল পৃথিবীর কতকটা দেখিবার ইচ্ছা।

জননী বিস্মিত হইয়া বলিলেন, তোমার মত একজন বুদ্ধিমান্ বালকের পক্ষে এ প্রকার ভাব শোভা পায় না। আমি হইলে প্রথমেই ত কোথায় যাইব একটা ঠিক্ করিয়া লইতাম। অথচ তুমি এসিয়ায় যাইবে, কি আফ্রিকায় যাইবে, কি ইয়োরোপে যাইবে, কিছুই জান না?

জেম্‌স বলিল, সেটা আমার ঠিক্ আছে। মা! আমি আটলাণ্টিক মহাসাগর উত্তীর্ণ হইতে চাই।

জননী তখন তাহাকে বুঝাইয়া বলিলেন যে, প্রথম প্রথম সমুদ্রে বহুদূরে গিয়া কায নাই। বহুদূরে গিয়া অসুখ অথবা অসুবিধা হইলে হঠাৎ গৃহে ফিরিয়া আসা বড়ই কঠিন হইবে। এই জন্য তিনি বলিলেন, প্রথমতঃ তুমি বাড়ীর নিকট ইরাই হ্রদে কিছুদিন কোন জাহাজে করিয়া বেড়াইয়া এস; তার পরে যদি

ভাল বোধ হয়, তাহা হইলে আট্‌লাণ্টিক মহাসমুদ্রে যাইতে পার।

জেম্‌স জননীর এই প্রকার অনুমতি পাইয়া পরদিন অতি প্রত্যূষে উঠিয়া, তাহার সেই অতি স্বাভাবিক ও সামান্য বেশে ইরাই হ্রদাভিমুখে যাত্রা করিতে উদ্যত হইল। জননী পুত্রের ঈদৃশ ভাবে দুঃখিত হইয়া সাশ্রুনয়নে মুখচুম্বন করিয়া তাহাকে বিদায় দিলেন। জেম্‌স মাতার হৃদয়াবেগ কিছুই বুঝিল না!

মহা উৎসাহে দ্রুতপদবিক্ষেপে জেম্‌স ইরাই হ্রদের তীরে আসিয়া বন্দরে উপস্থিত হইল; এবং সম্মুখে যে জাহাজ খানি দেখিতে পাইল, তাহাতে উঠিয়া জিজ্ঞাসা করিল, তাহাতে আর লোকের আবশ্যক আছে কি না। যাহাকে জিজ্ঞাসা করিল সে অধ্যক্ষ অর্থাৎ কাপ্তেন নয়; এইজন্য সে বলিল, কাপ্তেন নীচে আছেন, তিনি উপরে আসিলে তাঁহাকে বলিও। তার পর জেম্‌স ক্রমে শুনিতে পাইল, জাহাজের ভিতর হইতে এক তুমুল কোলাহল উঠিতেছে। একজন লোক অতি অশ্রাব্য কটু-ভাষায় আর একজন লোককে ভর্ৎসনা করিতেছে। ক্ষণেক পরে সেই কুৎসাকারী লোকটা উপরে আসিলে জাহাজের অপর লোকটী তাহার দিকে দেখাইয়া বলিল, ঐ কাপ্তেন আসিতেছেন। জেম্‌স নিকটে গিয়া তাহাকে সেলাম করিয়া বলিল, মহাশয়! আপনার জাহাজে কি আর অধিক লোকের দরকার আছে?

জেম্‌স এই কথা বলিবামাত্র কাপ্তেন মহাশয় ব্যাঘ্রের ন্যায় তাহার উপর ঝাঁপিয়া পড়িলেন! গালির উপর গালি দিয়া বেচারা জেম্‌সকে দূর করিয়া জাহাজ হইতে তাড়াইয়া দিল। এমন কি, জেম্‌স যদি আর একট খানি জাহাজে থাকিত, তাহা হইলে

তাহাকে হয়ত প্রহার খাইয়া হ্রদের জলে হাবু ডুবু খাইতে হইত। যাহা হউক, কাপ্তেন সাহেবের তাড়নায় অপ্রস্তুত ও হতাশ হইয়া বালক জেম্‌স জাহাজ পরিত্যাগ করিয়া পলায়ন করিল। জেম্‌স পুস্তকে যেরূপ কাপ্তেনের কথা পাঠ করিয়াছিল, ইহার সহিত তাহার কিছুই মিলিল না। পুস্তকলব্ধ জ্ঞান দ্বারা কাপ্তেনের যে প্রকার চিত্র সে হৃদয়পটে অঙ্কিত করিয়াছিল, আজ দেখিল তাহার সহিত এই কাপ্তেনের এক বিন্দুও মিল হইল না। জেম্‌স এখন মহা সমস্যায় পড়িয়া গেল। সে যাহা চক্ষে দেখিল, তাহাও অপ্রত্যয় করিতে পারে না, এবং পুস্তকলব্ধ জ্ঞান যাহা বলে, তাহার বিরুদ্ধও বিশ্বাস করিতে পারে না। তখন জেম্‌স মাঝামাঝি একটা বিচার করিয়া লইল। সে নিশ্চয় ভাবিল, তাহারই শিষ্ট-তার কোন ত্রুটী হইয়া থাকিবে। তাহার যে রকম পাড়াগেঁয়ে কদর্য্য পোষাক, তাহার জন্যও কাপ্তেন সাহেব বিরক্ত হইতে পারেন। যাহা হউক, কাপ্তেন যে ভয়ানক সুরাপায়ী—তাহাতে আর অণুমাত্র সন্দেহ রহিল না।

জেম্‌স বৃক্ষতলে কতকগুলি কাঠের উপর উপবেশন করিয়া, সঙ্গে যৎকিঞ্চিৎ জল খাবার ছিল তাহাই খাইতে আরম্ভ করিল। বেলা প্রায় তৃতীয় প্রহর। জেম্‌স বৃক্ষতলে বসিয়া আকাশ পাতাল কত কি ভাবিয়া চিন্তিয়া জলযোগ সম্পন্ন করিয়া, আবার ধীরে ধীরে অন্য কোন জাহাজে যাইবার অভিপ্রায়ে হ্রদের তীরে তীরে বেড়াইতে লাগিল।

এইরূপে যখন তীরে বেড়াইতেছে, এমন সময় তাহাকে কে জিম, জিম, বলিয়া দূর হইতে আহ্বান করিল। পূর্ব্বেই বলা হইয়াছে, জেম্‌স মনে করিয়াছিল যে, সে নিতান্ত অনুপযুক্ত বলি-

য়াই কাপ্তেন সাহেব তাহাকে ঐ প্রকারে তাড়াইয়া দিয়াছেন; সুতরাং এখনও সে নাবিক হইবার আশা একবারে পরিত্যাগ করে নাই। কে হঠাৎ তাহার নাম ধরিয়া তাহাকে ডাকিতেছে, শুনিতে পাইয়া সে চকিতভাবে এদিক্ ওদিক্ তাকাইতে তাকাইতে দেখিতে পাইল যে, এক খানি নৌকা হইতে উক্ত শব্দ আসিতেছে। তখন সে নৌকার নিকট গমন করিয়া দেখিতে পাইল, তাহার একজন আত্মীয় নৌকা হইতে ডাকিতেছে। তখন জেম্‌স তাহাকে আপনার সমস্ত বৃত্তান্ত অবগত করিল। আত্মীয়টী তাহাকে বলিল, তুমি প্রায়ই দেখিবে জাহাজের কাপ্তেনগুলি ঘোরতর মাতাল, পশু-প্রকৃতি ও ক্রুদ্ধ-স্বভাব। তাহাদের মুখে সর্ব্বদাই নরকের ভাষা লাগিয়া আছে। যাহা হউক, তুমি, যদি এখন এই বোটে কার্য্য করিতে চাও, তাহা হইলে কার্য্য পাইতে পার। জেম্‌স তথাস্তু বলিয়া কার্য্য করিতে স্বীকার করিল। এই বোটে একজন পরিচালকের পদ খালি ছিল। জেম্‌স সেই পদে মাসিক বার ডলার বেতনে নিযুক্ত হইল। আমাদের দেশে নৌকার গুণ মানুষে টানিয়া লইয়া যায়, এ বোটের সেরূপ রীতি নয়। বোটে চারিটী অশ্বতর ছিল। পর্য্যায়-ক্রমে এক এক জন পরিচালক দুইটী করিয়া অশ্বতর লইয়া তীরের ধারে ধারে তাড়াইয়া যাইত; সময় হইয়া গেলে অশ্বতর ও পরিচালক বোটে উঠিয়া আসিত—আবার অপর পক্ষ তীরে নামিয়া অশ্বতর চালাইয়া যাইত।

জেম্‌সের সঙ্গী—অপর পরিচালকের প্রবৃত্তি ও শিক্ষা সম্পূর্ণ স্বতন্ত্র। যাহা হউক, জেম্‌স যে কার্য্যেই হাত দিত তাহাই ভালরূপে করিবার চেষ্টা করিত—কারণ জননী এলীজা বাল্য-

কাল হইতে তাহাকে এই শিক্ষা দিয়াছিলেন। জেম্‌স তাই আজ এই নৌকার গুণটানা কার্য্যও অতি উত্তমরূপে সম্পন্ন করিতে লাগিল।

জেম্‌সের স্বভাব চরিত্র দেখিয়া, নৌকায় আর আর যে সকল লোক ছিল, সকলেই অত্যন্ত মুগ্ধ হইল। তাহারা সকলে অত্যন্ত কুৎসিত ও ইতর প্রকৃতির লোক ছিল। সুরাপান, তাম্রকূট সেবন, অশ্রাব্য ও অপভাষায় আলাপ, হাস্য কৌতুক, গালাগালি, মারামারি এই ভিন্ন তাহারা আর কিছু জানিত না। জেম্‌স তাহাদিগকে ভাল হইবার জন্য কত অনুরোধ করিত। তাহাদিগকে এইটী বিশেষ করিয়া বুঝাইতে যত্ন করিত যে, তাহারা চেষ্টা করিলেই ভাল হইতে পারে। তাহাদের মধ্যে এক জন বৃদ্ধ অতি সরল প্রকৃতির লোক ছিল। সে জেম্‌সের এইরূপ উপদেশ শুনিয়া একদিন বলিল, জিম্! তুমি ত দেবতা—তুমি যে সকল কথা বলিতেছ, তাহা সকলই সত্য; কিন্তু আমার নিজের প্রতি আপনার একটা সম্মান নাই—আমি কেমন করিয়া ভাল হইব? তুমি যে সকল কথা বলিতেছ, আমি তাহা বুঝি। কিন্তু অভ্যাস এমনই খারাপ হইয়া গিয়াছে, এমনই অসাড় হইয়া পড়িয়াছি যে, এ সব কু-অভ্যাস যেন আর ছাড়িতে ইচ্ছা হয় না। জেম্‌স তখন তাহাকে বলিল, আমি যদি কোন জাহাজের কাপ্তেন হইতাম, তাহা হইলে আমি কখনই খারাপ লোক খালাসি করিতাম না। মদ তামাক, অকথা কুকথা প্রভৃতি সমস্ত পাপ আমার লোকদের মধ্য হইতে একেবারে দূর করিয়া তাড়াইয়া দিতাম। আর একান্ত যদি আমার লোকদিগকে ভাল করিতে না পারিতাম তাহা হইলে কাপ্তেনি ছাড়িয়া দিতাম।

জেম্‌সের এই প্রকার কথাবার্ত্তায় ও আচরণে নৌকার লোকেরা শতমুখে তাহার প্রশংসা করিতে লাগিল। সকলেই বলিতে লাগিল, নৌকায় অথবা জাহাজে কায করিয়া এমন শান্ত, এমন মিতাচারী, এমন অল্পভাষী, এমন বুদ্ধিমান্ ছেলে ত আর দেখি নাই। আমরাও ত কথা বলি ; আমাদের কি ছাই কুৎসিত কথা—কুৎসিত আমোদ, অতি কদর্য্য ভাষা ! আর জেম্‌স কেমন কথা বলে! শুনিতে শুনিতে সমুদায় শরীর মন যেন জুড়াইয়া যায়! এ ছেলে কোথা হইতে আসিল ? এ ত দেবতা !

তাহারা এইরূপ ও আরও নানারূপে জেম্‌সের কথা বলিতে লাগিল। পশু-সমান লোকগুলা জেম্‌সের সৎব্যবহারে যেন তাহার ক্রীত-দাস হইয়া গেল। জেম্‌স পনের কি ষোল বৎসরের বালক মাত্র। তাহারা কেহ বা বৃদ্ধ কেহ বা যুবক হইয়াও সকলেই তাহাকে শ্রদ্ধা করিতে লাগিল। জেম্‌সের সাক্ষাতে খারাপ কথা বলিতে যেন তাহাদের আর সাহস হইত না। তাহাদের দুর্দ্দান্ত স্বভাব যেন ঈষৎ সাম্য ভাব ধারণ করিতে লাগিল। ইহার প্রভাব শেষে অতিশয় প্রবল হইয়া উঠিল। একদিন আর একখানা নৌকার লোকের সঙ্গে এবং জেম্‌সের নৌকার লোকদের সঙ্গে এক তুমুল বিবাদ বাধিবার উপক্রম হইল। জেম্‌স তাহা মিটাইয়া দিল , জেম্‌স না মিটাইয়া দিলে সে দিন এক ভয়ঙ্কর ব্যাপার হইয়া উঠিত।

দুই কি তিন মাস কাল জেম্‌সকে এই নৌকায় কার্য্য করিতে হইয়াছিল। কার্য্যকুশলতা দেখিয়া জেম্‌সের আত্মীয় তাহাকে উচ্চপদে তুলিয়া বেতন দেড়গুণ বাড়াইয়া দিয়াছিল। এই দুই তিন মাস কালের মধ্যে জেম্‌স চৌদ্দ বার জলে পড়িয়া গিয়া-

ছিল। জলে পড়িবার আর কোন কারণ ছিল না; জেম্‌স যখন কোন কার্য্য করিত, তখন সেই কার্য্য এমনি মনোনিবেশ সহকারে করিত যে, সে তাহাতে আত্মহারা হইয়া যাইত। তাহার আপনার সত্তা যেন সেই কার্য্যের মধ্যে হারাইয়া ফেলিত। এই কারণেই সে এতবার জলে পড়িয়া যায়।

জেম্‌স শেষ যেবার জলে পড়িয়া যায়, সেবার অতিশয় ভয়ানক ব্যাপার হইয়াছিল। রাত্রিতে নিদ্রা হইতে উঠিয়া একস্থানে নৌকার কাছি ধরিয়া টানিতে টানিতে হঠাৎ বাধা পাইয়া জলে পড়িয়া গেল—পড়িয়া গিয়াই ডুবিয়া গেল। একে অন্ধকার রাত্রি, তাহাতে আবার জল আরও কৃষ্ণবর্ণ—জনপ্রাণীও টের পায় নাই যে,জেম্‌স এইরূপে জলে ডুবিয়া গিয়াছে। ক্রমে হঠাৎ তাহার হাতে একগাছা কাছি লাগিল—নৌকা তখন চলিয়া যাইতেছে—সে কাছি ধরিয়া ধরিয়া আস্তে আস্তে নৌকার উপর উঠিল। নৌকার উপর উঠিয়া দেখে যে, যে কাছি ধরিয়া সে নৌকায় উঠিয়াছিল—তাহা নৌকার কোনখানেই বাঁধা ছিল না। নৌকার এক স্থানে একটু লাগিয়াছিল মাত্র। সেই আটকানও আবার এমন কিছু শক্ত নয় যে, তাহা একজন মানুষের ভার বহন করিতে পারে। জেম্‌স দেখিল যে, যদি কাছি সরিয়া যাইত, তাহা হইলে সে রাত্রিতে তাহার বাঁচিবার আর একবিন্দুও আশা থাকিত না।

আজ জেম্‌স অবাক্ হইয়া ভাবিতে লাগিল—কে তাহাকে আজ বাঁচাইল?—পরমেশ্বর! আজ তাহার জীবন রক্ষা এক অলৌকিক ব্যাপার বলিয়া মনে হইতে লাগিল। পরীক্ষা করিবার জন্য জেম্‌স বারম্বার সেই কাছি সেই স্থানে আট্‌কাইবার চেষ্টা

করিতে লাগিল। কোনমতেই আর রশিটী সেখানে সেরূপে আট্‌কান গেল না। যখন জেম্‌স কোন প্রকারেই সেখানে সেই কাছিটী আট্‌কাইতে পারিল না, তখন সে অবাক্ হইয়া মানব-জীবনে ঈশ্বরের করুণা চিন্তা করিতে লাগিল। জেম্‌স ভাবিল, পরমেশ্বর আমাকে বাঁচাইবার জন্য আজ কি আশ্চর্য্য ঘটনাই ঘটাইলেন! তবে কি আমার জীবন বাস্তবিকই কোন গুরুতর কার্য্যের জন্য সৃষ্ট হইয়াছে? তবে তাহাই হউক, আমি আর এমন করিয়া বৃথা জলে জলে, নৌকায় নৌকায় জীবন কাটাইব না। আমি নিজ জীবনকে সুপথে প্রতিষ্ঠিত করিবার জন্য লেখা পড়া শিক্ষা করিবার উপায় বাহির করিয়া লইব।

এইরূপ ভাবিতে ভাবিতে জেম্‌সের হৃদয় এক গভীর ও রমণীয় ভাবে পূর্ণ হইল। তাহার মাতার একান্ত ঈশ্বরানুরাগ—তাহার জন্য সর্ব্বদা তিনি পরমেশ্বরের নিকট যে সমুদয় প্রার্থনা করিতেন, একে একে তাহাই আজ জেম্‌সের মনে উদয় হইতে লাগিল। জেম্‌সের দৃঢ় বিশ্বাস হইল যে, মাতার প্রার্থনার বলেই তাহার আজ জীবন রক্ষা হইয়াছে। সুতরাং মাতার অনভিমতে জীবনে আর কোন কার্য্য করা হইবে না,এইরূপ প্রতিজ্ঞা করিল। মাতার নিকট হইতে জোর করিয়া যে জাহাজে আসিবার অনুমতি লইয়াছিল, তাহা ভাবিয়া জেম্‌সের মনে আজ বড়ই অসুখ হইতে লাগিল। যাহা হউক গৃহে ফিরিয়া গিয়া লেখা পড়া শিক্ষা করিবার নিমিত্ত একটা উপায় উদ্ভাবন করিবার চেষ্টা এবার করিতেই হইবে, এইরূপ স্থির করিয়া জেমস গৃহে প্রত্যাগমন করিবার জন্য প্রস্তুত হইল।

ইতিপূর্ব্বে আর একটী ঘটনা হয়, তাহাতেও জেম্‌সের লেখা-

পড়ার দিকে একটু একটু ইচ্ছা গিয়াছিল। এক দিন নৌকায় যাইতে যাইতে কাপ্তেন লীচার জেম্‌সকে লেখাপড়া সম্বন্ধে কতকগুলি প্রশ্ন জিজ্ঞাসা করিলেন; জেম্‌স প্রত্যেক প্রশ্নেরই উত্তম উত্তর করিল। কিন্তু জেম্‌স যখন তাহাকে প্রশ্ন করিতে লাগিল, তখন কাপ্তেন সাহেব তাহার একটীরও উত্তর করিতে পারিলেন না। কাপ্তেন পূর্ব্বেই জেম্‌সের বুদ্ধি ও স্মৃতির কথা শ্রবণ করিয়াছিলেন, আজ আবার প্রত্যক্ষ প্রমাণ পাইয়া তাঁহার সে বিশ্বাস দৃঢ় হইল। তাই তিনি আজ জেম্‌সকে বলিলেন যে, তোমার যে প্রকার বুদ্ধি তাহাতে অনর্থক জাহাজের কার্য্যে জীবন ব্যয়িত না করিয়া লেখা পড়া শিক্ষা করিলে নিশ্চয়ই তুমি বড় লোক হইতে পারিবে। আমার যদি তোমার মত মেধা থাকিত, তাহা হইলে আমি কখনই এইরূপে নৌকা চালাইতাম না। জেম্‌সের পূর্ব্ব হইতেই নৌকা ও জাহাজের কাযের ঝোঁক চলিয়া যাইতেছিল, আজিকার ঘটনায় জাহাজের কার্য্য পরিত্যাগের সঙ্কল্প দৃঢ় হইল।

এই ঘটনার কয়েক সপ্তাহ পরেই জেম্‌সের ভয়ানক জ্বর হয়। এই জ্বরে জেম্‌সের শরীর অত্যন্ত দুর্ব্বল হইয়া পড়িল। ক্রমে ক্রমে কার্য্যের অনুপযুক্ত হইয়া শয্যাগত হইল। অবশেষে জেম্‌স গৃহে ফিরিয়া যাইবার জন্য প্রস্তুত হইল। কাপ্তেন লীচার অতি আহ্লাদের সহিত তাহার প্রাপ্য পরিশোধ করিয়া তাহাকে বিদায় দিলেন। বিদায় দিবার সময় বলিয়া দিলেন, জেম্‌স! তুমি যেমন করিয়া পার, লেখা পড়া শিখিবার চেষ্টা করিও, তোমার মত মেধা আমার থাকিলে নিশ্চয়ই এই ব্যবসায় ছাড়িয়া লেখাপড়া শিখিতাম।

জেম্‌স সন্ধ্যার পর নৌকা ছাড়িয়া গৃহাভিমুখে গমন করিতে লাগিল। সে বাড়ী হইতে আসিয়া অবধি জননীকে একখানিও পত্র লিখে নাই। সে কোথায় ছিল, তাহার কোন সংবাদই তাঁহাকে দেয় নাই; তাই আজ পথে যাইতে যাইতে তাহার বড় লজ্জা হইতে লাগিল। যাহা হউক, মাতার নিকট সন্তানের শত অপরাধও মার্জ্জনা হয়।

জেম্‌স খোঁড়াইতে খোঁড়াইতে কুটীরের অনতিদূরে যাইয়া জানালার ভিতর দিয়া দেখিল, ঘরে অতিশয় ক্ষীণ আলো জ্বলিতেছে। রাত্রি প্রায় দুই প্রহর হইয়াছে। তাহার মনে হইল, মা আজ কতই না আশ্চর্য্যান্বিত হইবেন! ক্রমে আরও নিকটে গিয়া ঘরের বাহির হইতে জানালার ভিতর দিয়া দেখিতে পাইল, এলীজার সম্মুখে একখানি পুস্তক খোলা রহিয়াছে, তিনি নতজানু হইয়া উর্দ্ধমুখে, নিমীলিত নেত্রে, করযোড়ে বলিতেছেন, হে ভগবান্! দয়া করিয়া আমার দিকে একটীবার তাকাও! তোমার সেবককে বল দাও! তোমার দাসীর সন্তানকে রক্ষা কর! জেম্‌স এই কথা শুনিয়াই আর অপেক্ষা না করিয়া দ্রুতবেগে গৃহে প্রবেশ করিয়া মাতাকে আলিঙ্গন করিল। উভয়ের প্রেমাশ্রু উভয়কে সিক্ত করিতে লাগিল।

১১

নিম্নতম সোপান

ক্রমে যখন প্রথম মিলনের আবেগ প্রশমিত হইল, তখন জননী জেম্‌সকে জিজ্ঞাসা করিলেন, জেম্‌স! তোমাকে পীড়িত দেখাইতেছে কেন? জেম্‌স বলিল, আমার অসুখ হইয়াছে

বলিয়াই আমি গৃহে ফিরিয়াছি; পীড়িত দেহে পথ হাঁটিযা আমার অত্যন্ত শ্রান্তি বোধ হইতেছে। তাব পর জেম্‌স আপনার সমস্ত কাহিনী জননীকে একে একে বলিতে আরম্ভ কবিল। অবশেষে যখন জলমগ্নের কথা হইল, তখন জননী বলিলেন, পরমেশ্বব তোমাকে আশ্চর্য্যরূপে বক্ষা কবিয়াছেন এবং আমাব প্রার্থনার উত্তব স্বরূপ তোমাকে পুনবায গৃহে ফিরাইযা পাঠাইয়াছেন। জেমসেব মাতাব নিকট এই বিষয়ে কোন কথা বলিবাব ইচ্ছা থাকিলেও কিছু বলিতে পাবিল না, কেন না তখন তাহার হৃদয পূর্ণ হইতেছিল—কণ্ঠরোধ হইয়াছিল। কিযৎক্ষণ পরে জেম্‌স গদগদ স্ববে বলিল, মা! সেই অন্ধকাব বাত্রিতে আমাকে একমাত্র ঈশ্বরই বক্ষা কবিযাছেন! আমি তাহাতে কোন মানুষেব হাত দেখিতে পাই নাই।

ধর্ম্মপরায়ণা জননীব পক্ষে ইহা অপেক্ষা আব অধিক প্রীতিকব কি হইতে পারে? জননী এলীজা ধর্ম্মভীরু ও ঈশ্বরপবায়ণা ছিলেন, পুত্র যাহাতে নীতি ও ধর্ম্মপবাযণ এবং ঈশ্ববিশ্বাসী হয়, ইহাই তাঁহাব প্রাণগত ইচ্ছা। সুতবাং তিনি আজ পুত্রেব মুখে এই কথা শুনিযা যেন স্বর্গ হাতে পাইলেন। তিনি মনে মনে আপনার ইষ্টদেবতাকে অগণ্য ধন্যবাদ দিতে লাগিলেন। বলিলেন, মা স্বর্গেব জননী! এ দুঃখিনী দাসীর এই অবোধ সন্তানটীকে তুমি কৃপা করিয়া সুপথে রক্ষা কর। আমাব জেম্‌স যেন তোমার প্রতি বিশ্বাস ও ভক্তি-হারা না হয। জেম্‌স কিন্তু জননীর সেই গভীর হৃদয়াবেগ দেখিতে পাইল না।

রাত্রি অধিক হইল, জননী পুত্রকে শয়ন করিতে বলিলেন। আজ পুত্র গৃহে আসিয়া তাঁহার ক্রোড়ে শয়ন করিয়াছে, তথাপি

জননীর চক্ষে নিদ্রা নাই। এলীজার হৃদয় আনন্দে উদ্বেলিত হই-তেছিল। আনন্দ-সাগরে ভাসিতে ভাসিতে এলীজা ভাবিতে লাগিলেন, আর কিছু চাই না! ভগবান্ যদি দুঃখিনীর ধনকে তাঁহার সেবায় নিযুক্ত করেন, জেম্‌স যদি সংসারের দ্বারে দ্বারে ভগবানের পবিত্র নাম প্রচার করে, তাহার জীবন যদি সাধু হয়, আমার সকল সাধ পূর্ণ হয়। আপন মনে এই ধ্যান করিতে করিতে এলীজার হৃদয় যেন শান্তি-সুধাসগারে সন্তরণ করিতে লাগিল!

পরদিন প্রাতে জেম্‌স শয্যা হইতে উঠিলে পর দেখা গেল—তাহার শরীর সুস্থ আছে। বিশেষ কোন অসুখের লক্ষণ নাই। জননী তাহাতে আহ্লাদিত হইলেন। কিন্তু বাতজ্বরের প্রকোপ শীঘ্র তাহাকে সম্পূর্ণরূপে পরিত্যাগ করিল না। রোগে বিলক্ষণ ক্লেশ পাইতে হইয়াছিল। চিকিৎসক আসিয়া পাবদ খাওয়াইয়া, অনেক দিনে আরাম করিল। জননী অতি যত্নের সহিত সেবা না করিলে অর্থাৎ গৃহ ব্যতীত অন্যত্র হইলে জেম্‌সকে আরও ক্লেশ পাইতে হইত। এই রোগে জেম্‌সের তেমন বলবান্ দেহ ক্ষীণ হইয়া গেল।

ক্রমে তাহার শরীর যতই সুস্থ হইতে লাগিল, ততই আবার সমুদ্রে যাইবার জন্য তাহার মনের গতি বলবতী হইতে লাগিল। জননী অনেক বুঝাইয়া তাহাকে সে চিন্তা হইতে নিরস্ত করিয়া বলিলেন, দেখ জেম্‌স! তুমি লেখা পড়া করিতে একবার আরম্ভ করিলে আর তোমার সমুদ্রে যাইতে ঝোঁক হইবে না। প্রত্যুত একবার পড়াশুনায় মন দিলে, আমার দৃঢ় বিশ্বাস, তাহাতে তোমার চিত্ত এমনই মগ্ন হইয়া যাইবে, যে তুমি আর কোন্

প্রকারেই তাহা পরিত্যাগ করিতে পারিবে না। আর তোমার ইহাও ভাবা উচিত, তুমি প্রথমে যে কাপ্তেনের নিকট গিয়া তাড়িত হইয়াছিলে তাহাতেই বুঝা যায় যে, তুমি যে নাবিকের কার্য্যে জীবন যাপন করিয়া সমুদ্রে সমুদ্রে বেড়াইবে ভাবিতেছ, ভগবানের তাহা অভিপ্রেত নহে। এই সকল বিশেষ ভাবিয়া চিন্তিয়া ও তোমার জলমগ্নের কথা স্মরণ করিয়া সমুদ্র-গমন বাসনা এক্ষণে পরিত্যাগ করাই উচিত।

জননীর বাক্য শ্রবণ করিয়া জেম্‌সের চিন্তার উদয় হইল। জেম্‌স এখন লেখাপড়া শিক্ষা করিবার কোন পন্থা পাইতে পারে কি না, তাহাই ভাবিতে আরম্ভ করিল। আবার জননী তাহাকে নিজের অন্তরের কথাটী খুলিয়া বলিলেন। পরমেশ্বর তোমাকে আশ্চর্য্যরূপে রক্ষা করিতেছেন। আমার ইচ্ছা তুমি পরমেশ্বরের নাম প্রচার কর। যাহা হউক, আমি সে জন্য এখন তোমাকে বিশেষ করিয়া কিছু বলিতেছি না, ইচ্ছা হয় তুমি নিজে নিজে ভাবিয়া দেখিবে। তোমার মনের সমুদায় শক্তি যদি তাঁহার পবিত্র নাম প্রচারে ব্যয়িত কর, তাহা হইলে তদপেক্ষা সুখের বিষয় আর কিছুই হইতে পারে না। যাহা হউক, এলীজার এ বিষয়ে আর অধিক অনুরোধ করিবার অভিপ্রায় ছিল না। জেমস বলিল, মা। আমি কিছু দিন হইতে এ বিষয়টী ভাবিতেছি।

দিন চলিয়া যাইতে লাগিল। আবার শীতকাল আসিল। আবার গারফীল্ডপল্লীর বাসস্থানে বিদ্যালয় প্রতিষ্ঠিত হইল। বিজ্ঞ ও বুদ্ধিমান্, ধার্ম্মিক এবং সচ্চরিত্র জনৈক যুবা পুরুষ এবারে এই বিদ্যালয়ের শিক্ষকতা কার্য্য করিতে আসিয়াছিলেন। এই ভদ্র লোকটীর প্রকৃতি অতি মধুর ছিল বলিয়া ইনি অতি

সহজেই সকলের শ্রদ্ধা ও ভক্তি আকর্ষণ করিতে লাগিলেন। যুবকেরা ইঁহার প্রতি অত্যন্ত অনুরাগ প্রকাশ করিতে লাগিল; এবং ইনিও যুবকদিগকে ভাল পথে আনিবার জন্য, কি জ্ঞানোপদেশ দ্বারা, কি ধর্ম্মোপদেশ দ্বারা, সকল প্রকারে তাহাদিগকে সাহায্য করিতে সতত প্রস্তুত থাকিতেন।

এলীজা ইঁহার দ্বারা জেমসের কিছু করিতে পারেন কিনা, তাহাই চিন্তা করিতে লাগিলেন। তিনি ইঁহাকে আপন অভিপ্রায় জানাইলেন। ইঁনি শ্রবণমাত্র জেমসের সহিত সাক্ষাৎ করিলেন। জেম্‌স ইঁহার উদ্দেশ্যের কিছুই জানিতে পারিল না। উক্ত শিক্ষক মহাশয় ঘন ঘন জেম্‌সের সহিত সাক্ষাৎ করিতে লাগিলেন! জেম্‌সেরও তাঁহার প্রতি অতিশয় অনুরাগ হইল। জেম্‌স তাঁহার উপদেশ, ও তাঁহার কথা শুনিবার জন্য অত্যন্ত ব্যাকুল হইত।

ক্রমে যখন তাঁহাদের মধ্যে একটা ঘনিষ্ঠ যোগ স্থাপিত হইল, তখন তিনি জেম্‌সকে উত্তমরূপে লেখাপড়া শিক্ষা করাইবার জন্য অনুরোধ করিতে লাগিলেন। জেম্‌সের মনে মনে, সমুদ্রে গিয়া নাবিক হইবার ঝোঁক এখনও কিছু কিছু ছিল। জেম্‌স তাঁহাকে আপনার মনের কথা সমস্ত খুলিয়া বলিল। তিনি জেম্‌সকে উত্তমরূপে বুঝাইয়া বলিলেন যে, একজন পণ্ডিত ও একজন মূর্খ নাবিকে স্বর্গ নরকের প্রভেদ। অতএব তাঁহার মতে জেম্‌সের পক্ষে নাবিক হওয়া কোন প্রকারেই শোভা পায় না। তিনি আরও বলিলেন, যদি মানুষ হইতে চাও এবং পৃথিবীতে তোমার একটা কিছু কার্য্য করিবার ইচ্ছা থাকে, তাহা হইলে নাবিক হইবার বাসনা অচিরে জলাঞ্জলি দিয়া লেখাপড়া শিক্ষা করিতে

প্রবৃত্ত হও। তুমি লেখা পড়ায় নিযুক্ত হইবে কি না, আজ আমাকে এ সম্বন্ধে পরিষ্কার উত্তর দিতে হইবে—বৃথা তোমার সময় নষ্ট হয়, আমি ইহা আর দেখিতে পারি না। আজ এখনই আমার সাক্ষাতে তুমি বল যে, লেখাপড়া শিখিতে প্রবৃত্ত হইবে এবং সমুদ্রে যাওয়ার বাসনা পরিত্যাগ করিবে। একটা স্থির মীমাংসা করা তোমার পক্ষে নিতান্ত আবশ্যক হইয়াছে। এই মীমাংসা করিতে পারিলেই তোমার প্রথম সোপানে আরোহণ করা হইবে। তোমার এই মীমাংসা জীবনপথের নিম্নতম সোপান। আজ আমার সাক্ষাতে তোমাকে এই মীমাংসা করিতেই হইবে।

জেম্সের জননীও সেখানে উপস্থিত ছিলেন। জেম্স আপন জননীর দিকে তাকাইয়া বলিল, হাঁ আমি তাহাই করিব।

উক্ত ব্যক্তি এই কথা শুনিয়া বলিলেন, উত্তম। তারপর তুমি কেমন করিয়া লেখাপড়া শিখিবে—অর্থ কোথায় পাইবে, কোন্ বিদ্যালয়ে পাঠ করিলে তোমার সুবিধা হইবে ইত্যাদি বিষয়ের জন্য ভাবিও না। তুমি যদি লেখা পড়া শিখিবে বলিয়া একবার দৃঢ় সংকল্প কর, আর সেই সংকল্প অনুসারে চলিতে প্রস্তুত হও, তাহা হইলে তোমার অপর কোন বিষয়েই অভাব থাকিবে না; ক্রমে ক্রমে আপনাপনি সমস্তই আসিয়া উপস্থিত হইতে থাকিবে। আমি আশা করি, তুমি আমার কাছে যে সংকল্প করিলে, তাহা হইতে কদাচ আর স্খলিত হইবে না।

জেম্স বলিল, আমার এ সংকল্প আর কোন প্রকারেই টলিবে না। আমি গুগা বিদ্যালয়ে পড়িতে যাইব।

জননীর কি আনন্দ! জননীর প্রার্থনা আজ পূর্ণ হইল। এলীজার মনস্কামনা পূর্ণ হইল। তাঁহার তুল্য সুখী আর কে

আছে? আজ আর তাঁহার তুল্য সৌভাগ্যবতী রমণী কেহই নাই।

জেম্‌স তখন সঙ্গী যোটাইবার জন্য চেষ্টা করিতে লাগিল। পূর্ব্বোক্তরূপ কথাবার্ত্তা স্থির হইয়া গেলে পর জেম্‌স বলিল, উইলিয়ম ও হেন্‌রীও ত আমার সঙ্গে যাইতে পারে। আমরা তিন জনে একত্রে বাসা করিয়া আপনারাই রন্ধন করিয়া খাইব।

পূর্ব্ববর্ণিত বইণ্টন সাহেবের পুত্রদ্বয়ের নাম উইলিয়ম ও হেন্‌রী। এই প্রস্তাব উঠিলে তিনি বইণ্টন পরিবারে গিয়া তাহাদেরও জেমসের সঙ্গে যাওয়া স্থির করিয়া দিলেন।

বিদ্যালয় খুলিবার আর তিন সপ্তাহ মাত্র বিলম্ব ছিল। সুতরাং আর কালগৌণ না করিয়া শীঘ্র শীঘ্র বিদ্যালয়ে গমনের চেষ্টা হইতে লাগিল।

যখন এইরূপে বিদ্যালয়ে যাইবার চেষ্টা হইতেছে, তখন গারফীল্‌ডের বাটীর নিকটে একজন বড় চিকিৎসক আগমন করিলেন। জেম্‌স সেই চিকিৎসকের নিকট গমন করিলেন। চিকিৎসক মহাশয় গার্ফীল্‌ডের পরিচয় পাইয়াই তাহাকে চিনিতে পারিলেন, কেন না তিনি তাহার জননীকে জানিতেন, এবং জেম্‌সকেও শৈশবাবস্থায় দেখিয়াছিলেন। জেম্‌স তাঁহাকে গোপনে লইয়া গিয়া বলিল, মহাশয়! অনুগ্রহ করিয়া আমার শরীর পরীক্ষা করিয়া যদি বলিয়া দিতে পারেন, আমি একটু লেখা পড়া শিখিতে পারিব কি না, তাহা হইলে বিশেষ উপকৃত হইব। কেন না বৃথা শ্রম করিতে আমার ইচ্ছা হয় না। যদি লেখা পড়া শিখিবার মত আমার ভিতর কিছু না থাকে, তাহা হইলে বৃথা কেন সেদিকে যাইব? অন্য পথে গেলে বরং কার্য্য হইবে।

জেম্‌সের স্বাভাবিক ভাব, এবং তাহার স্বাধীন প্রকৃতি হঠাৎ চিকিৎসকের মনে যেন কেমন ভাল লাগিয়া গেল। তিনি অতিশয় মনোযোগ সহকারে প্রায় পনের মিনিট ধরিয়া তাহার মাথা, বুক, হৃৎপিণ্ড ও নাড়ী পরীক্ষা করিয়া দেখিয়া অত্যন্ত প্রীত হইলেন। তিনি বলিলেন, তোমার মস্তিষ্ক ও তোমার হৃৎপিণ্ড ইত্যাদি দ্বারা আমি যতদূর দেখিতেছি, তুমি পরিশ্রম করিলে প্রচুর বিদ্যা উপার্জ্জন করিতে পারিবে। যত পারিবে, পরিশ্রম করিবে। খাটিতে ভয় করিও না; তোমার শরীরের যে প্রকার গঠন দেখিলাম, তাহাতে অধিক খাটিলে তোমার কোন অনিষ্ট হইবে না। আর আমাকে তোমার চিরদিনের অকৃত্রিম বন্ধু বলিয়া জানিবে। তোমার যখন কোন আবশ্যক হইবে, আমাকে জানাইবে; আমি যতদূর পারিব, তোমার সাহায্য করিতে চেষ্টা করিব। এই কথা বলিয়া চিকিৎসক মহাশয় তাহাকে বিদায় দিলেন।

ওগা বিদ্যালয়ে অধ্যয়ন করিতে যাইবার সময় স্থির হইল। জেম্‌সের পোষাক অতি কদর্য্য। অতি জীর্ণ একটী পাজামা—তাহা পরিয়াও হাঁটু বাহির হইয়া পড়িতেছে। মা যত্ন করিয়া হাঁটুতে তালি দিয়া দিলেন। সমস্ত পা ঢ়খানা ঢাকা পড়িল না। আর সেই প্রকারের টুপি, এবং তাহার উপযুক্ত জামা, আর কোট। পায়ে জুতা ছিল কি না, আমরা জানি না। জুতা না থাকাই সম্ভব। মার বড় সাধ হইল, জেম্‌সকে একটা নূতন পোষাক করিয়া দেন। কিন্তু হায়! অর্থাভাবে তাহা হইল না!

মাতা কায়ক্লেশে এগারটী ডলার * সংগ্রহ করিয়া জেম্‌সের

* আমেরিকার মুদ্রা, এক ডলারের মূল্য প্রায় ২॥০ টাকা।

হাতে দিয়া বলিলেন, বাছা! ইহাতে যাহা হয় করিও। জেমস বলিল, মা ইহাতেই যথেষ্ট হইবে। আমি আবার অর্থ উপার্জ্জন করিয়া লইব। এই বলিয়া জেম্‌স, উইলিয়ম ও হেন্‌রীকে সঙ্গে করিয়া একটী থলের ভিতর রন্ধনের সামগ্রী সকল লইয়া তাহা পৃষ্ঠে ফেলিয়া বিদ্যালয়াভিমুখে প্রস্থান করিল।

১২

গুপ্ত বিদ্যালয়

উইলিয়ম ও হেন্‌রী বইণ্টন এবং জেম্‌স এব্রাম গারফীল্ড তিন জনে প্রায় একই রকম পরিচ্ছদ পরিধান করিয়া চেষ্টার নগরাভিমুখে যাত্রা করিল। অরেঞ্জ নগর হইতে চেষ্টার নগর পাঁচ ক্রোশ পথ ব্যবধান। পথ ভাল ছিল না। আমাদের বালকগণ যে অবস্থায় গমন করিতেছিল, আজ কাল হইলে কোন রাজভক্ত পাহারাওয়ালা নিশ্চয়ই চোর বলিয়া তাহাদিগকে গ্রেপ্তার করিত। যাহা হউক, সে সময় সে ভয় ছিল না। সকলেই অতি আনন্দ মনে এক এক বোঝা পৃষ্ঠে লইয়া গমন করিতে লাগিল।

চেষ্টার নগরে পৌঁছিয়া তাহারা একেবারে বিদ্যালয়ের অধ্যক্ষ ব্রাঞ্চ সাহেবের নিকট গমন করিল। জেম্‌স তাঁহাকে নমস্কার করিয়া আপনাদের পরিচয় প্রদান করিল। পরে তিনি তাহাদের অভিপ্রায় অবগত হইয়া অদূরস্থিত একটী কুটীর দেখাইয়া দিয়া বলিলেন, তোমরা ঐ কুটীরে যাও; ওখানে একটী বৃদ্ধা বাস করেন, তাঁহাকে জিজ্ঞাসা করিলেই তিনি তোমাদের সমুদায় বন্দোবস্তের কথা বলিয়া দিতে পারিবেন।

জেমস প্রভৃতি তাঁহার ইঙ্গিত মত বৃদ্ধার নিকটে উপস্থিত

হইল, এবং আপন আপন পৃষ্ঠের বোঝা নামাইয়া পাক করিয়া সেদিনকার মত আহার করিল। ক্রমে আহার সম্বন্ধে তাহারা একটু ভাল বন্দোবস্ত করিয়া লইল; তাহারা সেই বৃদ্ধাকে যৎ-সামান্য অর্থ দেওয়াতে বৃদ্ধা তাহাদিগকে পাক করিয়া দিতেন, এবং তাহাদের কাপড় কাচিয়া দিতেন।

বিদ্যালয়ে প্রবেশ করিয়া আমাদের জেম্‌স খুবই উৎসাহের সহিত লেখা পড়া করিতে আরম্ভ করিল। বলা বাহুল্য যে, জেম্‌স বিদ্যালযের মধ্যে অতি উৎকৃষ্ট ছাত্র বলিয়া পরিগণিত হইল।

দেখিতে দেখিতে, জেম্‌সের জননী জেম্‌সকে যে কিছু অর্থ দিয়াছিলেন, তাহা শেষ হইয়া আসিল। জেম্‌স তখন অর্থোপা-র্জ্জনের উপায় বাহির করিবার চেষ্টায় প্রবৃত্ত হইল। এখন তাহার লেখা পড়ায় এমন অনুরাগ জন্মিয়াছিল যে, পয়সার অভাবে লেখা পড়া বন্ধ হইতে পারে, তাহার মনে এমন একটা ধারণাই হইত না। জেম্‌স পরিশ্রমে কখনই কাতর নয়। অসুরের মত পরিশ্রম করিলেও তাহার কষ্ট বোধ হইত না। পরিশ্রমে তাহার আনন্দ বোধ হইত।

বিদ্যালয়ের নিকটে উড্‌ওয়ার্থ নামক এক সূত্রধরের কাঠের কারখানা ছিল। জেম্‌সের পূর্ব্ব হইতে সেই দিকে দৃষ্টি পড়িয়া-ছিল। যখনই সে চেষ্টার নগরে পদার্পণ করে, তখনই এই সূত্র-ধরের কারখানা দেখিয়া সে মনে মনে স্থির করে যে, এখানে পয়সা উপার্য়ের এ এক অতি সুন্দর সুযোগ হইবে। তাই আজ জেম্‌স, উড্‌ওয়ার্থ সাহেবের কারখানায় গিয়া বলিল, আমি অরেঞ্জ হইতে এখানকার বিদ্যালয়ে পড়িতে আসিয়াছি। আমি দরিদ্র; আসিবার সময় মা যে কয়েকটী টাকা দিয়াছিলেন, আমার তাহা

প্রায় ফুরাইয়া আসিয়াছে। আমরা নিজে নিজেই পাক করিয়া খাই ; অতি অল্প পয়সা হইলেই চলিয়া যায়। আপনি যদি আমাকে কায দেন, তাহা হইলে প্রতিদিন সকালে, বিকালে এবং শনিবার সমস্ত দিন কার্য্য করিতে পারি। উড্‌ওয়ার্থ সাহেব জিজ্ঞাসা করিলেন, তুমি কি কি কায জান? জেম্‌স বলিল, ঘর প্রস্তুত করিতে ও তক্তা রেঁদা করিতে পারি।

তাহার দ্বারা রেঁদার কার্য্য ভাল হইতে পারিবে ভাবিয়া, সূত্রধর সাহেব তাহাকে পরদিন আসিতে বলিয়া দিলেন। জেম্‌-সের বিবরণ শুনিয়া, উডওয়ার্থ সাহেব তাহার উপকারার্থ কার্য্য দিতে চেষ্টা করিবেন, এইরূপ একটু ভাব প্রকাশ করাতে জেম্‌স বলিল, না, আবশ্যক না থাকিলে আপনি যে অনুগ্রহ করিয়া আমাকে কার্য্য দিবেন, আমি এমন ইচ্ছা করি না—আমি এমন অনুগ্রহ চাই না। আমি আপনার আবশ্যক মত কার্য্য করিতে পারি—আমার কায যদি আপনার ভাল বোধ হয়, তাহা হই লেই আপনি আমাকে পয়সা দিবেন।

আমরা জেম্‌সের তেজ দেখিয়া অবাক্ হইতেছি। এমন তেজ না হইলে কি তাহাকে মানুষ বলা যায়? আপনি পরিশ্রম করিয়া খাইব, আপনি নিজের প্রয়োজনীয় সমস্তই নিজে উপার্জ্জন করিয়া লইব। কাহারও অনুগ্রহের উপর নির্ভর করা ত কাপুরুষের কার্য্য। মানুষ অন্যের উপর নির্ভর করিবে না,—জেম্‌সের অস্থি-মজ্জায় এই স্বাধীনভাব বাল্যকাল হইতে প্রস্ফুটিত হইতেছিল।

যাহা হউক, জেম্‌সের কথায় অত্যন্ত প্রীত হইয়া উড্‌ওয়ার্থ সাহেব পুনরায় বলিলেন, তোমার সে সব কথা ভাবিবার আব-শ্যক নাই, তুমি কাল আসিও।

পরদিন হইতে জেম্‌স উড্‌ওয়ার্থ সাহেবের কাঠের কারখানায় তক্তা বেঁদা করিতে লাগিল। প্রতিদিন প্রাতে বিদ্যালয় আরম্ভ হইবার পূর্ব্ব পর্য্যন্ত এবং বৈকালে বিদ্যালয়ের ছুটীর পর ও শনিবারের সমস্ত দিবস কাঠ বেঁদা করিয়া জেম্‌সের যথেষ্ট অর্থ উপার্জ্জন হইতে লাগিল। জেম্‌সের অর্থের কষ্ট রহিল না, কিন্তু তাহার আর খেলা করিবার বা বেড়াইবার সময় রহিল না। অন্যান্য বালকেরা যখন বেড়াইত, অথবা খেলা করিত, তখন জেম্‌স কাঠের কারখানায় কাঠ বেঁদা করিত। সে ইহাতে অসুবিধা মনে করিত না, কিম্বা অণুমাত্রও অসুখী হইত না। এত পরিশ্রমের মধ্যেও জেম্‌সের সদানন্দভাব কিছুতেই তিরোহিত হইত না।

এই বিদ্যালয়ে একটী পুস্তকালয় ছিল। পুস্তকালয়ে অধিক পুস্তক না থাকিলেও বালকদিগের উপযোগী ও উপকারী একশত কি দেড়শত খানি ভাল পুস্তক ছিল। জেম্‌সকে এখানে আহার সংস্থানের জন্য অতিশয় গুরুতর পরিশ্রম করিতে হইত বলিয়া, সে ইচ্ছানুরূপ এই পুস্তকালয়ের পুস্তকগুলি পাঠ করিবার সময় পাইত না, তথাপি গভীর রাত্রি পর্য্যন্ত জাগিয়া, যতদূর পারিত, শিক্ষা করিতে ক্ষান্ত হইত না। নিজের প্রতিদিনের পাঠের ত কথাই নাই—সে বিষয়ে জেম্‌সের স্বশ্রেণীস্থ কোন ছাত্র বা ছাত্রী তাহার সমকক্ষ ছিল না।

গুগা বিদ্যালয়ের নিয়মানুসারে জেম্‌সকে প্রত্যেক মাসে দুইটী করিয়া প্রবন্ধ লিখিতে হইত। প্রবন্ধের বিষয় কখনও বা শিক্ষক মহাশয় বলিয়া দিতেন, আর কখনও বা জেম্‌সকে নিজে নিজেই বাছিয়া লইতে হইত। এই সকল প্রবন্ধ কখন

কখন লেখককে সর্ব্বসমক্ষে পাঠ করিতে হইত। জেম্‌স যখন প্রথম এই প্রকার প্রবন্ধ পাঠ করে, তখন তাহার অত্যন্ত ভয় হইয়াছিল। পাঠের সময় তাহার পদদ্বয় কাঁপিতেছিল। কিন্তু তাহার প্রবন্ধ খুব ভাল হইয়াছিল। সকলেই তাহার প্রবন্ধ শ্রবণ করিয়া সন্তোষ প্রকাশ করিতে লাগিল। এই সময় জেম্‌-সের কথা লইয়া একদিন তাহার একজন বন্ধু তাহাকে তামাসা করিয়া বলিল, জেম্‌স, তোমার ছিন্ন বস্ত্রের মধ্য হইতে এমন চমৎকার প্রবন্ধ বাহির হইবে, তাহা জানিতাম না। জেম্‌স বলিল, তুমি আমার জীর্ণ কাপড় বলিয়া তামাসা করিতেছ। প্রবন্ধ লেখায় ত পয়সা লাগে না—কেবল একটু পরিশ্রম ও বুদ্ধির দরকার; কিন্তু ভাল কাপড় করিতে যে পয়সা লাগে, সে পয়সা কোথায় পাই বল ত! জেম্‌সের কথা শুনিয়া সঙ্গীটী লজ্জিত হইল।

জেম্‌সের হাতে এই সময় একখানি মহৎ লোকের জীবন-চরিত আসিয়া পড়িল। জেম্‌স অতি আগ্রহের সহিত সেই জীবনীখানি পাঠ করিতে লাগিল। সেই গ্রন্থের বর্ণিত ব্যক্তি যে প্রকার ক্লেশ সহ্য করিয়া, অনাহার অনিদ্রার মধ্যে লেখা পড়া শিক্ষা করিয়াছিলেন, জেম্‌সের পক্ষে তাহা অত্যন্ত অনু-করণীয় হইয়া পড়িল। উক্ত মহাত্মার জীবন চরিতে এইরূপ উল্লেখ ছিল যে, তিনি মাংসাদি কিছুই আহার করিতেন না; তাহার কারণ অর্থ ছিল না, এবং মাংসাহার করিলে শরীরও ভাল থাকিত না। তিনি কেবলমাত্র দুগ্ধ ও রুটী খাইয়া জীবন ধারণ করিতেন, এবং সমুদয় শরীর মনের শক্তি নিয়োগ করিয়া লেখা পড়া করিতেন। এই জীবনচরিত পাঠ করিয়া জেম্‌সও সেই

অনুসারে অল্প ব্যয়ের আশায় মাংসাহার বর্জ্জন করিয়া কেবল-মাত্র দুগ্ধ পান করিয়া কয়েক সপ্তাহ চালাইল। ইহাতে তাহার কিছুমাত্র অসুবিধা বোধ হইল না; কিন্তু তাহার সঙ্গী উইলিয়ম ও হেন্‌রীর অসুবিধা হইল বলিয়া আবার পূর্ব্ববৎ আহার আরম্ভ করিতে হইল।

ইহারা তিন জনে যে আহার করিত, তাহাও অতি সামান্য। আজ কাল আমাদের দেশের অতি অল্প ছাত্রকেই এতদ্রূপ ক্লেশ স্বীকার করিয়া লেখা পড়া শিখিতে দেখা যায়। আমরা শুনিয়াছি, ভক্তিভাজন পণ্ডিতপ্রবর বিদ্যাসাগর মহাশয় পুরুষকারের উজ্জ্বল দৃষ্টান্ত স্থল, তিনি ছাত্রাবস্থায় কোন দিন বিনা লবণে এবং কোন কোন দিন কেবলমাত্র লবণ সংযোগে চারিটী অন্ন আহার করিয়া, অত্যন্ত কঠোর ক্লেশ স্বীকার পূর্ব্বক বিদ্যা উপার্জ্জন করিয়াছেন। যাঁহারা প্রকৃত বড় লোক, সর্ব্বত্রই তাঁহাদের মধ্যে কেমন একটা সুন্দর সাদৃশ্য দেখা যায়।

গুণা বিদ্যালয়ের ছাত্রগণ মিলিত হইয়া পূর্ব্ব হইতেই একটী পাঠগোষ্ঠী এবং বিচার ও আলোচনা সভা সংস্থাপন করিয়াছিল। জেম্‌স সেই সভায় অতীব বিজ্ঞতা ও পাণ্ডিত্যের সহিত বিবিধ বিষয়ের আলোচনায় প্রবৃত্ত হইল। সে এমন চমৎকার তর্ক বিতর্ক ও আলোচনা করিতে লাগিল যে, তাহা শুনিবার জন্য অনেক লোক সমাগত হইত, এবং তাহার বক্তৃতা ও কথাবার্ত্তা শুনিয়া অত্যন্ত প্রীতি অনুভব করিত। জেম্‌সের বিচক্ষণ আলোচনা শক্তির সাহায্যে সভা ক্রমেই লোককে আকৃষ্ট করিতে লাগিল। ফলতঃ এখন হইতেই লোকে, জেম্‌স এক জন দেশ-বিখ্যাত সুবক্তা হইবে বলিয়া অনুমান করিতে লাগিল।

১৩

ছুটির পর

গুর্গা বিদ্যালয় গ্রীষ্মাবকাশে দুই মাসের জন্য বন্ধ হইল। জেম্স আবার এই দুই মাস কাল কায়িক পরিশ্রম করিবার সুযোগ পাইল। টমাসও এই সময় বাড়ী আসিয়াছিলেন। ইতিপূর্ব্বে যখনই টমাস বাড়ী আসিতেন, তখনই কিছু কিছু কাঠ সংগ্রহ করিয়া যাইতেন; এইরূপে ক্রমে একখানি শস্যাগারের উপযুক্ত কাঠ সংগ্রহ হইলে পর, টমাস মাতাকে একটী শস্যাগার অর্থাৎ গোলা প্রস্তুত করিয়া দিবার বাসনা করিলেন। এই জন্য জেম্স গৃহে আসিবামাত্র টমাস তাহাকে একটী গোলার নক্সা করিতে বলিলেন। পূর্ব্বেই বলা হইয়াছে যে, জেম্স ট্রীট সাহেবের নিকট এই কায উত্তমরূপে শিক্ষা করিয়াছিল। সুতরাং এবার আর সুতরের আবশ্যক হইল না। দুই সহোদরে মিলিয়া অতি উত্তম একটী গোলা অতি অল্পকাল মধ্যে প্রস্তুত করিয়া লইলেন।

এখন জেম্সকে আবার অর্থ চিন্তায় ব্যস্ত হইতে হইল। আবার চেষ্টারে ফিরিয়া যাইতে হইবে। এতদ্ভিন্ন ঔষধের জন্য কিছু ঋণ ছিল, তাহাও পরিশোধ করিতে হইবে; সুতরাং অর্থের বিশেষ প্রয়োজন। জেম্স সঙ্কল্প করিল, এবার আর কাহারও নিকট হইতে একটী পয়সাও লওয়া হইবে না। সুতরাং জেম্স অর্থ উপার্জ্জনের চেষ্টায় কোন এক কৃষকের ক্ষেত্রে গমন করিল, কৃষক জেম্সকে পাইয়া মহা আহ্লাদিত হইয়া বলিল, জেম্স, তুমি যদি আরও কয়েক দিন অগ্রে আসিতে, তাহা হইলে আরও ভাল হইত। আমার কার্য্য এবার বড় পিছাইয়া পড়িয়াছে।

এ কার্য্য আমি কোন মতে ফুরাইতে পারিতেছি না; তুমি আসিয়াছ, এইবার আমার আর কোনও ভাবনা নাই।

বলা বাহুল্য, জেম্‌স যথাসাধ্য পরিশ্রম করিয়া তাহার কায সমাধা করিল। কৃষক অতি সৎলোক ছিল; আর জেম্‌সের কায দেখিলে শত্রুও তাহাকে ভাল বাসিত, তাই উক্ত কৃষক তাহাকে যথোপযুক্ত অর্থ দ্বারা সন্তুষ্ট করিয়া গৃহে পাঠাইয়া দিল।

এই কৃষকের কার্য্য হইয়া গেলে জেম্‌স আরও অধিক কার্য্য পাইল। এবার এত কার্য্য পাইল যে, স্কুল খোলার পূর্ব্ব পর্য্যন্ত তাহাকে আর কার্য্যের অভাবে বসিয়া থাকিতে হইল না। এইরূপে ছুটিতে যথেষ্ট অর্থ উপার্জ্জন হইল। জননীকে কতক অর্থ দেওয়া হইল, পথ খরচ হইল এবং ঔষধাদির যাহা ঋণ ছিল, তাহা শোধ হইয়া আরও কিছু পয়সা হাতে রহিল। ছুটির সময় এইরূপ কঠোর পরিশ্রম করিতে হইলেও তাহার রাত্রি জাগরণ করিয়া পাঠের বিরাম ছিল না। সে প্রতিদিন নিয়মিত রূপে সন্ধ্যা হইতে গভীর রাত্রি পর্য্যন্ত পাঠ করিত। জেম্‌স সমুদ্রে যাওয়ার কথা একবারে ভুলিয়া গিয়াছিল। মাতাও আর সে কথা তুলিলেন না। তিনি পুত্রের ঈদৃশ পরিবর্ত্তন দেখিয়া মনে মনে পরমেশ্বরকে ধন্যবাদ দিতে লাগিলেন।

বিদায়কালে জেম্‌সের জননী বলিলেন, আমার ইচ্ছা যে তুমি কিছু টাকা লইয়া চেষ্টার যাও। জেম্‌স ছয় আনার পয়সা হাতে করিয়া দেখাইয়া বলিল, মা! আমার এই সম্বল। আর আমার অধিক পয়সার আবশ্যক নাই। উড্‌ওয়ার্থ সাহেবের সঙ্গে আমার বন্দোবস্ত আছে। আমি তাহার কারখানায়

খাটিয়া যে অর্থ পাইব, তাহাতেই আমার যথেষ্ট হইবে. তুমি আমার জন্য ভাবিও না।

আমাদের বলিতে ভুল হইয়াছে যে, জেম্‌স এবারে এক প্রস্থ নূতন পোষাক প্রস্তুত করাইয়া লইয়াছিল। আমাদের আরও একটী কথা বলিতে ত্রুটী হইয়াছে যে, আমরা যেখানে জেম্‌সকে দেখিয়াছি—কি নৌ-চালকের কার্য্যে, আর কি বিদ্যালয়ে—সকল জায়গাতেই তাহার এক বস্ত্র বই দ্বিতীয় বস্ত্র ছিল না। তাহার পা-জামার নীচে পায়ের আধ হাত পরিমাণ স্থান সততই আবরণহীন থাকিত। কলিকাতা সহরে যেরূপ দরিদ্র ফিরিঙ্গি বালকদিগকে অতি হীনবেশে বেড়াইতে দেখা যায়—জেম্‌সের বেশও ঠিক্ তদ্রূপ ছিল!

জেম্‌স চেষ্টারে ফিরিয়া আসিলে পর রবিবার দিবস উপাসনালয়ে ভগবানের উপাসনা করিতে গেল। সেখানে যখন উপাসকদিগের সমক্ষে ভিক্ষার ঝুলি ধরা হইল, জেম্‌স তন্মধ্যে তাহার পূর্ব্বোক্ত ছয় আনার পয়সা ফেলিয়া দিল। সুতরাং এখন তাহার হাতে আর একটী পয়সাও রহিল না। কি মহত্ত্ব! এক দিকে ঘোর দারিদ্র্য, আবার অপর দিকে হৃদয়ের কতই প্রশস্ততা!

এবারে ছুটির সময় জননী এলীজা জেম্‌সকে বলিয়াছিলেন যে, যদি শীতকালে আর আর লোকের মত পাঠশালা খুলিয়া সে শিক্ষা দিতে পারে, তাহা হইলে তাহার অর্থ উপার্জ্জনের একটী প্রকৃষ্ট উপায় হয়। জেম্‌স আগামী শীতের ছুটিতে শিক্ষকতা করিবে, বলিয়া মনে মনে সংকল্প করিল।

জেম্‌স অত্যন্ত প্রতিভাশালী অথচ দরিদ্র, এজন্য বিদ্যালয়ের অধ্যক্ষ মহাশয় যাহাতে তাহার লেখা পড়ার সুবিধা হয়, তদ্বি-

যয়ে অনেক চিন্তা করিতেন। তাঁহার মনে বড়ই আশঙ্কা হইত, পাছে অর্থাভাব বশতঃ জেমসের লেখা পড়া না হয়। তজ্জন্য তিনি তাহাকে আগামী শীতের ছুটিতে কোন না কোন স্থানে বিদ্যালয় খুলিয়া শিক্ষকতা দ্বারা কিঞ্চিৎ অর্থ উপার্জ্জনের চেষ্টা করিতে বলিলেন।

অধ্যক্ষের মুখে এই কথা শুনিয়া জেমস বলিল, আমার এবার সে চেষ্টা করিবার ইচ্ছা আছে, সুবিধামত একটা আযোজন হইবে কি না, আমার তাহাই সন্দেহ হয়। আমার মা আমাকে বলেন যে, আমি যদি পাঠশালা খুলিয়া শিক্ষকতা করিতে পারি, তাহা হইলে আমার শিক্ষা লাভের আর কোন ভাবনা থাকে না।

ব্রাঞ্চ সাহেব জেমসের মাতৃভক্তি দেখিয়া অত্যন্ত প্রীত হইয়া বলিলেন, জেমস, উত্তম! আমিও তোমার মার সঙ্গে সম্পূর্ণ একমত। তুমি যে তোমার মাতার কথা এত ভাব, আমি ইহা জানিয়া অত্যন্ত সুখী হইলাম। যে সকল বালক মাতার উপদেশ অনুসারে এইরূপে চলিতে চেষ্টা করে, তাহারা প্রায়ই সফলকাম হয়। তিনি আরও বলিলেন যে, আর এক কারণে জেমসের বিদ্যালয় খুলিয়া শিক্ষা দেওয়া উচিত। এক দিকে যেমন অর্থ-লাভ হইলে তাহার পাঠের ব্যয় নির্ব্বাহ হইবে, অপর দিকে আবার তেমনি তাহার মত শিক্ষক দ্বারা পল্লীস্থ দরিদ্র বালকেরা বিশেষ উপকার লাভ করিবে। তিনি বলিলেন, জেমস! এইটাই সর্ব্বাপেক্ষা বেশী গুরুতর কথা। আমরা যে কেবল নিজ স্বার্থের জন্য জীবনধারণ করিব, তাহা নহে। কেবল মাত্র নিজ স্বার্থ বুঝিয়া চলা আমাদের উচিত নয়। সেরূপ স্বার্থান্ধ হওয়া অত্যন্ত ঘৃণনীয়।

জেমস তখন আবার ধীরে ধীরে তাঁহাকে জিজ্ঞাসা করিতে

লাগিল যে, সে ভাল শিক্ষক হইতে পারিবে কি না। তাহার উত্তরে অধ্যাপক মহাশয় বলিলেন, শিক্ষক হইবার যথেষ্ট সদ্গুণ তাহার মধ্যে আছে—সুতরাং সে জন্য তাহাকে চিন্তিত হইতে হইবে না। অধ্যক্ষ মহাশয়ের কথায় সরলমতি জেম্স বিশেষ সুখানুভব করিল।

এই বৎসর বিদ্যালয়ে এমন একটী ঘটনা ঘটিয়াছিল, যদ্দ্বারা বুঝা যায়, চুম্বক শলাকার মুখ যেমন নিয়ত উত্তর মুখে থাকে, সেইরূপ জেম্সের বুদ্ধি, জেম্সের মতি সর্ব্বদাই ন্যায়ের দিকে থাকিত। চুম্বক শলাকাকে সহস্র চেষ্টা করিয়াও যেমন ঘুরাইয়া ফিরাইয়া কোন প্রকারেই অন্য মুখে রাখা যায় না, সেইরূপ জেম্সের বুদ্ধি, জেমসের মতি কোন প্রকারেই তর্ক যুক্তি দ্বারা ন্যায়ের দিক্ হইতে ফিরিয়া অন্যায়ের দিকে যাইত না।

বিদ্যালয়ের ছাত্রগণ অনেক সময় দুর্ব্বৃত্ত হইয়া থাকে। কতকগুলি আচরণ বালক-সুলভ চপলতা বলিয়া উপেক্ষা করা যাইতে পারে। কিন্তু কতকগুলি আচরণ এমন আছে, যাহা উপেক্ষা করিতে গেলে ন্যায়ের মর্য্যাদা রক্ষা করিতে পারা যায় না; এমন কি ন্যায় ও নীতি উভয়েরই অবমাননা করা হয়। আমরা জানি, অনেক বিদ্যালয়ের কর্ত্তৃপক্ষ ও শিক্ষক মহাশয়গণ আয়াস ও শান্তিভঙ্গ ভয়ে অনেক সময় দুরন্ত ও দুশ্চরিত্র বালকদিগের গর্হিত আচরণ উপেক্ষা করিয়া থাকেন। ইহাতে জনসমাজের যে কত ক্ষতি হয়—তাঁহাদের পবিত্র কর্ত্তব্যের যে কত দূর অবহেলা করা হয়, তাহা বলিয়া শেষ করা যায় না। চেষ্টার নগরের গুগা বিদ্যালয়ের অধ্যক্ষ ব্রেঞ্চ সাহেব মহোদয় সে প্রকৃতির লোক ছিলেন না। ছাত্রদিগের চরিত্র ও

বিদ্যালয়ের সম্মান রক্ষা করিবার জন্য তিনি নিয়ত চেষ্টিত থাকিতেন।

এক দিন উক্ত বিদ্যালয়ের একটী দুরন্ত ও মুখর বালক পথে যাইতে যাইতে একজন ভদ্র লোকের প্রতি অসম্মানসূচক বাক্য প্রয়োগ করিয়া তাঁহাকে অপমানিত করে। সেই ভদ্র লোকটী সমস্ত বৃত্তান্ত বিবৃত করিয়া অধ্যক্ষ মহাশয়ের নিকট যুবকের বিরুদ্ধে অভিযোগ উপস্থিত করিলেন। তিনি বলিলেন যে, বিদ্যালয় ও অধ্যক্ষ মহাশয়ের গৌরব রক্ষা এবং সেই বালকের কল্যাণার্থ তাহাকে বিধিমত দণ্ডবিধান করা উচিত, এবং সমুদয় বিদ্যালয়ের বালকদিগকে সাবধান করিয়া দেওয়া উচিত, যেন ভবিষ্যতে আর এমন ঘটনা না হয়। ব্রাঞ্চ সাহেব মহোদয় তাহাই করিলেন।

কিন্তু বিদ্যালয়ের ছাত্রগণের মধ্যে আবার অনেক সময় মিথ্যা আত্মসম্মানের অভিমান আসিয়া উপস্থিত হয়। উল্লিখিত যুবকের নাম বেল। কতকগুলি বালক বালিকা বলিতে আরম্ভ করিল যে, বেলকে যদি অন্যায় করিয়া বিদ্যালয় হইতে তাড়াইয়া দেওয়া হয়, তাহা হইলে তাহারাও বিদ্যালয় হইতে চলিয়া যাইবে। কুড়িটী বালক বালিকা এইরূপে এক দলবদ্ধ হইল। ক্রমে তাহারা এ বিষয়ে জেমসের সহানুভূতি পাইবার আশায় তাহার নিকট উপস্থিত হইল। জেম্‌স বলিল, আমাকে বলিতে পার, আমি কি জন্য বিদ্যালয় ছাড়িয়া চলিয়া যাইব? আর একজনকে তাড়াইয়া দেওয়া হইতেছে, বলিয়াই কি আমি চলিয়া যাইব?

জেমসের প্রশ্নের উত্তরে কাহারও মুখে বাক্য সরিল না।

কিয়ৎক্ষণ পরে একজন বলিয়া উঠিল, আমরা অধ্যক্ষের এরূপ আচরণের প্রতি ঘৃণা প্রদর্শন করিতে চাই। এই কথা শুনিয়া জেম্‌স অত্যন্ত বিরক্ত হইল। তাহার সহিত বালকদিগের ঘোরতর তর্ক হইতে লাগিল। অবশেষে সেই বন্ধু বলিল, জেম্‌স! তুমি যে সকল কথা বলিতেছ, তাহা যথার্থ বটে—কিন্তু যদি আমার কোন বন্ধু নির্ব্বুদ্ধিতাবশতঃ বিপদে পড়ে, আমি তাহাকে নিশ্চয়ই সাহায্য করিব। তখন জেম্‌স বলিল, এরূপ অবস্থায় আমিও সর্ব্বাগ্রে সাহায্য করিয়া থাকি, যদি আমার বন্ধু তাঁহার অনুষ্ঠিত অন্যায কার্য্যের জন্য বিশেষ দুঃখিত হন, এবং তিনি যদি নিজে সদুপায়ে ও ন্যায্যরূপে আপনাকে আপনি বাঁচাইতে যত্নবান্ হন,—নতুবা নহে।

বলা বাহুল্য যে, বেলের বন্ধুগণ অন্যায় উপায় দ্বারা তাহার সাহায্য করিতে যাইতেছিল। তাই সেই বন্ধু বলিল, আমরা যে প্রণালীতে তাহাকে সাহায্য করিতে যাইতেছি, সে বিষয়ে তবে তোমার অভিমত নাই? জেম্‌স বলিল, কোন মতেই নয়। বেল যদি সেই ভদ্র লোকটীর নিকট ক্ষমা প্রার্থনা করে, এবং অধ্যক্ষ মহাশয়কে জানায় যে, সে যে ব্যবহার করিয়াছে, তজ্জন্য দুঃখিত হইয়াছে, এবং ভবিষ্যতে আর সেরূপ কায করিবে না, তাহা হইলে আমি সর্ব্বাগ্রে তাহার সহায়তা করিতে প্রস্তুত আছি। ফলতঃ আমি তাহাকে সাহায্য করিতে যাইবার অগ্রে, সে নিজে নিজের সাহায্য করিতেছে, আমি এইটী দেখিতে চাই।

বিচারে জেম্‌সের জয় হইল। বিদ্যালয়ের বিদ্রোহ নিবিয়া গেল। বেল যথাযথরূপে দোষ স্বীকার করিয়া ক্ষমা প্রার্থনা

করিল। ছাত্র ও বিদ্যালয় সকলেরই গৌরব রক্ষা হইল।

ক্রমে জেম্‌সের আরও বিজ্ঞতা ও পাণ্ডিত্য প্রকাশিত হইতে লাগিল। বিদ্যালয়ের মধ্যে জেম্‌স আদর্শ ছাত্র হইয়া উঠিল। সকলেই তাহার মতে চলিতে লাগিল। সুতরের কারখানায় কায করিয়া তাহার আর এবার অর্থের অভাব রহিল না। সর্ব্ব-প্রকার ব্যয় বাদে এবারে আবার ফিরিয়া যাইবার সময়ও জেম্‌সের হাতে কিছু টাকা রহিল। ক্রমে আবার শীতকাল আসিল, আবার স্কুল বন্ধ হইল।

১৪

শিক্ষকতা

শীতের বন্ধে যেদিন জেম্‌স গৃহে আসিয়া পৌঁছিল তার পরদিন প্রথমেই সে পাঠশালায় শিক্ষকতার অনুসন্ধানে বাহির হইল। একটী ভাল জায়গার উদ্দেশে গৃহ হইতে বাহির হইল এবং পাঁচ ক্রোশ দূরবর্ত্তী কোন গ্রামে উপস্থিত হইয়া কর্ম্মপ্রার্থী হইল। সেখানকার লোকেরা বালক বলিয়া তাহাকে উপেক্ষা করিল। জেম্‌সের তখন মনে হইল যে, তাহার অল্প বয়স বশতঃ যদি সর্ব্বত্রই এই প্রকারে উপেক্ষিত হইতে হয়, তাহা হইলে ত বড়ই বিপদ! যাহা হউক, তাহার মনে একটু আশঙ্কা হইলেও একবারে নিরাশ হইবার বালক সে ছিল না। আবার কতকদূর গমন করিয়া আর একস্থানে উপস্থিত হইল, এবং তত্রস্থ বিদ্যা-লয়ের কমিটীর একজন সভ্যকে আপন অভিপ্রায় জ্ঞাপন করিল।

জেম্‌সের আবেদন শুনিয়া সেই লোকটী তাহাকে অতি মিষ্টভাবে বলিলেন, যে যদি আর এক সপ্তাহ পূর্ব্বে হইত, তাহা

হইলে তাঁহারা নিশ্চয়ই উহাকে তাঁহাদের পাঠশালার শিক্ষক করিতে পারিতেন। তাঁহারা তাঁহাদের পাঠশালার জন্য লোক নিযুক্ত করিয়াছেন। সুতরাং সেখানেও তাহার কার্য্য হইল না। যাহা হউক, তিনি বালকের প্রতি বিশেষ অনুকম্পা প্রকাশ করিয়া বলিয়া দিলেন যে, নর্টন নামক স্থানে এখনও শিক্ষক নিযুক্ত হয় নাই, দুই ক্রোশ দূরবর্ত্তী উক্ত স্থানের নেল্‌সন সাহেবের নিকট যাইলে সমস্ত বিবরণ জানিতে পারিবে। এই বলিয়া তাহাকে তথায় পাঠাইয়া দিলেন।

জেম্‌স যদিও এখানে কায পাইল না, তথাপি তাহার মনে একটু আনন্দ হইল যে, সর্ব্বত্রই লোকে বয়স দেখিয়া পাঠশালার শিক্ষক নিযুক্ত করে না। কেননা, বয়সের অপেক্ষা করিয়া বসিয়া থাকিতে হইলে জেমসের পক্ষে মহা বিপদ। যাহা হউক, জেমস আবার চলিতে আরম্ভ করিল। নর্টন নামক স্থানে পৌঁছিতে সমস্ত বেলা শেষ হইয়া গেল। সেখানে গিয়া পূর্ব্বোক্ত নেল্‌সন সাহেবের সহিত সাক্ষাৎ করিবামাত্র তিনি বলিলেন, আহা বাপু! আজই আমরা একটী শিক্ষক নিযুক্ত করিয়া ফেলিয়াছি—আর ত অধিক লোকের আমাদের আবশ্যক নাই! জেম্‌সের এমনই হৃদয়, সে তৎক্ষণাৎ বলিল, তাত বটেই, আর আপনারা যাঁহাকে নিযুক্ত করিয়াছেন, হয়ত তাঁহারও আমার মত লেখা পড়া শিক্ষার প্রয়োজন। ভদ্রলোকটী তখন বলিলেন, যে, নিযুক্ত লোকটীও বাস্তবিক শিক্ষার্থী। তার পর তিনি জেম্‌সকে জিজ্ঞাসা করিলেন, তুমি কোথায় পড়? তখন গুগা বিদ্যালয়ের কথা শুনিয়া তিনি বলিলেন যে, দুই বৎসর হইল, তাঁহারা ঐ বিদ্যালয় হইতে একজন ছাত্র-শিক্ষক পাইয়া-

ছিলেন ; তিনি অতি সন্তোষজনক কার্য্য করিয়াছিলেন। তিনি যে অতি চরিত্রবান্ লোক ছিলেন, নেল্‌সন সাহেব জেম্‌সকে সে কথাও বলিলেন। জেম্‌স আপনার বিদ্যালয়ের ছাত্রের এইরূপ প্রশংসা শুনিয়া অত্যন্ত হর্ষ প্রকাশ করিল।

রাত্রি হওযাতে উক্ত ভদ্র লোক জেম্‌সকে আর ছাড়িয়া দিলেন না—সে রাত্রি তাঁহার আলয়েই থাকিতে অনুরোধ করিলেন। অতি আহ্লাদের সহিত জেম্‌স সে রাত্রি তাঁহার আলয়ে বাস করিয়া পর দিন প্রভাতে উঠিয়া আবার আপন উদ্দেশ্যে গমন করিতে লাগিল। আজ আর একস্থানের বিদ্যালয়ের কমিটীর এক জন লোকের সঙ্গে সাক্ষাৎ হইল। তাঁহাদের লোকের আবশ্যক থাকিলেও তিনি তাহাকে এই বলিয়া তাড়াইয়া দিলেন, যে, তাঁহারা গুণা স্কুলের একটী ছাত্রকে রাখিয়াছিলেন, সে অতিশয় মন্দ লোক ছিল, সুতরাং গুণা বিদ্যালয়ের আর কোন ছাত্রকেই তাঁহারা রাখিবেন না।

আর চেষ্টা করা হইল না। জেম্‌স দুই দিন পরে সন্ধ্যার সময় আবার গৃহে প্রত্যাগমন করিল। ধর্ম্মপরায়ণা জননী জেম্‌সকে বাল্যকাল হইতে সমুদয় ঘটনা—সমুদয় কথা ও সমুদয় ব্যাপারের ভিতর হইতে ক্রমাগত এই সত্যটী শিক্ষা দিতেন যে, ভগবান্ মানুষের পক্ষে যাহা ভাল,তাহাই বিধান করেন। জেম্‌স এই জন্য যখনই কোন উদ্যমে নিষ্ফল বা নিরাশ হইত, অমনি এলীজা বলিতেন, ভগবান্ নিশ্চয়ই তোমার ভাল করিবেন বলিয়া এইরূপ হইতেছে, নিশ্চয়ই ভবিষ্যতে তোমার ভাল হইবে। আহা ! এমন ধার্ম্মিকা রমণী যাহার গর্ভধারিণী ও নিয়ত উপদেষ্টা, তাহার কি আর কিছু চিন্তা আছে ?

জননী তাহাকে সম্পূর্ণ আশা ও পূর্ণ অন্তর লইয়া শয়ন করিতে বলিলেন। সমস্ত দিনের পরিশ্রমের পর আঠার বৎসরের বালক গভীর নিদ্রায় রাত্রি যাপন করিল। অতি প্রত্যুষে একজন ভদ্রলোক আসিয়া পথ হইতে চীৎকার করিয়া গারফীল্ডের জননীকে ডাকিলেন। জননী এলীজা তাঁহার ডাক শুনিয়া শশব্যস্তে দ্বারে আসিয়া উপস্থিত হইলেন। উক্ত ভদ্রলোক তখন জিজ্ঞাসা করিলেন, তাঁহার পুত্র কোথায়? জননী বলিলেন, গৃহেই আছে—এখনও ঘুমাইতেছে। তারপর এলীজা জিজ্ঞাসা করিলেন, কি জন্য তিনি তাঁহার জেম্‌সকে ডাকিতেছেন। ভদ্রলোকটী বলিলেন, আমাদের ওখানে পাঠশালা খুলিব—আপনার ছেলে শিক্ষক হইতে পারিবে কি?

জেম্‌স, "পাঠশালা" এই কথা শুনিবামাত্র এক লম্ফে শয্যা পরিত্যাগ করিল এবং ভাবিতে লাগিল, এই বুঝি মা যাহা বলিয়াছিলেন—বিধি আমার জন্য ভাল করিয়া দিলেন। মুহূর্ত্ত মধ্যে জেম্‌স তাঁহার নিকট উপস্থিত হইল। উক্ত ভদ্রলোকটী তাহাদের প্রতিবেশী বলিলেও হয়—আধ ক্রোশ দূরে তাঁহার বাড়ী। জেমস তাঁহার নিকট সমস্ত বৃত্তান্ত শুনিয়া বলিল, আপনাদের ওখানকার ছেলেরা আমার পরিচিত, আমি কি তাহাদের সকলকে বশে রাখিতে পারিব?

বাস্তবিকই যে পাঠশালার কথা লইয়া ইনি জেম্‌সের নিকট আসিয়াছিলেন, তাহার শিক্ষকতা অতীব গুরুত্ব কার্য্য। এই পাঠশালার ছাত্রগণ পূর্ব্বে পূর্ব্বে শিক্ষকের অপমান করিয়াছিল বলিয়া জেমসের জানা ছিল, সেই জন্য সে সহসা এই প্রস্তাবে সম্মতি প্রদান না করিয়া এক দিন ভাবিবার সময় লইল। পিসা

মহাত্মায় বইণ্টন সাহেব ও জননী এলীজাব মতে এই পাঠশালাব কার্য্যভাব গ্রহণ কবাই স্থিব হইল। তাঁহাবা এই বলিযা জেম্‌সাকে সম্মত কবিলেন যে,একবাব যদি সে এই কঠিন পবীক্ষায উত্তীর্ণ হইতে পাবে, তাহা হইলে আব শিক্ষকতা কার্য্যেব জন্য চিন্তা কবিতে হইবে না, এবং জেমস একজন অতিশয় সুদক্ষ শিক্ষক, এই কথা চাাবদিকে প্রচাব হইযা পডিবে।

জেম্‌স অগত্যা উক্ত পাঠশালায শিক্ষকেব পদ গ্রহণ করিল। ছাত্রগণ তাহাব মধুব স্বভাব ও পাণ্ডিত্য দেখিযা বিমোহিত হইল। অবাধ্যতাচবণ কবা দূবে থাকুক, সকলেই তাহাকে যথেষ্ট সম্মান ও সমাদব কবিতে লাগিল। অবশেষে বিদ্যালয়েব কার্য্য শেষ হইযা গেলে, তাহাকে বিদায দিবাব সময় তাহাবা বলিতে লাগিল, গাবফীল্‌ড সাহেবেব মত উপযুক্ত শিক্ষক তাহাবা আব কখনও পাইবে না। জেমস গাবফীল্‌ড একজন সুদক্ষ ও উপযুক্ত শিক্ষক, এ কথা চাবিদিকে প্রচাব হইযা পডিল।

ছুটি ফুবাইযা আসিলে জেমস পুনবায গুগা বিদ্যালয়ে গমন কবিল। এবাবে পূর্ব্ব বর্ণিত উড্‌ওয়ার্থ সাহেবেব গৃহেই তাহার বাসা হইল। তাঁহাব কাবখানায় তক্তা বেঁদা কবিতে লাগিল, এবং সূত্রধব সাহেব তাহাব বিনিময়ে জেমসকে আহারাদি যোগাইতে লাগিলেন। এইরূপে এক বৎসবকাল গত হইলে পব আবাব শীতেব ছুটি হইল।

জেম্‌স এবাব শীত ঋতুব অবকাশে ওয়ারেন্‌স্‌ভীল নামক স্থানের পাঠশালায় শিক্ষকের পদ প্রাপ্ত হইল। ওয়ারেন্‌স্‌ভীলের ছাত্রগণ অপরাপর স্থানের পাঠশালা অপেক্ষা একটু

অধিক অগ্রসর ছিল। তাহাদের মধ্যে একজন জ্যামিতি শিক্ষা করিতে আরম্ভ করিয়াছিল। জেম্‌স ইতিপূর্ব্বে জ্যামিতিতে তত মনোযোগ দেয় নাই, এখন এই গুরুতর বিষয়টী না শিক্ষা দিলেই নয়, সুতরাং সে গৃহে এত মনোযোগের সহিত জ্যামিতির চর্চ্চা করিতে লাগিল যে, উক্ত বালককে শিক্ষা দিবার সঙ্গে সঙ্গেই তাহার এই বিষয়টী অধিগত হইয়া গেল। অথচ বালক একটুও বুঝিতে পারিল না যে, তাহার শিক্ষক মহাশয় জ্যামিতি শাস্ত্রে নূতন প্রবেশ করিয়াছেন। অতি অল্প-কাল মধ্যেই অধ্যবসায় বলে এই বিদ্যায় তাহার যথেষ্ট পার-দর্শিতা জন্মিয়া গেল।

ওয়ারেন্‌স্‌ভীলে কার্য্য করিতে করিতে আর একটী কৌতুক-জনক ঘটনা হইয়াছিল। আমাদের দেশের পল্লিগ্রামে পূর্ব্বে এই প্রথা ছিল যে, পাঠশালার গুরুমহাশয়গণ প্রত্যেক ছাত্রের নিকট হইতে চাল,দাল,তৈল, লবণ ইত্যাদি গ্রহণ করিয়া আপনার আহার চালাইতেন। এখানেও সেইরূপ পাঠশালার শিক্ষকগণ পর্য্যায়ক্রমে এক এক গৃহস্থের বাড়ী আহার করিয়া বেড়াইতেন। যখন যেখানে আহার করিতেন, তখন সেইখানেই থাকিতেন। জেম্‌সকে এইরূপে নানা জনের বাড়ীতে বাস করিতে হইত।

জেম্‌স ওয়ারেন্‌স্‌ভীলে কার্য্যকালে ষ্টাইলিস্‌ নাম্নী জনৈক মহিলার বাড়ীতে বাস করিতে করিতে এক দিন খেলায় ভুলিয়া পা-জামা ছিঁড়িয়া ফেলে। পূর্ব্বেই বলা হইয়াছে, আমাদের জেম্‌সের দ্বিতীয় বস্ত্র ছিল না; সুতরাং পা-জামা ছিন্ন হওয়াতে তাহার বড়ই ক্লেশ হইল। সে সরোদনে উক্ত মাহলাকে বলিল, দেখুন আমার কাপড় ছিঁড়িয়া গেল, আমি কি করি!

ষ্টাইলিস্ অতিশয় সাধ্বী ও গুণবতী রমণী ছিলেন। তিনি জেম্‌সকে সন্তাননির্ব্বিশেষে স্নেহ করিতেন। এই জন্য যখন দেখিলেন, সরলস্বভাব বালক জেম্‌স বড়ই চিন্তিত হইয়া পড়িয়াছে, তখন তিনি বলিলেন, শয়নের সময় ওটা ছাড়িয়া শুইও; আমি ছেলেদের দ্বারা তোমার ঘর হইতে আনাইয়া আবার উত্তম করিয়া তালি দিয়া তোমাকে পাঠাইয়া দিব। তখন জেম্‌সের ভাবনা দূর হইল। তিনি আরও বলিলেন, এই সকল ক্ষুদ্র বিষয়ের জন্য তোমাকে অত ভাবিতে হইবে না। তুমি যখন যুক্ত-রাজ্যের জাতীয় মহাসমিতির সভাপতি হইবে, তখন এসকল কথা আর একটীও মনে থাকিবে না।

১৫

তৃতীয় বর্ষ

জেম্‌স ১৮৪৭ খ্রীষ্টাব্দের ১৬ই মার্চ্চ গুগা বিদ্যালয়ে প্রবিষ্ট হন, আর আজ ১৮৫০ খ্রীষ্টাব্দ। সুতরাং এই বিদ্যালয়ে তাঁহার তিন বৎসর অধ্যয়ন করা হইল। তৃতীয় বর্ষের শেষভাগে নব ইংলণ্ড বিশ্ববিদ্যালয়ের কোন কলেজের উপাধি-প্রাপ্ত জনৈক যুবকের সহিত তাঁহার সাক্ষাৎ হইল। এই যুবকের অবস্থা মন্দ ছিল, অথচ ইনি কায়ক্লেশে কোন প্রকারে উচ্চ বিদ্যালয়ে অধ্যয়ন করিয়া উপাধি লাভ করিতে সমর্থ হইয়াছিলেন। জেম্‌স্ ইঁহার সহিত আলাপ পরিচয় করিয়া এক নূতন ভাব অনুভব করিতে লাগিলেন।

জেম্‌স নিতান্ত দরিদ্রের সন্তান। অতি কষ্টে সংসারে গ্রাসাচ্ছাদন সংগ্রহ করিতেছিলেন। বাল্যকাল হইতে পিতৃহারা

হইয়া যাবপর নাই পরিশ্রমের সহিত জীবিকা উপার্জ্জন করিতে ছিলেন। দারিদ্র্যের সহিত ঘোর সংগ্রামে দণ্ডায়মান থাকা বড় সহজ কথা নহে। অতি অল্প লোকেই এই ভীষণ সংগ্রামে অব্যাহত থাকিতে পারে। জেম্‌সের জননী ধর্ম্মপরায়ণা আদর্শ রমণী, তাই তাঁহার সাহায্যে ও তাঁহার উপদেশে জেম্‌স দারিদ্র্যে ম্রিয়মাণ না হইয়া, দারিদ্র্যই যেন মানবের স্বাভাবিক অবস্থা, এই ভাবে এতদিন চলিয়া আসিতেছিলেন। কিন্তু যখন দেখিতে পাইলেন যে, কলেজে অধ্যয়ন করিতে হইলে যথেষ্ট অর্থের প্রয়োজন, তখন তাঁহার পক্ষে সে আশা যে সফল হইবেই হইবে, এতদিন তাহা ভাল ধারণা ছিল না। কিন্তু আজ এই যুবকের সহিত কথা বার্ত্তার পর জেম্‌স বুঝিতে পারিলেন,বিধাতা তাঁহার পথ পরিষ্কার করিয়া দিতেছেন।

সংসারে এইরূপই হইয়া থাকে। যাহারা উদ্যমশীল ও সহিষ্ণু, ভগবান্ তাহাদিগকে হাত ধরিয়া ধীরে ধীরে পর্ব্বত সমান বিঘ্ন বাধাগুলি অতিক্রম করিয়া লইয়া যান। জেম্‌স শ্রমশীল ও সাধু, জননী এলীজা ধার্ম্মিকা, পুত্রের ইষ্টকামনায় নিরন্তর পরমেশ্বরের কৃপা ভিক্ষা করিতেছেন, সুতরাং জেম্‌সের ভাল হইবে না ত কাহার হইবে?

আজ জেম্‌সের আনন্দের সীমা রহিল না। উপরি-উক্ত যুবকের সহিত পরামর্শ করিয়া স্থির করিলেন যে, যে কোন প্রকার কায়িক পরিশ্রম করিয়া কলেজে অধ্যয়ন করিতেই হইবে, এবং উপাধি লাভ করিতেই হইবে। সহরে গমন করিয়া যে যে উপায়ে অর্থ উপার্জ্জন করিয়া দরিদ্র বালকেরা অধ্যয়ন করিতে পারে, উক্ত যুবক জেম্‌সকে তাহার সন্ধান বলিয়া

দিলেন। জেম্‌স তাঁহার সহিত পরিচিত হইয়া বিশেষ উপকৃত হইলেন।

আমাদের এই স্থানে একটী বিষয়ের উল্লেখ করা নিতান্ত আবশ্যক বোধ হইতেছে। আমরা দেখিয়াছি, বাল্যকালে জেম্‌স "পারি না" এ কথা বলিতে জানিত না। সে যেন সকল কার্য্যই করিতে পারে, সমস্তই যেন তাহার মুষ্টির ভিতর। জেম্‌সের এই ভাব দেখিয়া যেন অহঙ্কারী বলিতে ইচ্ছা করে। কিন্তু এখন তাঁহার ভাব যেন অন্যরূপ। জেম্‌স মনে ভাবিতেন, তিনি বিদ্বান্ হইতে পারিবেন না। এই জন্যই গুণা বিদ্যালয়ে অধ্যয়ন করিতে যাইবার অগ্রে সেই চিকিৎসকের অভিমত জানিতে যান। কিন্তু আজ আবার উল্লিখিত যুবকের সহিত কথা বলিতে বলিতে এমন ভাব প্রকাশ করিলেন যে, অন্য বালকেরা যে পাঠ আট বৎসরে পরিসমাপ্ত করে, তাঁহাকে হয়ত খাটিয়া আহারীয় সংগ্রহ করিতে হইলে বার বৎসর কাল অপেক্ষা করিতে হইবে। জেম্‌সের যে অসাধারণ ক্ষমতা ছিল, তাহা তিনি নিজে বুঝিতে পারিলেন না। যাহা হউক, এই যুবক জেম্‌সের ক্ষমতা বিশেষরূপে জানিতেন বলিয়া তিনি তাঁহাকে উৎসাহ প্রদান করিয়া বলিলেন যে, না তিনি অতি অল্পকালের মধ্যেই উপাধি লাভ করিতে সমর্থ হইবেন। কলেজে অধ্যয়ন করা একরূপ স্থির হইল। জেম্‌স লাটিন ও গ্রীক ভাষা শিক্ষা করিতে আরম্ভ করিলেন।

জেম্‌স ভক্ত খ্রীষ্টীয়ান। তাঁহার সাহায্যে অধ্যক্ষ মহাশয় ছাত্রদিগের মধ্যে ধর্ম্মের কথা আলোচনা করিতে লাগিলেন। চেষ্টার নগরে এক মহা ব্যাপার আরম্ভ হইল। যখন সভাতে ধর্ম্ম

বিষয়ে চর্চা অথবা ধর্ম্ম সম্বন্ধে বক্তৃতা হইত, জেম্স এমন উৎসাহের সহিত, এমন নিষ্ঠার সহিত ও এমন সরলভাবে সর্ব্বসাধারণ সমক্ষে ধর্ম্মের সার তত্ত্ব সকল বিবৃত করিতেন যে, লোকে তাঁহার ভাব দেখিয়া মুগ্ধ হইয়া যাইত। জেম্সের জীবনে এই এক নূতন ব্যাপার আরম্ভ হইল। আরও আশ্চর্য্য এই যে, জেম্সের এই অসাধারণ ভাবের সঙ্গে সঙ্গে দেখিতে দেখিতে এক অতি অসাধারণ বক্তৃতাশক্তি আসিয়া উপস্থিত হইল। জেম্স স্বয়ং সে বিষয়ে সম্পূর্ণ অনভিজ্ঞ। নিজশক্তির কিছুমাত্রও জ্ঞান তাঁহার ছিল না। যখন কোন বিষয় বলিতে আরম্ভ করিতেন, তখন তাহাতে তাঁহার চিত্ত এমনই মগ্ন হইয়া যাইত যে, তিনি তাঁহার নিজের সম্বন্ধে সংজ্ঞাহারা হইয়া পড়িতেন। একদিকে তাহার স্বভাব অত্যন্ত বিনীত ছিল, কিন্তু বক্তৃতার সময় তাহার নির্ভীকভাব ও তেজ দেখিলে মনে হইত না যে, তিনি সেই জেম্স!

এখন হইতে সকলেই বলিতে আরম্ভ করিল, জেম্সের মত ধর্ম্মপ্রচারক দেখা যায় না। সকলেই তাঁহাকে আপনাআপনি ধর্ম্ম যাজকের পদে বরণ করিল ; কিন্তু জেম্স জানিতেন না যে, তিনি এই ব্রত নিজ জীবনে গ্রহণ করিবেন। সংসারে এমন রহস্য প্রায়ই দেখা যায়। ব্যক্তিবিশেষ হয়ত এক পথে যাইতেছে, আর তুমি আমি তাহাকে সম্পূর্ণ বিপরীত পথের যাত্রী বলিয়া সিদ্ধান্ত করিতেছি। জেম্সের প্রধান সংকল্প, যদি কোন সংকল্পের কথা বলিতে হয়, তাহা হইলে সে কেবল এই ছিল যে, যেরূপে হউক সর্ব্বাগ্রে মানুষ হইতে হইবে—ভাল লোক হইতে হইবে।

১৮৫০ খ্রীষ্টাব্দের গ্রীষ্মাবকাশে জেম্স ও তাঁহার জনৈক

সহাধ্যায়ী এক কৃষকের শস্য কাটিয়া দিয়া যথেষ্ট অর্থ উপার্জ্জন করিলেন। কৃষকটী অতিশয় অমায়িক লোক ছিল, সে তাঁহা-দিগকে অতিশয় স্নেহ ও যত্নের সহিত কয়েক দিন রাখিয়া যথার্থ বেতন দিয়া আপনার কার্য্য করাইয়া লইল। জেম্‌সকে এখান-কার কৃষকগণও জিজ্ঞাসা করিল, তিনি বাস্তবিক পাদরী হইবেন কি না? জেম্‌স তাহার উত্তরে বলিলেন, আমি ধর্ম্ম-যাজকও হইতে পারি, শিক্ষকও হইতে ইচ্ছা করি—উকীল হইতে ইচ্ছা হইবে কি না, তাহা জানি না। কিন্তু আমার চিকিৎ-সক হইতে ইচ্ছা হয় না। আমরা এতদ্দ্বারা বুঝিতেছি, লোকে যেমন জেম্‌সকে দেখিলে ধর্ম্মযাজক বলিয়া মনে করিত; জেম্‌সও তেমনি তদ্বিষয়ে ঔদাসীন্য প্রকাশ করিতেন।

আমেরিকার দাস ব্যবসায়ের ইতিহাস অতি ভয়ঙ্কর ব্যাপার। তাহার বিস্তৃত বিবরণ এখানে উল্লেখ করা সহজ কথা নহে। তবে এই মাত্র বলিতে পারা যায় যে, আফ্রিকাখণ্ড হইতে সম্পত্তিশালী ইংরাজ ব্যবসায়ী লোকেরা, কৃষ্ণকায় অধি-বাসীদিগকে দলে দলে তাড়া করিয়া পশুযূথের ন্যায় বলপূর্ব্বক জাহাজে পূরিত, এবং আমেরিকায় লইয়া গিয়া বালক, বৃদ্ধ, যুবা, রমণী সকলকেই পণ্যদ্রব্যের মত বাজারে বিক্রয় করিত। অধি-বাসীরা গো মহিষাদির মত এই সকল লোকের দ্বারা আপনাদের চাষের কার্য্য ও অপরাপর ভৃত্যের কার্য্য করাইয়া লইত। এই সকল লোককে ক্রীতদাস বলা হইত। এই ক্রীতদাস-গণের অবস্থা যে কি ভয়ানক, তাহা ইতিহাস পাঠ করিলে বুঝিতে পারা যায়। ঠিক্ সামান্য পশুর মত ইহাদিগকে বাজারে বিক্রয় করা হইত। স্বামী এক স্থানে, স্ত্রী অপর স্থানে; পুত্র

এক দেশে, জননী অপর দেশে; এইরূপে এই সকল নরনারীকে লইয়া মানুষ গৃহপালিত পশু অপেক্ষাও অধিক অযত্ন ও নিষ্ঠুরতার সহিত ব্যবহার করিত। ইহাদের প্রথম অপরাধ, ইহারা দেখিতে ভয়ানক কৃষ্ণবর্ণ; সুতরাং মনুষ্য নামের যোগ্য নহে। দ্বিতীয়তঃ, ইহারা বিজ্ঞানমদে মত্ত, সভ্যতাভিমানী শ্বেতকায় নরগণের নিকট বুদ্ধিবলে অতিশয় হীন। এই সকল অপরাধে ইহাদিগকে লইয়া আমেরিকা যথেচ্ছ ব্যবহার করিয়াছিলেন। যতদিন মানব-সমাজ জীবিত থাকিবে, ততদিন আমেরিকার এই ঘোর কলঙ্কের কথা জগতের এক প্রান্ত হইতে অপর প্রান্ত পর্য্যন্ত প্রতিধ্বনিত হইতে থাকিবে।

আমেরিকাকে এই পাপের প্রায়শ্চিত্ত করিতে হইয়াছে। শত শত আমেরিকাবাসীর রুধিরে আমেরিকার বক্ষ ধৌত হইয়াছে। আমেরিকা আপন সন্তানগণের রক্ত দ্বারা বহুকালের সঞ্চিত পাপের প্রায়শ্চিত্ত করিয়া তবে মুক্তি লাভ করিতে সমর্থ হইয়াছেন। যে মহাদ্বন্দ্ব আমেরিকার এই প্রায়শ্চিত্ত উদ্যাপিত হয়, জেম্‌সের বাল্যকাল হইতেই সেই দ্বন্দ্বের সূত্রপাত হইতেছিল। আমেরিকার সাধারণতন্ত্র রাজ্য হইতে দাসত্ব প্রথা নির্ব্বাসিত হইবে কি না, এই প্রশ্ন লইয়া চারিদিকে তুমুল আন্দোলন উত্থিত হইল। কি বিদ্যালয়, কি ধর্ম্মাধিকরণ, কি মাঠ, কি পথ, কি গৃহস্থের গৃহ, সর্ব্বত্র এই কথা লইয়া মহা আন্দোলন চলিতে লাগিল। পৃথিবীতে দেবাসুরের সংগ্রাম চিরকাল চলিয়া আসিতেছে, সুতরাং এখানে তাহার অন্যথা হইবে কেন? একদল বলিতে লাগিল, দাসত্ব প্রথা উঠাইয়া দেওয়া যাইতে পারে না। ইহাদের মত অসহায় নরনারীর

গুলদেশ চিরকাল পদ দ্বারা দলন করায় কোন ক্ষতি নাই। আর একদল বলিতে লাগিল, মানুষ হইয়া মানুষের স্বাধীনতা হরণ করা মহাপাপ। আমাদের জেম্‌স যে স্বাধীনতার পক্ষপাতী তাহা আমরা তাঁহার বাল্যকাল হইতে দেখিয়া আসিতেছি। যাঁহারা প্রকৃত স্বাধীনচেতা, তাঁহাদের স্বভাবই এই যে, তাঁহারা অপরকে দাসত্ব শৃঙ্খলে আবদ্ধ করিতে বা দেখিতে ইচ্ছা করেন না। তাই এই দাসত্ব প্রথার ভীষণ অনিষ্টকারিতা, ও মানবের স্বাধীনতার উপর আমেরিকার গবর্ণমেণ্টকে এইরূপ হস্তক্ষেপ এবং তাহার প্রতি এতাদৃশ উপেক্ষা প্রদর্শন করিতে দেখিয়া, ধার্ম্মিক ও কোমল হৃদয় জেম্‌স এব্রাম গার্‌ফীল্‌ডের হৃদয়ে উনিশ বৎসর বয়সের সময় হইতেই, দাসত্ব-প্রথা সমর্থনকারী গবর্ণমেণ্টের উপর অবিমিশ্র ঘৃণা উপস্থিত হইল।

তিনি একদিন তাঁহার একজন সঙ্গীকে বলিতে লাগিলেন, এই দাসত্ব প্রথা, এ দেশে বর্ত্তমান থাকায় আমাদের জাতীয় চরিত্রে দুরপনেয় কলঙ্ক লিপ্ত হইতেছে। এমন জাতিকে শত ধিক্! যাহারা স্বয়ং স্বাধীনতারত্ন লাভ করিবার জন্য সংগ্রামানলে অকাতরে জীবন উৎসর্গ করিতে প্রস্তুত, যাহারা আপনাদিগকে ইংলণ্ডের সামান্য অধীনতাপাশ হইতে মুক্ত করিবার জন্য অবলীলাক্রমে প্রাণ দিতে কুণ্ঠিত নহে, তাহারা কিনা আজ অতি দূষণীয় দাসত্ব প্রথার অনুমোদন করিয়া, অসহায় নরনারীকে আপনাদিগের পদতলে ফেলিয়া দলন করিতে লজ্জিত হয় না! কি পরিতাপ, কি লজ্জা, কি ঘৃণার কথা! দেশের কর্ত্তৃপক্ষেরা একবার ভাবিয়াও দেখিলেন না যে, তাঁহারা কি বীভৎস পাপকলঙ্কে আপনাদিগকে কলঙ্কিত করিতেছেন। যে সকল লোক

উদ্যোগী হইয়া ব্রিটীশসিংহের অধীনতাপাশ ছিন্ন করিল, তাহারাই কিনা আর একদিকে সহস্রগুণে কঠিন লৌহ নিগড় অপর কতকগুলি অসহায় নরনারীর গলদেশে পরাইয়া দিল! দেশের আইন দাসত্ব প্রথা অনুমোদন করিল! না! না! এ দুঃখ, এ যাতনা সহ্য হয় না। ইহা মনে কবিলেও আমার বুক যেন ফাটিয়া যায! যাঁহাবা বুদ্ধিজীবী, যাঁহারা সম্মানার্হ, তাঁহারা যে এমন অসঙ্গত ও নিষ্ঠুব কার্য্যেব অনুমোদন কেমন করিয়া করিতে পারেন, আমি তাহা বুঝিতে সম্পূর্ণ অক্ষম। বলিতে বলিতে জেম্‌সেব চক্ষু দিযা যেন অগ্নিস্ফুলিঙ্গ সকল নির্গত হইতে লাগিল। তখন তাঁহার সঙ্গী বলিলেন, তোমাব যে প্রকার ভাব, তাহাতে তুমি হয়ত ইহাই বলিতে চাও যে, এই মুহূর্ত্তে দাসদিগকে মুক্ত করিয়া দেওযা হউক। কিন্তু হঠাৎ এই সমস্ত অসংখ্য নরনাবীকে স্বাধীন কবিযা দিলে কি দেশ নিরাপদ হইবে?

এই কথা শ্রবণমাত্র জেম্‌স একবাবে উল্লম্ফন কবিযা বলিয়া উঠিলেন, নিরাপদ! যাহা ন্যায়, যাহা ধর্ম্মানুমোদিত, তাহা নিরাপদ নহে? যে স্বাধীনতা স্বযং ভগবান্ মানবকে প্রদান করিযাছেন, সেই স্বাধীনতা তুমি বলপূর্ব্বক কাড়িযা লইয়াছিলে, তাহা ফিরাইয়া দিবে, তাহাতে আবাব আপদ আছে? অন্যায় করিতে যাওয়াই নিরাপদ নহে। বিশেষতঃ মানুষকে লইয়া পশুযূথের মত ক্রয় বিক্রয় করিতে যাও, বুঝিও! এ ব্যবসায় নিবাপদ নহে। আমেরিকার সমুদায় দাসকে এখনই ছাড়িয়া দাও, ঈশ্বর তাহাতে আশীর্ব্বাদ করিবেন; তাঁহার অভিপ্রেত কার্য্য হইবে, সুতরাং কোন অশান্তি, কোন আপদ দেশে উৎপন্ন হইবে না।

চেষ্টারের সমস্ত অধিবাসীই দাসত্ব-প্রথার বিরোধী ছিল, এই জন্য গুগা বিদ্যালয়ের আলোচনা সভায় দাস-ব্যবসায়ের বিরুদ্ধে একটী বক্তৃতা করা হইল। জেমসের উপর সেই বক্তৃতার ভার দেওয়া হইয়াছিল। এই বক্তৃতা করিবার জন্য তিনি যথেষ্ট পরিশ্রম করিয়া দাসত্ব-প্রথার সমুদায় ইতিহাস তন্ন তন্ন করিয়া পাঠ করিলেন। নিদ্ধারিত দিবসে সকলের সমক্ষে এই বিষয়টী এমন আশ্চর্য্যরূপে বিবৃত করিলেন যে, সে দিন তাঁহার বিচার ও সূক্ষ্ম আলোচনার শক্তি দেখিয়া সকলে মুগ্ধ হইয়া গেল। ইহার পূর্ব্বে সকলেই একবাক্যে জেমসের আলোচনা শক্তির প্রশংসা করিতেন সন্দেহ নাই, কিন্তু আজিকার তেজ, আজিকার গভীর ভাব ও আজিকার গভীরতর গবেষণা তাঁহার প্রাণের অন্তস্তল হইতে বাহির হইতে লাগিল। আগ্নেয় গিরির অগ্ন্যুদ্গম হইবার সময় যেমন সমস্ত মেদিনী কম্পিত হইতে থাকে, সেইরূপ আজিকার আলোচনায় সম্যগ্‌ভ সকলের হৃদয় আলোড়িত ও স্তম্ভিত হইতে লাগিল। সমস্ত লোক বহুক্ষণ ধরিয়া নিস্তব্ধভাবে তাঁহার আলোচনা শ্রবণ করিল।

এই বক্তৃতার পর জেম্‌সের সঙ্গীরা বলাবলি করিতে লাগিল যে, তাহারা পরে তাঁহাকে জাতীয় সভায় তাহাদের প্রতিনিধি করিয়া পাঠাইবে। যাহা হউক, জেম্‌স যে একজন খুব বড় বাগ্মী হইবেন, তাঁহার পাণ্ডিত্যে যে দেশ গৌরবান্বিত হইবে, তাঁহার তেজস্বিতা যে দেশের কল্যাণসাধন করিবে, সে বিষয়ে লোকের এখন হইতে আশা হইতে লাগিল।

জেম্‌স ক্রমে লাটিন ভাষায় ব্যুৎপন্ন হইলেন। যখনই সময় পাইতেন তখনই তিনি লাটিন পড়িতেন। অবশেষে ১৮৫০

খ্রীষ্টাব্দের নবেম্বর মাসে প্রচুর সম্মানের সহিত গুগা বিদ্যালয় পরিত্যাগ করিলেন। এই বৎসর বার্ষিক উৎসবের সময় বিদায়কালে জেম্‌সকে বিদ্যালয়ে একটী বক্তৃতা করিতে অনুরোধ করা হইল। জেম্‌স এই বক্তৃতা দ্বারা অতি আশ্চর্য্যরূপে আপন পাণ্ডিত্যের পরিচয় প্রদান করিলেন, এবং প্রচুর প্রশংসা লাভ করিয়া চেষ্টার হইতে বিদায় গ্রহণ করিলেন।

এই সময় ওহি'ও প্রদেশে হায়রম নামক স্থানে একটী বিদ্যালয় প্রতিষ্ঠিত হয়। এই বিদ্যালয়ের একটী ছাত্রের সহিত জেম্‌সের সাক্ষাৎ হইল। জেম্‌স তাঁহার নিকট হইতে জানিতে পারিলেন যে, হায়রমের বিদ্যালয়ে দরিদ্র বালকদিগের সাহায্যার্থ কার্য্যের বন্দোবস্ত করিয়া দেওয়া হয়; এতদ্ভিন্ন বিদ্যালয়ের শিক্ষকেরা অতিশয় ধাম্মিক, সচ্চরিত্র ও বিদ্বান্ লোক। এই কারণে জেম্‌স এখন হইতে হায়রম বিদ্যালয়ে অধ্যয়ন করিতে যাওয়া স্থির কবিলেন।

হায়রম বিদ্যালয়ে প্রবেশ কবিবাব অগ্রে যে কয় মাস সময় ছিল, সেই সময়ের মধ্যে জেম্‌স পাঠশালার শিক্ষকতা করিয়া কিছু অর্থ উপার্জ্জন করিলেন। যেখানে যেখানে পাঠশালার কার্য্য করিলেন, পূর্ব্বের মত সকল স্থানেই ছাত্রগণ তাঁহার প্রতি অত্যন্ত অনুরাগ প্রকাশ করিল। এতদ্ভিন্ন কিছু অধিক পয়সা অর্জ্জন করিবার মানসে স্থত্রধরের কার্য্য করিয়াও কিছু অর্থ সংগ্রহ করিলেন।

১৬

হায়রম বিদ্যালয়

১৮৫১ খ্রীষ্টাব্দের আগষ্ট মাসের শেষ ভাগে জেম্‌স হায়রম নগরে উপস্থিত হইলেন। বিদ্যালয়ের কর্ত্তৃপক্ষগণ তখন মম-

বেত হইয়া বিদ্যালয়ের কার্য্যপ্রণালীর বন্দোবস্ত করিতেছিলেন। জেম্‌স বিদ্যালয়ের দ্বারবানের নিকট উপস্থিত হইয়া, অধ্যক্ষ মহাশয়ের সহিত সাক্ষাৎ করিবার অভিপ্রায় প্রকাশ করিলেন। দ্বারবান্‌টী ভাল লোক ছিল, সে তৎক্ষণাৎ সভার সমক্ষে গিয়া জানাইল যে, জনৈক যুবক তাঁহাদের সহিত সাক্ষাৎ করিবার অভিপ্রায়ে বাহিরে দাঁড়াইয়া রহিয়াছেন। সভাপতি মহাশয় তৎক্ষণাৎ তাঁহাকে ভিতরে লইয়া আসিতে বলিলেন। জেম্‌স সভার সমক্ষে নিজের নাম, ধাম, অবস্থা ও অভিপ্রায় সমস্ত জ্ঞাপন করিলেন। তার পর জেম্‌স তাঁহাদিগকে ইহাও জানাই-লেন যে, তাঁহার অবস্থা মন্দ, সেই জন্য তিনি বিদ্যালয়ের গৃহ ঝাঁট দিবার এবং ঘড়ী বাজাইবার কার্য্য প্রার্থনা করেন। বিদ্যা-লাভের জন্য তাঁহার এই প্রকার আগ্রহ এবং তাঁহার সরল ভাব দেখিয়া কর্ত্তৃপক্ষগণ তাঁহাকে যথাসাধ্য সাহায্য করিতে প্রতিশ্রুত হইলেন। তাঁহারা জিজ্ঞাসা করিলেন যে, তিনি যে ঘড়ী বাজা-ইতে এবং ভাল করিয়া ঝাঁট দিতে পারিবেন, তাহার প্রমাণ কি? জেম্‌স অমনি স্বাভাবিক সরলতা ও তেজের সহিত বলিলেন, আমাকে দুই সপ্তাহের জন্য এই কার্য্য দিয়া দেখুন, যদি আমি উত্তমরূপে এ কার্য্য নির্ব্বাহ করিতে না পারি, তাহা হইলে আপনারা আমাকে তাড়াইয়া দিবেন।

হায়রম বিদ্যালয়ে প্রবেশ করিয়া তিনি অচিরকাল মধ্যে উৎকৃষ্ট ছাত্রগণের সমকক্ষ হইয়া উঠিলেন। অতি অল্প দিনের মধ্যেই জেম্‌স একদিন অধ্যক্ষ মহাশয়ের সহিত সাক্ষাৎ করিয়া কি প্রকারে পড়া শুনা করিলে ভাল হয়, তাহা জিজ্ঞাসা করি-লেন। তিনি পরামর্শ দিলেন যে, যাহা পড়িবে তাহা যেন

সম্যক্ পূর্ণাঙ্গ হয়। অল্পে অল্পে পাঠের উন্নতি হয়, তাহাতে ক্ষতি নাই। জেম্‌স এই উপদেশ অনুসারে চলিতে আরম্ভ করিলেন। তারপর অধ্যক্ষ মহাশয়ের সহিত কর্ম্মের কথা হইল। জেমস বলিলেন যে, সূত্রধরের কার্য্য পাওয়া গেলে আমার পক্ষে ভাল হয়। অধ্যক্ষ মহাশয় অত্যন্ত আহ্লাদিত হইয়া বলিলেন, আমি যথাসাধ্য তোমার সাহায্য করিব। এই বলিয়া তাহাকে সে দিন বিদায় দিলেন।

জেমস আর চারিটী বালকের সহিত একটী ঘরে বাসস্থান নির্দ্দিষ্ট করিলেন। তাঁহাকে অতি প্রত্যূষে উঠিয়া ঠিক্ পাঁচটার সময় ঘড়ী বাজাইতে হইত। এই ঘড়ী বাজাইবার কার্য্যটী অত্যন্ত কঠিন ছিল। ঠিক্ নির্দ্দিষ্ট সময়ের এক মিনিট অগ্র পশ্চাৎ হইলেই সর্ব্বনাশ। স্কুলের গৃহতল ঝাঁট দিবার নিমিত্ত তাঁহাকে অতি প্রত্যূষে উঠিতে হইত। জেম্‌স ঠিক্ সময় মত ও পারিপাট্যসহকারে সমস্ত কার্য্য করিতে লাগিলেন। জড়তা ত তাঁহার ছিলই না, এখানে আবার তাঁহার এমন সুন্দর কার্য্য পটুতা অভ্যাস হইয়া গেল যে, তিনি যে অবস্থানুসারে চলিতে-ছিলেন, এরূপ বোধ হইত না। প্রান্তর মাঝে যেমন উন্নত পর্ব্বত অটলভাবে দণ্ডায়মান থাকে, নদীর সুবিধার জন্য সে যেমন সরিয়া যায় না, কিন্তু নদীই আপনার পথ আপনি দেখিয়া লয়; সেইরূপ জেম্‌স যেন সহজ ও স্বাভাবিক ভাবে আপনার মনে চলিয়া যাইতেছিলেন, অবস্থা নিম্নগা স্রোতস্বতীর ন্যায় তাঁহার পার্শ্ব দিয়া সুবিধা মত চলিয়া যাইতে লাগিল।

এখানে সকলের নিকট জেম্‌স বিশেষ প্রিয় হইয়া উঠিলেন। তাহার প্রফুল্ল, সরল ও স্বাভাবিক ভাব, হাস্যজনক কথা বার্ত্তায়

এবং পরিহাস বিদ্রূপে সকলেই অত্যন্ত প্রীতি লাভ করিত। আমরা কখন কখন এমন কোন কোন দরিদ্র বালক দেখিতে পাই, যাহারা উদ্যমশীল ও মেধাবী হইলেও এমন এক জড় ও বিষণ্ণভাবে জীবন যাপন করে যে, তাহাদিগকে দেখিলে বোধ হয় যেন, তাহারা আপনার অবস্থার হীনতা বুঝিয়া মুখ লুকাইয়া অতি কষ্টে দিন যাপন করিতেছে—আর সংসারকে বলিতেছে, "আমি যদি কখনও দিন পাই তবে দেখাইব!" কিন্তু জেম্‌সের সে ভাব ছিল না; তাঁহার ভাব সদানন্দ। জীবন ও অবস্থা সকলই তাঁহার নিকট এক অতি মিষ্ট, সহজ ও স্বাভাবিক সামগ্রী বলিয়া প্রতীত হইত। এই জন্য তিনি সকলের নিকট প্রিয় ও প্রীতিকর হইয়া উঠিলেন।

আমরা অনেক সময় দেখিতে পাই যে, যাঁহারা লেখা পড়ায় বড় পণ্ডিত, তাঁহারা সংসারের ছোট কায ভাল করিয়া করিতে পারেন না। আবার ছোট কায ভাল করিয়া না করিতে পারাতেই যেন তাঁহাদের আরও মহত্ত্বের পরিচয় হইতেছে, আমরা এইরূপ মনে করি। সংসারের এই ধারা চিরদিন চলিয়া আসিতেছে। জেম্‌সের স্বভাব সেরূপ ছিল না। জেম্‌সের পড়া শুনা ভাল করিয়া করিবার দিকে যেমন ঝোঁক ছিল, ঘণ্টাটী ঠিক্ সময়ে বাজাইবারও তেমনি ঝোঁক ছিল, এবং গৃহতল ভাল করিয়া ঝাঁট দিবার প্রতিও তেমনি অনুরাগ ছিল। যে কার্য্যে মানুষের অনুরাগ না থাকে, সে কার্য্য মানুষ কখনই ভাল করিয়া সম্পন্ন করিতে পারে না। জেম্‌স নিজে বলিতেন, আমার পাঠটী ভাল অভ্যাস না হইলে আমার মন যেমন অপ্রসন্ন থাকে, এবং মনে যেমন ব্যথা পাই, অপরিষ্কার মেজের দিকে তাকাইলেও

আমার সেইরূপ অত্যন্ত অসুখ হয়, এমন কি, আমার চক্ষে যেন শূল বিদ্ধ করে।

সংসারব্যাপারে প্রত্যেক আবশ্যক কার্য্যই যে সম্মানের কার্য্য, হায়রম বিদ্যালয়ের ছাত্রগণ জেম্‌সের নিকট তাহা উত্তমরূপে শিক্ষা করিল। সমাজের একজন অতি হেয় ও অতি অস্পৃশ্য লোক, অর্থাৎ মেথরও যদি নিজের কার্য্য ভাল করিয়া সম্পন্ন করে, এবং সে যদি সরল ও সাধু লোক হয়, তাহা হইলে তাহারও সম্মানার্হ হওয়া উচিত, জেমসের চরিত্রে তাহারা এই শিক্ষা লাভ করিতে লাগিল। তুমি যে কার্য্যেই হাত দাও না কেন, যদি তোমার চরিত্রের গুণ থাকে, তোমার চরিত্র যদি মানুষের মত হয়, তাহা হইলে অতি হেয় কার্য্যও তোমার অনুষ্ঠান দ্বারা লোকের স্পৃহণীয় ও গৌরবের সামগ্রী হইবে। চরিত্র কার্য্যকে পবিত্র করে।

এখানকার পুস্তকালয়ে প্রায় দুই সহস্র পুস্তক ছিল। জেম্‌স অত্যন্ত আগ্রহের সহিত সেই সকল পুস্তক পাঠ করিতে আরম্ভ করিলেন। অধ্যক্ষ মহাশয়ের উপদেশ অনুসারে তিনি এমন প্রণালীতে পাঠ আরম্ভ করিলেন যে, যেমন এক একখানি পুস্তক পাঠ সমাপ্ত হইতে লাগিল, অমনি সেখানি সম্পূর্ণরূপে তাঁহার আয়ত্ত হইয়া যাইতে লাগিল। তাহার স্থূল স্থূল বিষয় ও সমুদয় ভাব তাঁহার সম্পূর্ণরূপে হৃদয়ঙ্গম হইয়া যাইতে লাগিল। বিদ্যালয়ের আর আর ছাত্রগণও তাঁহার নিকট হইতে পাঠের উত্তম প্রণালী শিক্ষা করিতে লাগিল।

আমরা অনেক সময় দেখি যে, বড় ভাই ভগিনীরা ক্রীড়া কৌতুকে প্রবৃত্ত হইতেছেন, ছোট ভাই ভগিনীগুলিকে সঙ্গে

লইতেছেন না ; তাহারা তাঁহাদের সেই ক্রীড়ায় যোগ দিবার জন্য অত্যন্ত ক্রন্দন করিতেছে, তবুও সে দিকে তাঁহাদের দৃষ্টি নাই—আপত্তি এই যে, তাহারা তাঁহাদের আমোদের ব্যাঘাত উৎপাদন করিবে। জেম্‌স তাহা বুঝিতেন না—স্বার্থপরতাকে তিনি অতিশয় ঘৃণা করিতেন। তিনি যখন তাঁহার সমবয়স্ক যুবকদিগের সঙ্গে খেলাইতে যাইতেন, তখন ছোট ছোট বালকেরা তাঁহাদের সঙ্গে যাইতে উৎসুক হইলে কদাচ তাহাদিগকে ছাড়িয়া যাইতেন না। এই জন্য তাঁহার সঙ্গে অনেকের বনিত না। কিন্তু তিনি বলিতেন, যদি উহাদিগকে সঙ্গে না লও,আমি তোমাদিগের সঙ্গে খেলাইব না। কিন্তু জেম্‌স আবার ওদিকে যে দলের সঙ্গে না খেলাইতেন, তাহাদের অর্দ্ধেক আমোদ কমিয়া যাইত, সুতরাং তাঁহারই জয় হইত।

জেম্‌স ঘণ্টা বাজান ও ঝাঁট দেওয়ার পরীক্ষায় অতি উত্তমরূপে উত্তীর্ণ হইলেন। কর্ত্তৃপক্ষগণ আর তাঁহাকে তাড়াইবার সুবিধা পাইলেন না। তাড়ান দূরে থাকুক, জেম্‌সের পারদর্শিতা ও পাণ্ডিত্য দেখিয়া তাঁহারা তাঁহাকে প্রথম বর্ষান্তে ছাত্রাবস্থাতেই হায়রম বিদ্যালয়ের ইংরাজি, লাটিন ও গ্রীক ভাষার সহকারী শিক্ষক নিযুক্ত করিলেন। ইহাদ্বারা বিদ্যালয়ের গৌরব বৃদ্ধি হইল, এবং জেম্‌সেরও গুণের আদর করা হইল।

জেম্‌স এককালে তিনটী পদকে সুশোভিত করিতেছিলেন—শিক্ষক, ছাত্র ও সূত্রধর। তাঁহাকে শিক্ষক করা হইল বটে, কিন্তু শিক্ষকতাদ্বারা তিনি এত অর্থ পাইতেন না যে, তাঁহাকে অপর কোন কার্য্য করিতে হইত না। বিশেষতঃ, তিনি এখন হইতে কালেজ অধ্যয়ন করিবার জন্যও কিছু কিছু অর্থ সংগ্রহ

করিতে আরম্ভ করিয়াছিলেন। হায়রম সহরে আসিয়া জেম্‌স স্বহস্তে কয়েকখানি গৃহ নির্ম্মাণ করিয়া যথেষ্ট অর্থ উপার্জ্জন করিলেন। সূতরের কারখানায় এমন উৎসাহের সহিত কার্য্য করিতে আরম্ভ করিলেন যে, দূর হইতে আর আর ছাত্র ও অধ্যাপকগণ জেম্‌সের হাতুড়ীর শব্দ শুনিতে পাইতেন!

আমরা পূর্ব্বেই দেখিয়াছি, জেম্‌সের জননী এলীজা বাল্য-কালে তাঁহাকে কি প্রকার উপদেশ দিতেন। তিনি বলিতেন, জেম্‌স! তুমি যখন যে কার্য্য হাতে লইবে, তাহাই ভাল করিয়া সম্পন্ন করিতে চেষ্টা করিবে। জেম্‌স সেই উপদেশ অনুসারে চলিতে গিয়া উত্তরোত্তর উন্নতির সোপানে আরোহণ করিতে লাগিলেন। এখানে আসিয়া অর্থ সংগ্রহের জন্য কয়েকবার কৃষিকার্য্যও করিয়াছিলেন।

ক্রমেই বয়োধিক্যের সঙ্গে সঙ্গে জেম্‌সের ধর্ম্মচর্চ্চায় উৎসাহ বর্দ্ধিত হইতে লাগিল। হায়রমে আসিয়াও ধর্ম্মালোচনা ও ধর্ম্ম সম্বন্ধে বক্তৃতা ইত্যাদি দ্বারা বিলক্ষণ কার্য্য করিতে আরম্ভ করি-লেন। এখানেও সকলে তাঁহার বক্তৃতা ও আলোচনায় যার পর নাই প্রীতি অনুভব করিতে ও উপকৃত হইতে লাগিল। তিনি যখন কথাবার্ত্তা বলিতেন, তখন তাহার ভিতর এমন অভিজ্ঞতা, ও এমন উপমা প্রয়োগ করিতেন যে,তাহা শ্রবণ করিয়া সকলেই তাঁহার সহিত সর্ব্বদা বেড়াইতে ও থাকিতে ভাল বাসিত।

এখানে থাকিতে থাকিতে জেম্‌স চিত্রবিদ্যায় এমন পারদর্শী হইয়াছিলেন যে, তিনি অবশেষে হায়রম বিদ্যালয়ের চিত্র-বিদ্যা-শিক্ষা-বিভাগের শিক্ষক নিযুক্ত হইলেন। জেম্‌স যে, কার্য্যে হস্তক্ষেপ করিতেন, তাহাই ভাল করিয়া করিতে যথাসাধ্য চেষ্টা

করিতেন, সুতরাং বিশেষ বিশেষ চিত্রাঙ্কন কার্য্যেও তিনি পারদর্শী হইলেন।

হায়রম বিদ্যালয়ের পাঠ শেষ হইবার পর বিদ্যালয়ের কর্ত্তৃপক্ষগণ তাঁহাকে অনুরোধ করিলেন যে, কালেজ হইতে উপাধিলাভ করিয়া আসিয়া তাঁহাকে উক্ত বিদ্যালয়ে অধ্যাপকতা করিতে হইবে। জেমস দেখিলেন যে, তিনি হায়রম বিদ্যালয় হইতে যে প্রভূত উপকার লাভ করিয়াছিলেন, তাহার শোধ সহজে হইবার নহে, এই ভাবিয়া তিনি এই অনুরোধে সম্মতি প্রদান করিলেন।

হায়রম বিদ্যালয় পরিত্যাগ করিবার পূর্ব্বেই হায়রমে থাকিয়া এবং অধ্যক্ষ মহাশয়ের সহিত পরামর্শ করিয়া তিনি তিনটী ভিন্ন ভিন্ন কালেজের অধ্যক্ষের নিকট আপন অভিপ্রায় জ্ঞাপন করিয়া পত্র লিখিয়াছিলেন। সকলেই তাঁহার পত্র ও প্রশ্নের যথাসময়ে উত্তর পাঠাইলেন। তন্মধ্যে উইলিয়মস্ কালেজের সভাপতি হপ্‌কিন্স সাহেব তাঁহাকে লিখিয়াছিলেন, যদি তুমি এখানে আস, আমরা যথাসাধ্য তোমার সুবিধা করিয়া দিতে চেষ্টা করিব। আর আর অধ্যক্ষগণ জেম্‌স যেমন যেমন জিজ্ঞাসা করিয়া পাঠাইয়াছিলেন, ঠিক্‌ঠাক্ তাহারই উত্তর দিয়াছিলেন। কিন্তু হপ্‌কিন্স সাহেব উপরি-উক্ত মর্ম্মে কয়েকটী কথা লেখাতে তাঁহার শিক্ষাধীনে যাইতেই জেম্‌সের অভিলাষ হইল। তদনুসারে তিনি উইলিয়মস্ কালেজে যাওয়া স্থির করিয়া গৃহে আসিলেন।

গৃহে আসিবার পর টমাস তাঁহাকে অর্থের কথা জিজ্ঞাসা করিলেন। তখন জেম্‌স বলিলেন, এ পর্য্যন্ত তিনি এক দিনের

জন্তও অর্থের জন্য চিন্তা করেন নাই, অথচ ভগবানের কৃপায় অতি আশ্চর্য্যভাবে তাঁহার সমস্ত ব্যয় নির্ব্বাহ হইয়া আসিতেছে; সুতরাং এতদিন ভগবান্ যে প্রকারে চালাইয়াছেন, এখনও সেই-রূপে চলিবে; এই বলিয়া জেম্‌স তাঁহাকে বলিলেন, আমার কালেজে পড়িতে যত টাকা লাগিবে, তাহার অর্দ্ধেক পরিমাণ ব্যয় চলিতে পারে, এমন অর্থ আমার নিকট আছে। এ পর্য্যন্ত যেমন পাঠশালা খুলিয়া এবং অন্যরূপ শ্রমসাধ্য কার্য্য করিয়া চালাইয়াছি, এবারেও তেমনি করিয়া চালাইব।

যাহা হউক, টমাস তাঁহাকে কিছু অর্থ সাহায্য করিবেন বলিয়া অঙ্গীকার করিলেন। টমাস খাটিয়া ও চাষাদি দ্বারা কিঞ্চিৎ অর্থ সঞ্চয় করিয়া এখন একপ্রকার সুখ স্বচ্ছন্দে জীবিকানির্ব্বাহ করিতেছিলেন।

ছয় বৎসরের পাঠ তিন বৎসরে সম্পন্ন করিয়া জেমস হায়-রম বিদ্যালয় পরিত্যাগ পূর্ব্বক উইলিয়মস্ কালেজে গমন করিলেন।

১৭

উপাধি লাভ

জেম্‌স গ্রীষ্মাবকাশের অতি অল্প দিন পূর্ব্বে উইলিয়ম্‌স কালেজের হপ্‌কিন্স সাহেবের নিকট উপস্থিত হইলেন। তাঁহার শরীর অতি দীর্ঘ, মাথায় বরাহলোমের মত খাড়া খাড়া চুল, মুখের ভাব খোলা ও স্ফূর্ত্তিযুক্ত। মুখ খানি দেখিলে এমন বোধ হয় না যে, জেম্‌স কখনও দারিদ্র্য বা কষ্টের সহিত কঠোর সংগ্রাম করিয়াছেন। তিনি বলভয়ার তৈনি অথবা শারীরিক

সৌন্দর্য্যাদির প্রতি বিন্দুমাত্রও মনোযোগ প্রদান করেন নাই।

জেম্‌স তাঁহার নিকট যাইয়া আত্ম-পরিচয় প্রদান করিলেন। জেম্‌স তাঁহাকে যে পত্রখানি লিখিয়াছিলেন, তাহা তাঁহার এত ভাল লাগিয়াছিল যে, সেই পত্রের কথা মনে হইবামাত্র পণ্ডিত হপ্‌কিন্স ব্যস্ত হইয়া অতি আদরের সহিত তাঁহাকে আলিঙ্গন করিলেন। তাঁহার এই প্রথম অভ্যর্থনাতেই জেম্‌স মোহিত হইয়া গেলেন। তিনি ভাবিলেন, যেন নিজ গৃহে পিতার স্নেহের ক্রোড়ে আসিয়া উপস্থিত হইয়াছেন! পণ্ডিত হপ্‌কিন্স সাহেব অত্যন্ত বিদ্বান্ ও অকৃত্রিম স্নেহশীল লোক ছিলেন। জেম্‌সের বোধ হইল, যেন তিনি হিমাদ্রি প্রমাণ উন্নতহৃদয় ও সাগর-সমান গভীর বিদ্বান্ পণ্ডিতের নিকট আসিয়াছেন। তিনি যে এমন একজন মহৎ লোকের নিকট শিষ্যত্ব গ্রহণ করিতে পারিয়াছেন, তজ্জন্য আপনাকে সৌভাগ্যশালী মনে করিতে লাগিলেন।

বিদ্যালয়ে প্রবিষ্ট হইবার পূর্ব্বে তাঁহাকে একটী অতি কঠিন পরীক্ষা দিতে হইল। জেম্‌স বিশেষ পারদর্শিতার সহিত সেই কঠিন পরীক্ষায় উত্তীর্ণ হইলেন। তাঁহাকে কালেজে প্রবিষ্ট করা হইল।

অতি অল্প দিন পরেই গ্রীষ্মাবকাশের নিমিত্ত স্কুল বন্ধ হইল। হপ্‌কিন্স সাহেব তাঁহাকে বিদ্যালয়ে থাকিয়া পুস্তকালয় হইতে গ্রন্থ লইয়া পাঠ করিতে অনুমতি দিলেন। জেম্‌সের এবারকার ছুটিতে আর শ্রম করিয়া অর্থোপার্জ্জন করিবার আবশ্যক ছিল না। এবারে তিনি কালেজের পুস্তকালয়ে হইতে অত্যন্ত আগ্রহের সহিত গভীর জ্ঞানের পুস্তক সকল লইয়া পাঠ করিতে

আরম্ভ করিলেন। এবারে আর উপন্যাস পাঠ করিলেন না। গুগা বিদ্যালয়ে অধ্যয়নকাল হইতেই এই সকল পুস্তক আর পড়িবেন না বলিয়া সংকল্প করেন। তিনি সেক্‌স্‌পীয়র এবং আরও কতকগুলি ইংরাজ কবির গ্রন্থ পাঠে নিরত হইলেন। সেক্‌স্‌পীয়রের গ্রন্থ ভাল করিয়া অধ্যয়ন করিতে আরম্ভ করিলেন।

পাঠ করিতে করিতে যখন বড় অধিক শ্রান্ত হইয়া পড়িতেন—যখন তাঁহার মন বিশ্রাম লাভের জন্য লালায়িত হইত, তখন অদূরবর্ত্তী পর্ব্বত, উপত্যকা ও অরণ্যের মধ্যে প্রবেশ করিয়া প্রকৃতির শান্তিপ্রদ অমৃতরসে চিত্ত সিঞ্চিত করিয়া আসিতেন। বিশাল-তরুলতা-সুশোভিত লতাকুঞ্জের মধ্যে প্রবেশ করিয়া কখনও পক্ষিগণের কূজন শ্রবণ করিতেন, কখনও শ্যামল ও স্নিগ্ধ পত্রাবলী-শোভিত পল্লববাজির নিম্নে উপবেশন করিয়া এবং তাহাদিগকে গাঢ় প্রেমভরে আলিঙ্গন করিয়া চিত্তের কঠোরতা বিনাশ করিতেন। কোন দিন বা বেড়াইতে বেড়াইতে বহুদূর চলিয়া যাইতেন। কখনও বা অতি উন্নত পর্ব্বতশিখরে আরোহণ করিয়া চারিদিকের দৃশ্যাবলী নিরীক্ষণ করিতে করিতে এক অতি অনির্ব্বচনীয় সুখসাগরে ভাসিয়া যাইতেন। এইরূপে বিদ্যালয় খুলিবার পূর্ব্বে জেম্‌স চারিদিকে প্রায় দুই ক্রোশব্যাপী ভূখণ্ড, গভীর অরণ্য ও পর্ব্বত উত্তীর্ণ হইয়া তন্ন তন্ন করিয়া বিবিধ দৃশ্য দেখিয়া বেড়াইলেন।

বিদ্যালয় আরম্ভ হইলে জেম্‌স অতীব উৎসাহের সহিত অধ্যয়ন করিতে আরম্ভ করিলেন। সর্ব্বত্র যেরূপ, এখানেও সেইরূপ তাঁহার গভীর বিদ্যাবত্তার পরিচয় প্রকাশ পাইতে

লাগিল। বিশেষতঃ লিপিচাতুর্য্যে, যুক্তি ও তর্কে, তাঁহার মত অসাধারণ ক্ষমতা আর সে বিদ্যালয়ে কাহারও দেখা গেল না।

এই কালেজের নামে একখানি ত্রৈমাসিক সংবাদপত্র ও সমালোচনী ছিল। জেম্‌স তাহাতে নানা বিষয় লিখিতে লাগিলেন।

পরবর্ত্তী শীতকালের বন্ধে জেম্‌স আবার যে স্থানে শিক্ষকতা করিতে লাগিলেন, সে স্থানে একটী উপাসনালয় ছিল। তিনি এখানে শিক্ষকতাব সঙ্গে সঙ্গে ধর্ম্মবিষয়ে নানা প্রকাব আলোচনায় প্রবৃত্ত হইলেন। তাঁহাব উপদেশে সকলে অত্যন্ত উপকৃত হইতে লাগিল। এমন কি, এখানে সকলে বলিতে লাগিল যে, জেম্‌স ধর্ম্মযাজকেব পদেব সম্পূর্ণ উপযুক্ত।

এই স্থানে অবস্থিতি কালেব মধ্যে জেম্‌স অতি গুরুতর সমস্যায় পড়িলেন। এখনও তাঁহাব উপাধিলাভ করা হয নাই। কিন্তু তাহা না হইলেও তাঁহার পাণ্ডিত্য, তাঁহাব বিদ্যাবত্তা এস্থানের চারিদিকে এমন প্রচাব হইযা পড়িল যে, স্থানীয় একটী উচ্চ শ্রেণীর বিদ্যালয়েব জনৈক কর্ত্তৃপক্ষ একদিন তাঁহার নিকট আসিয়া মাসিক একশত ডলাব বেতনের একটী শিক্ষকতা কার্য্য প্রদান কবিতে চাহিলেন। উত্তরে বহুক্ষণ ধরিয়া তাঁহাকে এ বিষয় ভাবিতে হইল না।

হায়রম বিদ্যালয়ের ঋণ তাঁহার হৃদয়ে সর্ব্বদাই জাগিতেছিল। তাঁহার প্রাণগত ইচ্ছা, যদি শিক্ষকতা করিতে হয়, তবে অল্প বেতন হয় সেও ভাল, তথাপি হায়রম বিদ্যালয়ের উন্নতির জন্যই চেষ্টা করিতে হইবে। এই অভিপ্রায়ে তিনি উক্ত কর্ত্তৃপক্ষকে এইমর্ম্মে উত্তর দিলেন যে, উপাধি লাভ না করিয়া

তিনি কোন কার্য্যে স্থায়ীভাবে যোগ দিতে সমর্থ হইবেন না, এবং যদি শিক্ষকতা-বৃত্তিই অবলম্বন করেন, তাহা হইলে হায়রম বিদ্যালয়েরই তাঁহার উপর সর্ব্বপ্রথম দাবী থাকিবে। এই জন্য তিনি তাঁহার এই অযাচিত অনুগ্রহ গ্রহণে অসমর্থ হইলেন।

উক্ত ভদ্র লোক জেম্‌সকে উল্লিখিত শিক্ষকের পদ গ্রহণ করিবার জন্য অনেক অনুরোধ করিলেন, কিন্তু জেম্‌স কোন প্রকারেই তাঁহার অনুরোধ রক্ষা করিতে পারিলেন না। তিনি আপনাকে হায়রম বিদ্যালয়ের নিকট এমনই কৃতজ্ঞতাঋণে আবদ্ধ মনে করিতেন যে, অর্থের লোভ তাহার কাছে পরাস্ত হইল।

জেম্‌সের এখনকার আর্থিক অবস্থা যে ভাল ছিল, তাহাও নহে; সুতরাং তাঁহার পক্ষে এই অবস্থায় এমন একটী আয়ের পথ পরিত্যাগ করা বড় সহজ কথা নহে। কালেজের ব্যয় নির্ব্বাহার্থ তাহার জ্যেষ্ঠ সহোদর টমাস কতক অর্থ দিবেন বলিয়াছিলেন, কিন্তু ক্রমে তাঁহার অবস্থা এত মন্দ হইয়া পড়িল যে, কনিষ্ঠ ভ্রাতাকে তিনি এখন আর অর্থ সাহায্য করিতে পারিলেন না। একে ত এইরূপ অর্থকৃচ্ছ্র, তাহাতে আবার জেম্‌সের পরিধেয় বস্ত্র এমনই জীর্ণ হইয়াছিল যে, তাহা পরিবর্ত্তন না করিলে আর চলে না। একটী প্রস্থ বই জেম্‌সের এখনও দুই প্রস্থ বস্ত্র হয় নাই। একই প্রস্থ বস্ত্র সর্ব্বদা পরিয়া থাকিতেন। জেম্‌সের জনৈক বন্ধু এই অবস্থায় উক্ত স্থানের একজন দর্জ্জির নিকট তাঁহার সমস্ত বিবরণ জানাইয়া ধারে এক প্রস্থ পোষাক দিতে অনুরোধ করিলেন। তিনি বলিলেন, এই যুবক কালে আপনার সমস্ত দেনা কড়ায় গণ্ডায় পরিশোধ করিবেন, তাহাতে কোন আশঙ্কা নাই। দর্জ্জি সাহেব তাহাতে সম্মত হইয়া জেমসের

ইচ্ছামত এক প্রস্থ পোষাক দিয়া জেম্‌সকে বলিল, আপনার যখন সুবিধা হইবে আমাকে টাকা দিবেন,আমাকে টাকা দিবার জন্য ভাবিবেন না। আপনার সমস্ত আবশ্যক ব্যয় বাদে যখন হাতে কিছু অধিক টাকা থাকিবে, সে টাকার অন্য প্রয়োজন না থাকিলে আমাকে দিবেন। জেম্‌স কিন্তু কালেজে আসিয়া অচিরে এই ঋণ পরিশোধ করিয়া ফেলিলেন।

কালেজে প্রত্যাগমন করিয়া দর্জ্জির ঋণ পরিশোধ করিলেন বটে, কিন্তু তখনও তাঁহার অর্থকষ্ট যায় নাই! বিদ্যালয়ের পাঠ অভ্যাস করিয়া যতটুকু সময় পাইতেন, কায়িক পরিশ্রমের দ্বারা সেই সময়ে যত পারিতেন অর্থ উপার্জ্জন করিতেন। কিন্তু তাহাতেও তাঁহার কুলান হইত না—ক্রমেই ঋণ অধিক হইতে লাগিল। তখন জেম্‌স সেই পূর্ব্ববর্ণিত চিকিৎসক রবিন্‌সন সাহেবের নিকট কিছু টাকা চাহিয়া পাঠাইলেন। উক্ত মহোদয় জেম্‌সের পত্র পাইয়া অত্যন্ত আহ্লাদের সহিত তাঁহাকে টাকা পাঠাইয়া দিলেন।

এইরূপে কালেজের প্রথম বর্ষ শেষ হইল। জেম্‌স পুনরায় জননীর নিকট উপস্থিত হইলেন। জননী তখন আপন কন্যা মেহেতাবেলের আলয়ে বাস করিতেছিলেন। জেম্‌সের ধর্ম্মভাব দেখিয়া জননী এলীজার অন্তর আনন্দে উথলিয়া উঠিতে লাগিল। তাঁহার পুত্র যে সংসারের অপর কার্য্যে রত না হইয়া ভগবানের নাম প্রচার ব্রতে ব্রতী হইবেন, তাঁহার মনে এখন ক্রমেই এই আশা বলবতী হইতে লাগিল।

কিছুদিন মাতার নিকট বাস করিয়া জেম্‌স আবার কালেজে গমন করিলেন। এখানেও ক্রীতদাস-প্রথার বিরুদ্ধে খুব

আন্দোলন হইতে লাগিল। জেম্‌স এখানে দাসত্ব-প্রথার বিরুদ্ধে একদিন একটী অগ্নিময়ী বক্তৃতা করিলেন। তিনি সকলকে স্তম্ভিত করিয়া বলিলেন, মৃত্যুর সহিত সখ্য! নরকের সহিত মিত্রতা! নিশ্চয়ই এই দাসত্ব-প্রথার সমর্থনকারিগণ ধ্বংস প্রাপ্ত হইবেন। পদদলিত ও নির্যাতনপ্রাপ্ত, আর্ত্ত ও দুঃখী দাসগণের হৃদয়ভেদী ক্রন্দনের রোল উঠিয়াছে! এই ক্রন্দন-ধ্বনি রাজ-রাজের সিংহাসনকে বিকম্পিত করিতেছে—তাঁহার কোপাগ্নি জ্বলিয়া উঠিতে আর অধিক বিলম্ব নাই! এ দারুণ অত্যাচারের প্রতিশোধ ভয়ানক হইবে। পরমেশ্বরের রাজ্যে এমন অত্যাচার বহুকাল রাজত্ব করিতে পারিবে না—অচিরে তাঁহার রুদ্র মূর্ত্তি, ভয়ঙ্কর বেগে বজ্র নিক্ষেপ দ্বারা, এই পুরাতন, জীর্ণ দাসত্ব-প্রথা-রূপ বৃক্ষকে সমূলে বিনাশ করিবে।

বিদ্যালয়ের প্রাঙ্গণে এই বক্তৃতা হয়। জেম্‌সের অদ্ভুত ক্ষমতা ও বাগ্মিতা দর্শন করিয়া সমাগত জনগণ মহা কোলাহলে দাসত্ব-প্রথার সমর্থনকারিগণকে অভিসম্পাত করিতে লাগিল। চারিদিক্ হইতে সকলে জেম্‌সের গুণ ঘোষণা করিতে লাগিল। কেহ কেহ বলিতে লাগিল, জেম্‌স উইলিয়ম্‌স কালেজের গৌরব! আজ তাঁহার জন্য উইলিয়ম্‌স কালেজের মুখ উজ্জ্বল হইল। এই প্রকারে লোকেরা তাঁহার প্রশংসা করিতে করিতে এবং দাসত্ব-প্রথার ঘোর অত্যাচার ও অনিষ্টকারিতার ব্যাখ্যান করিতে করিতে চলিয়া গেল।

যখন জেম্‌সের নাম চারিদিকে এইরূপে সকলের মুখে প্রশংসার সহিত উচ্চারিত হইতে লাগিল—তখন তিনি ১৮৫৬ খ্রীষ্টাব্দে অতিশয় সম্মান ও পারদর্শিতার সহিত উপাধি পরীক্ষায়

উত্তীর্ণ হইলেন। কালেজের অধ্যাপক ও ছাত্রগণ সকলেই তাঁহার পাণ্ডিত্য ও বিদ্যাবত্তার সাক্ষ্য দিতে লাগিল। কালেজের অধ্যক্ষ হপ্‌কিন্স সাহেব ১৮৬৪ সালে জেম্‌স গার্‌ফীল্‌ডের ছাত্রাবস্থা সম্বন্ধে যে অভিমত ব্যক্ত করেন, তাহাতে লিখিয়াছিলেন, জেম্‌স একজন নিষ্ঠাবান্ ধার্ম্মিক লোক। তিনি সকল কার্য্যে সুচতুর, লোকের সহিত ব্যবহারে সবল, সাহসী ও মিষ্টভাষী। লেখা পড়ায় যেমন মনোযোগী, শারীরিক পরিশ্রমেও তেমনি পটু। জেম্‌স যথার্থ মনুষ্য পদবীর বাচ্য।

তাঁহার সম্বন্ধে উইলিয়ম্‌স কালেজের অন্যতম সভাপতি চাদ্‌বোর্ণ সাহেব লিখিয়াছেন, আমার নিকট যে সমুদায় বিদ্যার্থী আগমন করিয়াছিলেন, তাঁহাদিগের মধ্যে জেম্‌সের ন্যায় সৎসাহসী, কর্ত্তব্যনিষ্ঠ, পরিশ্রমী, ধর্ম্মনিষ্ঠ ও ঈশ্বরপরায়ণ ছাত্র আর দেখি নাই। তাঁহার চরিত্র বিশুদ্ধ ও নির্ম্মল; অগ্নির মত তেজোবিশিষ্ট। সংসারের তাবৎ মঙ্গলজনক কার্য্যে তাঁহার পূর্ণ সহানুভূতি ছিল। ফলতঃ আমি তাঁহার মত সর্ব্বাঙ্গীন উন্নত লোক আর একটীও দেখি নাই।

১৮

অধ্যাপক

হায়রম বিদ্যালয়ের কর্ত্তৃপক্ষগণ গার্‌ফীল্‌ডকে প্রাচীন ভাষা ও ইংরাজী সাহিত্যের অধ্যাপক নিযুক্ত করিলেন। তিনি যখন হায়রমেপ্রত্যাগমন করিলেন, সকলেই তাঁহাকে অতিশয় সমাদরের সহিত গ্রহণ করিলেন। তিনি আনন্দের সহিত অধ্যাপকের পদ গ্রহণ করিয়া কার্য্যে প্রবৃত্ত হইলেন।

নয় বৎসর পূর্ব্বে যে জেম্‌স খালে খালে নৌকার গুণ টানিয়া বেড়াইয়াছিল, আজ সেই জেম্‌স এব্রাম গার্ফীল্ড তিন শতাধিক বালক-বালিকাপূর্ণ একটী বিদ্যালয়ের অধ্যাপক! এই নয় বৎসরের মধ্যে তাঁহাকে কত কঠোর পরিশ্রম ও কত সংগ্রাম করিয়া যে জীবনে জয়লাভ করিতে হইয়াছিল, তাহা আমরা দেখিয়াছি। জগতে অতি অল্প লোকের ভাগ্যেই এ প্রকার অবস্থা ঘটিয়া থাকে।

গার্ফীল্ড এই সময় তাঁহার একজন বন্ধুকে বলিয়াছিলেন, আমার আকাঙ্ক্ষা-নিবৃত্তি হইয়াছে। আমি উপযুক্ত বিদ্যালয়ে উপযুক্ত অধ্যাপকগণের পদ প্রান্তে বসিয়া শিক্ষা লাভ করিয়া উপাধি পাইয়াছি, এবং এক্ষণে এই বিদ্যালয়ের শিক্ষক হইয়াছি। এখন এই বিদ্যালয়ের উন্নতি সাধনে শরীর মন নিয়োগ করা ব্যতীত আমার অন্য কোন অভিপ্রায় নাই।

অনেকে যেমন ভাবিয়াছিলেন, জেম্‌স আজীবন ধর্ম্ম-যাজকের কার্য্য করিবেন, কিন্তু বাস্তবিক তাঁহার সে অভিপ্রায় ছিল না; তেমনি রাজনীতিচর্চ্চাও তাঁহার জীবনের বিশেষ উদ্দেশ্য ছিল না। তিনি হায়রম বিদ্যালয়ের শিক্ষকতা কার্য্যে ব্রতী হইয়া মনের আনন্দে বিদ্যালয়ের উন্নতি-কল্পে আপনার হৃদয় মনের সমুদয় শক্তি ঢালিয়া দিলেন। তিনি অর্থ-লালসায় এ কার্য্যে প্রবৃত্ত হন নাই। অন্যত্র গমন করিলে যে বেতন পাইতেন, এখানে তাহার অর্দ্ধেক বেতন লইয়া কার্য্য করিতে সম্মত হইলেন। পূর্ব্বেই উল্লেখ করা হইয়াছে তাঁহাকে বাৎসরিক বার শত ডলার বেতনে একটী কালেজের অধ্যাপক হইতে অনুরোধ করা হইয়াছিল, কিন্তু তিনি তাহা অগ্রাহ্য করিয়া এখানে আট শত

ডলার বেতনে কার্য্য করিতে স্বীকার করিলেন। হায়রমেই তাঁহার প্রাণের টান ছিল। সুতরাং অধিক বেতনের লোভ দেখাইয়া কোন বিদ্যালয়ের কর্ত্তৃপক্ষেরাই তাঁহাকে সে স্থান হইতে সরাইতে পারিলেন না।

ইতিপূর্ব্বে উইলিয়ম্‌স কালেজে প্রবেশ করিবার পূর্ব্বে হায়রম বিদ্যালয়ের শিক্ষকতা কার্য্যে গার্‌ফীল্‌ডের দক্ষতা প্রকাশ পাইয়াছিল। কিন্তু এক্ষণে তিনি তদপেক্ষা অনেক অধিক পরিমাণে সেই কার্য্যে উপযুক্ততা লাভ করিলেন। এক বৎসর কাল বাস করিতে না করিতেই তিনি শিক্ষক-সমিতির সভাপতি পদে নিযুক্ত হইলেন; এবং দ্বিতীয় বর্ষ শেষে বিদ্যালয়ের অধ্যক্ষের পদ প্রাপ্ত হইলেন। কি আশ্চর্য্য ব্যাপার! এগার বৎসর পূর্ব্বে যে ব্যক্তি নৌকার সামান্য মাঝি ছিলেন, আজ তিনি একটী উচ্চশ্রেণীর বিদ্যালয়ের উচ্চতম পদবীতে আরূঢ়! ইহা ভাবিতেও কত আনন্দ হয়।

শিক্ষকের কার্য্য অতি গুরুতর! শিক্ষক যে কেবল বেতন লাভ করিয়া আপনার অধীনস্থ ছাত্রবৃন্দকে যথারীতি কিঞ্চিৎ গ্রন্থ পড়াইয়া চলিয়া যাইবেন, গার্‌ফীল্‌ডের সেরূপ মত ছিল না। তিনি বলিতেন যে, যাহাতে দেশ মধ্যে শিক্ষা বিস্তার হয়, শিক্ষক তাহার জন্য বিধিমত চেষ্টা করিবেন। যে সকল বালক অথবা যুবক শিক্ষালাভে উদাসীন, অথবা সামান্য দারিদ্র্য-নিবন্ধন বিদ্যালাভে অমনোযোগী, তাহাদিগকে জ্ঞান উপার্জ্জনের প্রয়োজনীয়তা বুঝাইয়া দিয়া বিদ্যালাভে যত্নবান্ করা, শিক্ষকের প্রধান কর্ত্তব্য বলিয়া তিনি মনে করিতেন। তাই তিনি হায়রমে আগমন করিয়া একটী উৎকৃষ্ট ও পবিত্র ব্রতে ব্রতী হইলেন।

যে সকল বালকের মেধা ছিল, যাহারা লেখা পড়া শিখিলে অতি উত্তম শিক্ষিত লোক হইতে পারে, গার্‌ফীল্ড দেখিলেন, এইরূপ অনেক যুবক জীবনের ঠিক্ সরল পথ ধরিতে না পারিয়া আপনাদের ক্ষমতা বৃথা নষ্ট করিয়া ফেলিতেছে। তিনি নিজে নাকি এইরূপ বিপথে পড়িয়া অনেককাল পর্য্যন্ত ঘুরিয়া বেড়াইয়াছিলেন এবং অনেক সময় নষ্ট করিয়াছিলেন, তাই অপর যুবকগণের এইরূপ অবস্থা দেখিয়া স্থির থাকিতে পারিলেন না। তিনি নানা প্রকার তর্ক যুক্তির দ্বারা তাহাদিগকে বিদ্যাশিক্ষার প্রয়োজনীয়তা বুঝাইয়া দিতেন। আবার কখনও বা তাহাদিগকে বলপূর্ব্বক পিতা মাতার নিকট হইতে ধরিয়া আনিতেন। যে সকল পিতা সন্তানকে বিদ্যালয়ে পড়িতে দিবার বিরোধী হইতেন, তিনি তাহাদিগের সহিত তর্ক যুক্তির সংগ্রামে প্রবৃত্ত হইয়া অনেক সময় জয়লাভ করিতেন। গার্‌ফীল্ড এইরূপে যে সকল বালককে ধরিয়া আনিয়াছিলেন, তাহাদের মধ্যে অনেকেই দেশ মধ্যে বিদ্বান্ বলিয়া খ্যাতি লাভ করিয়াছেন। হায়রম বিদ্যালয়ের পরবর্ত্তী অধ্যক্ষগণের মধ্যে তাঁহার ধৃত একজন ছাত্র ছিলেন।

গার্‌ফীল্ড বলিতেন, প্রত্যেক যুবাপুরুষের জীবনে এমন এক একটী সময় উপস্থিত হয়—যখন একটুর জন্য সে হয় ভাল পথে, না হয় চিরকালের জন্য অসৎ পথে চলিয়া যায়। এটী বড় সমস্যার সময়। যদি সৌভাগ্যক্রমে তাহারা এই সময় একবার কোন প্রকারে কাহারও উপদেশ বা দৃষ্টান্ত দ্বারা সুপথ পাইতে পারে, তাহা হইলে তাহারা চিরকালের জন্য ভাল হইয়া যায়। আর তাহা না হইয়া যদি কুপরামর্শ বা কুসঙ্গে একবার পড়িয়া যায়, তাহা হইলে চিরদিনের জন্য তাহাদের আর কোন

আশা থাকে না—ভয়ঙ্কর বিপথে পড়িয়া মহাকষ্টে কালাতিপাত করে। এই সময়ে তাহাদের নিজের প্রতি কিছুমাত্র বিশ্বাস থাকে না—তাহাদের কোন বিষয়েই স্থিরতা থাকে না। হয়ত আবার ইহার উপর পিতা মাতা দরিদ্র; সুতরাং তাঁহাদের মতে পুত্রের লেখা পড়া যত অল্পই হউক না কেন, আপনাদের অর্থাভাব নিবন্ধন সেই টুকুই যথেষ্ট। তাঁহারা বলেন যে, তাঁহাদের অপেক্ষা তাঁহাদের সন্তান অধিক লেখাপড়া শিখিয়াছে, এই বলিয়া তাঁহারা আপন সন্তানকে বিদ্যালয় হইতে ছাড়াইয়া লইতে ইচ্ছা করেন। কখনও কখনও সন্তানদিগের কালেজের শিক্ষা সমাপ্ত হইয়া গেলে পিতা মাতা তাহাদের জীবিকা নির্ব্বাহের পথ বাহির করিবার জন্য অত্যন্ত অস্থির হইয়া পড়েন। তাঁহারা অনেক সময় আপন সন্তানদিগকে নানা প্রকার নিরুৎসাহের কথা বলিয়া অকর্ম্মণ্য করিয়া ফেলেন। সন্তান হয়ত তাঁহাদের মুখে এই সকল কথা না শুনিলে স্বচ্ছন্দে আপনার ক্ষমতা অনুসারে, আপনার তেজের সহিত চলিতে পারিত, কিন্তু পিতা মাতার মুখে তাদৃশ কথা শুনিয়া অত্যন্ত ভীত ও আপনার শক্তি সামর্থ্যের উপর অত্যন্ত সন্দিগ্ধ হইয়া পড়ে। আমি আমার নিজ জীবনের এই প্রকার সন্ধিস্থলের কথা যখন স্মরণ করি তখন তাদৃশ অবস্থাপন্ন যুবকগণের জন্য আমার প্রাণের মর্ম্মস্থলে দারুণ ব্যথা উপস্থিত হয়।

গার্ফীল্ডের আশ্চর্য্য শক্তি ছিল। তিনি কখনও বালকদিগকে আপনার প্রতি অনুরক্ত করিতে অসমর্থ হইতেন না। বালকেরা স্বভাবতই তাঁহার অসাধারণ শক্তির প্রভাবে তাঁহার প্রতি একান্ত অনুরক্ত হইত। তিনি যদি কোনও বালককে

মিষ্ট করিয়া একটী কথা বলিতেন তাহা হইলেই সে কত সুখী হইত। ফলতঃ তদীয় ছাত্রগণ তাঁহার প্রতি এতাদৃশ অনুরক্ত হইয়াছিল যে,অপর কোন শিক্ষকের প্রতি বালকগণের সচরাচর তাদৃশ অনুরাগ দেখা যায় না। তিনি ১৮৫৭ খ্রীষ্টাব্দ পর্য্যন্ত পাঁচ বৎসর কাল হায়রম বিদ্যালয়ে কার্য্য করিয়াছিলেন। এই কাল মধ্যে তদীয় চরিত্রের অশেষ সদ্‌গুণ প্রকাশ পাইয়াছিল। অপরাপর শিক্ষক ও ছাত্রগণ তাহার মহত্ব, ও তাঁহার প্রেমের প্রভাবে তদীয় গুণের পক্ষপাতী হইয়াছিলেন।

তিনি নির্দ্দিষ্ট পুস্তক ব্যতীত আপন ছাত্রগণের জ্ঞান বৃদ্ধির জন্য নানা প্রকার উত্তম উত্তম গ্রন্থ পাঠ ও আলোচনা করাইতেন। তাহাদিগকে প্রকৃত মনুষ্যত্ব শিক্ষা দিবার জন্য সর্ব্বদা সদুপদেশ দিতেন। যে সকল দরিদ্র ছাত্র শারীরিক পরিশ্রম দ্বারা বিদ্যাধ্যয়ন করিতে আসিত, তিনি তাহাদিগকে সর্ব্বদাই উৎসাহিত করিতেন।

গার্ফীল্ড এই কালেজের অধ্যক্ষ হইয়া ছাত্রদিগের নিকট অনেক সময় উৎকৃষ্ট সারগর্ভ বিষয়ের বক্তৃতা করিতেন। তাহাদিগকে লইয়া ধর্ম্মালোচনা করিতেন, এবং ধর্ম্মের তত্ত্ব সকল তাহাদিগকে অবগত করাইতেন। ছাত্রদিগকে লইয়া ধর্ম্মসঙ্গীত ও ঈশ্বরোপাসনায় অনেক সময় যাপন করিতেন। এই সকল ছাত্রও তাঁহাকে পিতার ন্যায় ভক্তি ও সম্মান প্রদান করিত। তাহারা বয়সে যতই ছোট হউক না কেন, সকলের সঙ্গেই ছোট বালকের মত তিনি আমোদ আহ্লাদ করিতেন।

১৮৫৮ খ্রীষ্টাব্দের ১১ই নবেম্বর বিদ্যাবতী পবিত্রস্বভাবা কুমারী রডল্‌ফকে তিনি বিবাহ করিয়াছিলেন। সহধর্ম্মিণী

বউল্‌ফের সাহায্যে গার্‌ফীলড আরও অধিকতর উৎসাহের সহিত গুরুতব শ্রমসাধ্য ও হিতকর ব্যাপাবে প্রবৃত্ত হইলেন।

একদিকে গাব্‌ফীল্‌ডেব প্রকৃতি বালকেব মত সবল হইলেও অপব দিকে তাহাতে অত্যন্ত গাম্ভীর্য্য ছিল। এখানকাব কালেজে মধ্যে মধ্যে মেলা হইত। তাহাতে চাবিদিক্‌ হইতে প্রায় দশ সহস্র লোক সমবেত হইত। এই সকল লোকের মধ্যে আবাব অনেক পালোযান ও মাতাল লোক থাকিত। এই সকল লোক রঙ্গ ভূমিতে অবতীর্ণ হইয়া সকলকে অত্যন্ত বিবক্ত কবিত। কিন্তু গাব্‌ফীল্‌ডেব একটী অঙ্গুলিব নির্দ্দেশ অথবা একটু হস্ত পবিচালনে মহা গোলযোগ থামিযা যাইত, সেই সকল দুর্দ্দান্ত লোকেবা দূবে সবিযা যাইত।

গাব্‌ফীল্‌ড ছোট ছোট বিষয ও ছোট ছোট ব্যাপাবগুলিও তন্ন তন্ন কবিযা অবলোকন কবিতেন, এবং ছাত্রদিগকে সেই সকল বিষয দর্শন কবিবাব জন্য শিক্ষা দিতেন। তিনি পডাইতে পড়াইতে কোন কোন দিন হয়ত আপন ছাত্রগণকে জিজ্ঞাসা কবিতেন, নীচেব তলায কযটা থাম আছে? দ্বাবে কযটা পাপস আছে? ঘবে কযটা জানালা আছে? সম্মুখেব মযদানে কয়টা গাছ আছে? এই প্রকাব প্রশ্ন জিজ্ঞাসা করিয়া তাহাদিগকে ব্যস্ত করিয়া তুলিতেন। পথে যাইতে যাইতে নানাপ্রকার সামগ্রী অবলোকন ও পবীক্ষা করিযা যাইতেন। আবাব যখন যে বিষয়টী দেখিতেন, তখন সেটী উত্তমরূপে না বুঝিয়া ছাড়িতেন না। এইরূপে তিনি বালকগণকে বস্তু ও বিষয় দর্শন করিতে শিক্ষা দিতেন।

জেম্‌স এব্রাম গার্‌ফীল্‌ড ছাত্রগণের সহিত কিরূপ ব্যবহার

করিতেন অনেকটা বলা হইয়াছে। তিনি যখন কোনও বালককে তিরস্কার অথবা প্রশংসা করিতেন, প্রায়ই একটী হাত বাড়াইয়া তাহার গলা জড়াইয়া ধরিতেন এবং আপনার কাছে টানিয়া আনিয়া মিষ্টভাবে তাহার দোষ অথবা গুণের কথা বলিতেন।

তিনি যেমন ঘণ্টা বাজাইবার কায ও গৃহ সম্মার্জ্জনের কায করিয়া লেখা পড়া শিখিয়াছিলেন, সেইরূপ তাঁহার অধ্যক্ষতাকালে আর এক ব্যক্তিও দ্বারবানের কায করিয়া লেখা পড়া শিখিতেছিলেন। পাছে তিনি সামান্য কার্য্য করিতেন বলিয়া আপনাকে হীন মনে করেন, এজন্য মহাত্মা গার্ফীল্ড সময়ে সময়ে কোন কোন কার্য্যের কথা লইয়া তাঁহার সহিত পরামর্শ করিতেন; এবং এইরূপে তাঁহার অন্তরে আত্মসম্মানের ভাব রোপণ করিয়া দিতেন।

১৯

উচ্চতম সোপান

হায়রম বিদ্যালয়ে অধ্যাপনা করিতেই গার্ফীল্ডের প্রাণগত বাসনা ছিল। অধ্যাপনা ও ধর্ম্ম প্রচার কার্য্যের যথাসাধ্য সহায়তা করিয়া জীবন যাপন করিবেন, গার্ফীল্ডের ইহাই কামনা ছিল। রাজনৈতিক আন্দোলনে জীবন নিক্ষেপ করিতে তাঁহার ইচ্ছা ছিল না। কিন্তু তাঁহার ইচ্ছা না থাকিলে কি হয়, লোকে তাহা শুনিল না। বিধাতার ইচ্ছা তাহা ছিল না! তাঁহার স্বদেশবাসী প্রধান প্রধান লোকেরা তাঁহাকে উত্তমরূপে বুঝাইয়া দিলেন যে, প্রতিভাশালী লোক হইয়াও রাজনীতির প্রতি তিনি যদি উদাসীন থাকেন, তাহা হইলে

দেশের পক্ষে অত্যন্ত ক্ষতি হইবে। এইরূপে তিনি তাঁহাদের অনুরোধে রাজনীতি সম্বন্ধে বক্তৃতা করিতে আরম্ভ করিলেন।

এই সময়ে দাসত্ব প্রথার বিরুদ্ধে একটী প্রবল শক্তিশালী দল প্রস্তুত হইতেছিল। তিনি তাহাদেব হইয়া বক্তৃতা করিতে আরম্ভ করিলেন। এমন কি, এই অভিপ্রায়ে তিনি স্কুলের কার্য্য শেষ করিয়া সন্ধ্যাব সময় গৃহ হইতে বাহিব হইতেন, তিন চারি কিম্বা পাঁচ ক্রোশ দূরে গমন করিয়া বক্তৃতা কবিতেন, এবং সেই দিনই আবার ফিরিয়া আসিতেন। তাঁহার সঙ্গে এই সকল সময়ে একটী না একটী ছাত্র থাকিত। তিনি পথে যাইতে যাইতে নানা প্রকার জ্ঞানগর্ভ বিষয়ে কথাবার্ত্তা বলিতেন এবং ছাত্র তদ্দ্বারা বিশেষ উপকার লাভ কবিত।

আল্‌ফন্‌সো হার্ট নামক এক ব্যক্তি দাসত্ব প্রথা সমর্থন করিয়া হায়রমে একটী বক্তৃতা করিলেন। গার্‌ফীল্‌ড এবং তাঁহার দলের অনেক লোক সেই বক্তৃতা স্থলে উপস্থিত ছিলেন। তাঁহারা গার্‌ফীল্‌ডকে তৎক্ষণাৎ সেই বক্তৃতার উত্তর প্রদান করিতে অনুরোধ করিলেন। গারফীল্‌ডও বক্তৃতা শুনিয়া অত্যন্ত মর্ম্ম-ব্যথিত হইয়াছিলেন, সুতরাং তিনিও এই বক্তৃতার বিরুদ্ধে কিছু না বলিয়া থাকিতে পারিলেন না। তিনি আজ এমন এক সুযুক্তিপূর্ণ অগ্নিময় বক্তৃতা করিলেন যে, তদ্দ্বারা বিরোধী বক্তার সমস্ত যুক্তি, তর্ক ও ভ্রান্ত মত চূর্ণ বিচূর্ণ হইয়া উড়িয়া গেল। অথচ বক্তৃতার ভিতর একটুও গালাগালি কি বিদ্বেষ ভাব প্রকাশ পাইল না। তাঁহার বক্তৃতা শুনিয়া সকলেই তাঁহাকে একদিন আল্‌ফন্‌সোর সহিত দাসত্ব প্রথা সম্বন্ধে তর্ক করিতে অতিশয় অনুরোধ করিলেন। দিন স্থির হইল। দলে দলে লোক তর্কস্থলে

উপস্থিত হইলেন। নির্দ্দিষ্ট দিবসে গারফীল্ড তাঁহার প্রতিদ্বন্দ্বীর সহিত তর্কে প্রবৃত্ত হইলেন। তর্কে আলফন্‌সো সম্পূর্ণরূপে পরাস্ত হইলেন। দাসত্ব প্রথা যে অন্যায় নহে, তাহা তিনি প্রমাণ করিতে পারিলেন না। পূর্ব্বোক্ত বক্তৃতা শুনিয়া ও এই তর্কশক্তি দেখিয়া লোকে গারফীল্ডের প্রতি নিরতিশয় আকৃষ্ট হইয়া পড়িলেন। তাঁহারা তাঁহাকে প্রদেশীয় ব্যবস্থাপক সভায় তাঁহাদের প্রতিনিধিরূপে গমন করিতে অনুরোধ করিলেন।

পর বৎসর তাঁহার জেলার লোকেরা প্রদেশীয় ব্যবস্থাপক সভায় তাহাকে আপনাদের প্রতিনিধি করিয়া পাঠাইতে চাহিলেন। তিনি বার বার অস্বীকার করিতে লাগিলেন, কিন্তু তাঁহারা তাঁহার কথা না শুনিয়া তাহাকে অত্যন্ত নির্ব্বন্ধসহকারে অনুরোধ করিতে লাগিলেন। কিন্তু তাহার হৃদয় হায়রম বিদ্যালয়ে বসিয়া গিয়াছিল, সহস্র অনুরোধেও সে ভাব দূর হইল না। তিনি অবশেষে এই বলিয়া তাঁহাদিগকে প্রত্যাখ্যান করিলেন যে, এই হায়রম বিদ্যালয়ই আমার জীবনের কার্য্যক্ষেত্র। রাজনৈতিক জীবন যাপন করিতে আমার আকাঙ্ক্ষা হয় না। আমি আপনাদের এ প্রস্তাবে সম্মত হইতে পারি না। আমার এই খানেই অন্তরের অনুরাগ রহিয়াছে, এবং অধ্যাপনা আমার জীবনের কর্ত্তব্য কার্য্য।

১৮৫৯ খ্রীষ্টাব্দে উইলিয়মস কালেজের কর্ত্তৃপক্ষগণ তাঁহাকে উক্ত কালেজের উৎসব উপলক্ষে প্রধান বক্তা করিয়া নিমন্ত্রণ করেন। গারফীল্ডের পক্ষেই এই সম্মান শোভা পায়। তিনি তথাকার কার্য্য সমাপ্ত করিয়া যখন হায়রমে ফিরিয়া আসিতেছিলেন, তখন আবার তাহার স্বপ্রদেশবাসী প্রধান প্রধান লোকেরা সমবেত হইয়া তাঁহার নিকট পূর্ব্ব প্রস্তাব উত্থাপন

করিলেন। তাঁহারা তাঁহাকে প্রদেশীয় শাসন-সমিতির সভ্য হইতে অনুরোধ করিয়া বলিলেন যে, তাঁহারা যে এক জন মাত্র উপযুক্ত লোক পাইয়াছিলেন, তিনি হঠাৎ মারা গিয়াছেন; এখন তাঁহারা গারফীল্ড ভিন্ন অন্য লোক দেখিতে পাইতেছেন না। গারফীল্ড সহজে স্বীকার করিতে চাহিলেন না। কিন্তু তাঁহাদের নিতান্ত অনুরোধে পড়িয়া এবং হারবম বিদ্যালয়ের কর্তৃপক্ষগণের নির্ব্বন্ধাতিশয়প্রযুক্ত উক্তপদ গ্রহণ করিলেন। অধিকাংশ লোকের মতে ১৮৬০ খ্রীষ্টাব্দের জানুয়ারি মাসে তিনি প্রদেশীয় সভার সভ্য মনোনীত হইলেন।

এই সময় অতি ভয়ানক সময়। দাসত্ব প্রথা লইয়া দেশ মধ্যে তুমুল আন্দোলন চলিতেছিল। যুক্তরাজ্যের দক্ষিণ ভাগের সহিত উত্তর ভাগের ঘোরতর সংগ্রাম। দক্ষিণ ভাগ বলিল, যদি দাসত্ব প্রথা বিরোধীদিগের কোনও লোক প্রেসিডেণ্ট হয়, তাহা হইলে নিশ্চয়ই আমরা সংগ্রামে প্রবৃত্ত হইব। উত্তর ভাগ ওদিকে দাসত্ব প্রথা উঠাইয়া দিবার জন্য বদ্ধপরিকর। এই ভয়ঙ্কর বিপ্লবের সময় গারফীল্ড ত্রিশ বৎসর বয়সে প্রদেশীয় সভায় প্রবেশ করিলেন। সভাতে আরও দুই জন সভ্যের সঙ্গে এক মত হইয়া তিনি দাসত্ব প্রথা উঠাইয়া দিবার জন্য কৃতসংকল্প হইলেন, এবং যুদ্ধ অনিবার্য্য হইলে তাহারা দেশের ও অসহায় নরনারীর কল্যাণ কামনায় তাহাতে জীবন আহুতি প্রদান করিবেন, অতি গোপনে এবং নির্জ্জনে এই ভীষণ সংকল্প করিলেন।

যুক্তরাজ্যের জাতীয় মহাসমিতিতে এবার মহাত্মা লিঙ্কলন প্রেসিডেণ্ট অর্থাৎ সভাপতি নির্ব্বাচিত হইলেন। দাসত্ব প্রথার বিরোধীদিগের জয় হইল। লিঙ্কলন শাসনকর্ত্তা নিযুক্ত হইলেন,

দাসত্ব প্রথা আর দাঁড়াইতে পারিল না। স্বদেশ হইতে এই মহা অনিষ্টকারী ভয়ঙ্কর পাপ সমূলে উৎপাটিত না করিয়া আর নিশ্চিন্ত হইব না, তিনি এই বিষম সংকল্প ঘোষণা করিলেন। সমস্ত ক্রীত দাস ও ক্রীতা দাসিগণকে স্বাধীন করিতে হইবে, হৃদয়ে এই পবিত্র ব্রত লইয়া তিনি আমেরিকার যুক্তরাজ্যের প্রেসিডেণ্ট হইলেন। দক্ষিণ রাজ্য গবর্ণমেণ্টের বিরুদ্ধে দণ্ডায়মান হইল। রাজদ্রোহ অনিবার্য্য হইয়া পড়িল।

এক্ষণে গারফীল্‌ডের পক্ষে মহাসঙ্কট উপস্থিত হইল। তিনি ভাবিতে লাগিলেন, ওহিও কি যুদ্ধের জন্য প্রস্তুত হইবে? এই প্রশ্ন লইয়া গারফীল্‌ড আহার নিদ্রা পরিহার করিয়া চিন্তা করিতে লাগিলেন। গভীর রজনী পর্য্যন্ত এইসকল প্রশ্ন লইয়া বিচার করিতে প্রবৃত্ত হইলেন। অবশেষে তিনি ইহাই স্থির করিলেন যে, গবর্ণমেণ্ট যেদিকে মত দিবেন, তাহার ওহিও প্রদেশও সেইদিকে মত দিবে। এই স্থির করিয়া তিনি যুদ্ধার্থ প্রস্তুত হইলেন।

দাসত্বপ্রথার বিরুদ্ধে তাহার দৃঢ় ও দুর্জ্জয় বিদ্বেষ ছিল। কোনও প্রকার বন্দোবস্তে তিনি সম্মত ছিলেন না। গবর্ণমেণ্ট দাস-প্রভুগণের সহিত সদ্ভাব রক্ষার জন্য একটা মাঝামাঝি আইন করিতে চাহিলেন। গারফীল্‌ড এবং আরও ছয় জন সভ্য এই প্রস্তাবের বিরুদ্ধে আপনাদের অভিমত লিপিবদ্ধ করিলেন। গারফীল্‌ড বলিলেন, আমার বাহুদ্বয় যতদিন অসি ধারণে সক্ষম থাকিবে, ততদিন আমি এমন কোনও ব্যবস্থায় সম্মত হইব না, যদ্দারা প্রকৃত পক্ষে দাসগণের স্বাধীনতা হরণ করা হয়, এবং প্রভুগণের তাহাদের উপর ক্ষমতা অক্ষুণ্ণ থাকে।

আর অধিক দিন বিলম্ব করিতে হইল না। শত্রুগণ গবর্ণ-

মেণ্টের বিরুদ্ধে উত্থিত হইল। ধর্ম্মাত্মা লিঙ্কলন এক্ষণে যুক্ত-রাজ্যের শাসনকর্ত্তা। তাঁহার সংকল্প, গবর্ণমেণ্ট অগ্রে অস্ত্রধারণ করিবেন না; তাঁহার সংকল্পই অটল রহিল। বিদ্রোহী দাস-প্রভুগণই অগ্রে গবর্ণমেণ্টের বিরুদ্ধে অস্ত্রধারণ করিল। যখন এই সংবাদ প্রেসিডেণ্ট লিঙ্কলনের নিকট আসিল, তখন তিনি যুদ্ধার্থ প্রস্তুত হইতে লাগিলেন। তিনি ভিন্ন ভিন্ন প্রদেশ হইতে ৭৫০০০ সৈন্য চাহিলেন। এইআদেশ ওহিও প্রদেশের সভায় আসিবামাত্র মহাবীর গার্‌ফীল্‌ড মহা উৎসাহে সকলের সমক্ষে তাহা পাঠ করিলেন। বহু সংখ্যক লোক তথায় উপস্থিত ছিলেন। সকলেই অত্যন্ত উৎসাহ ও আনন্দের সহিত প্রেসিডেণ্টের আদেশের পক্ষ সমর্থন করিলেন। ওহিও সভার সভ্যগণ সকলের সম্মতিক্রমে ২০০০০ সৈন্য ও ত্রিশ লক্ষ ডলার যুদ্ধের ব্যয় নির্ব্বা-হার্থ প্রদান করিবেন বলিয়া স্থির করিলেন। চারিদিকে যুদ্ধের আযোজন আরম্ভ হইল। গার্‌ফীল্‌ড প্রথমতঃ অস্ত্রতাপ্রযুক্ত সৈন্য পরিচালনের ভার লইতে ইচ্ছুক হন নাই। কিন্তু অবশেষে সকলে অনুরোধ করাতে তিনি আর উপেক্ষা করিতে পারিলেন না। তিনি সৈন্য বিভাগে পরিচালকের ভার লইয়া অতিশয় বীরত্ব ও উৎসাহের সহিত সংগ্রামে প্রবৃত্ত হইলেন। তাঁহার পূর্ব্ব জীবনে আমরা যেমন উৎসাহ ও কর্ম্মশীলতা দেখিয়াছি, সেইরূপ সেনামধ্যেও তিনি অতি নিম্নপদ হইতে অবশেষে উচ্চ পদে উন্নীত হইলেন। ১৮৫৭ খ্রীষ্টাব্দ হইতে ১৮৬১ খ্রীষ্টাব্দ পর্য্যন্ত তিনি হায়রম বিদ্যালয়ে কার্য্য করেন। ১৮৬১ খ্রীষ্টাব্দে যুদ্ধার্থ আগমন করিয়াছিলেন।

১৮৬১ খ্রীষ্টাব্দের ডিসেম্বর মাসে ওহিওবাসীরা যুক্তরাজ্যের

জাতীয় মহাসমিতিতে তাঁহাকে প্রতিনিধি নির্ব্বাচন করিয়া পাঠাইলেন সুতরাং তিনি সামরিক জীবন পরিত্যাগ করিয়া প্রেসিডেণ্ট লিঙ্কলনের ইচ্ছামত কংগ্রেসের সভ্যপদ গ্রহণ করিলেন। এখানে আসিয়া তিনি অর্থসম্বন্ধে ক্ষতিগ্রস্ত হইলেন। কিন্তু তাহা হইলে কি হয়, কংগ্রেসে সমর-কৌশলাভিজ্ঞ সভ্যের প্রয়োজন হইয়াছিল।

এ পর্য্যন্ত হায়রম বিদ্যালয়ের কর্ত্তৃপক্ষগণ তাঁহার আগমনের আশা করিতেছিলেন। কিন্তু তিনি আগমন করিতে পারিবেন, এমন আশা আর রহিল না। তিনি ওহিওর ব্যবস্থাপক সভা কর্ত্তৃক যুক্তরাজ্যের উচ্চতম জাতীয় সভার সভ্য মনোনীত হইলেন। গার্‌ফীল্‌ডকে যখন প্রথমতঃ এই পদের কথা বলা হইল, তখন তিনি জনৈক বন্ধুকে বলিলেন, আপনাদের যাহা অভিরুচি! বন্ধুগণের মতে যদি ইহা ভাল হয়, তবে আমি তাহাতে অসম্মত হইব না।

বন্ধু বলিলেন, নির্ব্বাচন সম্মুখে—আপনি কলম্বস নগরে নির্ব্বাচনক্ষেত্রে উপস্থিত হন, আমরা ইহা ইচ্ছা করি।

গার্‌ফীল্‌ড বলিলেন, আমি এরূপ প্রণালীতে সম্মত নাই। আমি উচ্চ পদ লাভের জন্য একটুও চেষ্টা করিতে চাই না। আমি জীবনে অন্বেষণ করিয়া কোনও পদ গ্রহণ করিব না। যদি আবশ্যক হয়, জন-সাধারণ আমাকে নির্ব্বাচন করিবেন। আমি উপযাচক হইব না।

বন্ধু বলিলেন, তাহা ত ঠিক্ কথাই। আমরা আপনাকে কোনও প্রকার কৌশল অবলম্বন করিতে বলিতেছি না। আপনি কেবল উপস্থিত থাকিবেন: আপনাকে সকলে দেখিতে পায়

এবং আপনার সহিত কথাবার্ত্তা বলিতে পারে, আমরা কেবল এই টুকু চাই।

তখন গারফীল্‌ড পরিষ্কার উত্তর দিয়া বলিলেন, না—তাহা হইবে না। আমি সেখানে নির্ব্বাচনক্ষেত্রে উপস্থিত হইলেই লোকে ভাবিবে, আমি চেষ্টা করিতে আসিয়াছি। একথা মনে করিতেও আমার ঘৃণা বোধ হয়। আমি স্পষ্ট করিয়া বলিতেছি, আমি কোন মতেই কলম্বসে যাইব না।

আমেরিকার যুক্তরাজ্যের প্রত্যেক ষ্টেটের ব্যবস্থাপক সভা হইতে দুই জন করিয়া উপযুক্ত লোক নির্ব্বাচিত হইয়া একটী সমিতি গঠিত হয়। ইঁহাদের উপরেই প্রেসিডেণ্ট নিযুক্ত করিবার ভার ছিল। প্রেসিডেণ্ট রাজ্যের সমুদায় বিভাগের কর্ত্তা। তিনি চারি বৎসরের জন্য মনোনীত হইয়া থাকেন। গারফীল্‌ড অদ্য সর্ব্বপ্রধান জাতীয় সমিতির সভ্য পদ পাইতে চলিলেন। ইহার পরেই প্রেসিডেণ্টের পদ। সুতরাং উচ্চতম সোপানে আরোহণ করিবার আর বড় অধিক বিলম্ব নাই।

গারফীল্‌ডের নাম শুনিয়া আর আর পদপ্রার্থিগণ পৃষ্ঠভঙ্গ দিলেন। তাঁহারা উত্তমরূপ জানিতেন যে, গারফীল্‌ডের নাম উঠিলে তাঁহাদিগকে আর কেহ নির্ব্বাচন করিতে চাহিবে না। গারফীল্‌ড সর্ব্বসাধারণের এতই প্রিয় হইয়া উঠিয়াছিলেন।

সভ্য মনোনীত হইয়া গেলে পর গারফীল্‌ড কলম্বসে গমন করিয়া সভ্য পদ গ্রহণ উপলক্ষে যে বক্তৃতা করেন, তাহাতে বলেন, আমি বিগত কুড়ি বৎসর হইল রাজনৈতিক জগতে প্রবেশ করিয়াছি; তন্মধ্যে যুক্তরাজ্যের সাধারণ-প্রতিনিধি সভায় থাকিয়া আমি একটী কার্য্য করিতে চেষ্টা করিয়াছি।

কোন বিষয়ে সকল দিক্‌ হয়ত ভাল নাও বুঝিয়া থাকিতে পারি; কিম্বা হয়ত কোন কোন কার্য্য করিয়া ক্ষতিগ্রস্তও হইয়া থাকিতে পারি; কিন্তু তাহা হইলেও আমি বরাবর জীবনে একটী নীতি অবলম্বন করিয়া চলিয়াছি। সে নীতিটী এইঃ—আমি যাহা ভাল বলিয়া বিবেকের দ্বারা ধরিতে ও বুঝিতে পারিয়াছি, জীবন-নাশের আশঙ্কা তুচ্ছ করিয়া সেই নীতিটী ধরিয়াই চলিয়াছি। আমি বহুকাল ধরিয়া ওহিও রাজ্যের জন-সাধারণের প্রতিনিধিরূপে জন-সাধারণ সমিতিতে কার্য্য করিয়াছি। আমি যাঁহাদের প্রতিনিধি ছিলাম তাঁহাদিগকে সন্তুষ্ট করিয়া তাঁহাদের প্রশংসা লাভের বাসনা করিয়াছি বটে, কিন্তু আপনারা আমার অহঙ্কার মার্জ্জনা করিবেন, আমি তাঁহাদের প্রশংসার উপরেও আর এক ব্যক্তির প্রশংসা অধিক কামনা করিয়াছি। সে ব্যক্তির নাম—গার্‌ফীল্‌ড! সেই ব্যক্তিই কেবল আমার একমাত্র সঙ্গী। আমাকে তাহার সঙ্গে শুইতে হয়, খাইতে হয়, বাস করিতে হয় এবং তাহারই সঙ্গে আমাকে মরিতে হইবে। সুতরাং আমি যদি কোন কার্য্যে সেই গার্‌ফীল্‌ডের সম্মতি না পাই, তাহা হইলে কেমন করিয়া বাঁচিব? যাহার সঙ্গে সর্ব্বদা কারবার, তাহার সহিত বিবাদ করিয়া কেমন করিয়া বাঁচিব?

গার্‌ফীল্‌ড পূর্ব্বোক্ত সভ্য পদে প্রতিষ্ঠিত হইবার পাঁচ মাস পরে যুক্তরাজ্যের প্রেসিডেণ্টের পদ পূরণের সময় উপস্থিত হইল।

জেম্‌স এব্রাম গার্‌ফীল্‌ড যুদ্ধে অসাধারণ বীরত্ব ও ধৈর্য্য প্রদর্শন করিয়া ক্রমে সেনাপতিপদ লাভ করিলেন। ১৮৬৩ খ্রীষ্টাব্দ পর্য্যন্ত তিনি অবিচ্ছেদে রাজকার্য্যে ব্যাপৃত ছিলেন। এই দীর্ঘকালে মহাবীর সেনাপতি গার্‌ফীল্‌ড যুক্তরাজ্যের

লোকের নিকট অতিশয় সুপরিচিত হইবার সুবিধা পাইয়াছিলেন। বিশেষতঃ জাতীয় সাধারণ-সভা যখন পাঁচ মাস পরে যুক্তরাজ্যের প্রেসিডেণ্টের শূন্য পদ পূর্ণ করিবার জন্য প্রস্তুত হইলেন, তখন গারফীল্ডও উক্ত সভার সভ্য ছিলেন। উৎসাহ ও কার্য্যশীলতায় তিনি সকলেরই অতিশয় সম্মান ও সমাদরের পাত্র হইয়াছিলেন। তিনি সভায় উপস্থিত থাকিয়া যখন যে কার্য্য করিতেন, সকলেই তাহাতে অত্যন্ত প্রীত হইয়া তাঁহার গুণ ও শক্তির প্রশংসা করিত।

আজ আমেরিকার যুক্তরাজ্যের জাতীয় সাধারণ সভায় মহাবীর গারফীল্ড উপস্থিত। তিনি প্রেসিডেণ্টের পদপ্রার্থী ছিলেন না। কিন্তু তাহা না হইলেও অদ্য যখনই গারফীল্ড উঠিয়া সভায় কোন কথা বলিতেছিলেন, অথবা কার্য্যানুরোধে বহুলোকাকীর্ণ সভার মধ্যে গমনাগমন করিতেছিলেন, তখনই তাঁহাকে দেখিবামাত্র জনসাধারণ মহা উৎসাহে করতালি ও উচ্চরবে আনন্দধ্বনি করিতে আরম্ভ করিল। সে দিন গারফীল্ডের দর্শনমাত্র জনসাধারণের অন্তর যেন তাড়িতসঞ্চারে নাচিয়া উঠিতে লাগিল।

ক্রমে প্রেসিডেণ্ট নির্ব্বাচনার্থ জনসাধারণ সভার সভ্যগণ আপন আপন মত জ্ঞাপন করিতে লাগিলেন। ক্রমাগত চৌত্রিশবার মত গণনা করা হইল, কিন্তু কিছুই স্থির হইল না। অবশেষে পঞ্চত্রিংশৎবারে উক্ত সভার প্রায় পঞ্চাশ জন সভ্য জেম্‌স এব্রাম গারফীল্ডের নাম প্রস্তাব করিলেন।

জেম্‌স এব্রাম গারফীল্ডের নাম উচ্চারিত হইবামাত্র সভার মধ্যে এক মহাকোলাহল উত্থিত হইল—সে ভয়ঙ্কর ব্যাপার

দর্শন করিয়া সকলেই অবাক্ হইয়া গেল। সভার সভ্যগণের মধ্যে যে মত-বিরোধ ছিল, তাহা মিটিয়া গেল। জেম্‌স এব্রাম গার্‌ফীল্‌ডের নাম উচ্চারিত হইবামাত্র সকলে আনন্দধ্বনি করিতে লাগিল। যুক্তরাজ্যের ভিন্ন ভিন্ন সমুদয় বিভাগ হইতে প্রতিনিধিগণ নিজ নিজ রাজ্যের নামাঙ্কিত নিশান লইয়া জাতীয় জনসাধারণ সভায় উপস্থিত হইয়াছিলেন। একটী রাজ্যের প্রতিনিধিগণ তাঁহাদের নিশান লইয়া সসম্ভ্রমে ও সগর্ব্বে মহাবীর জেম্‌স এব্রাম গার্‌ফীল্‌ডের মস্তকোপরি ধারণ করিলেন। তাঁহাদের অনুসরণ করিয়া ক্রমে সাত শত প্রতিনিধি মহানন্দে মহা কোলাহল পূর্ব্বক তাঁহার মস্তকোপরি শত শত পতাকা উত্তোলন করিলেন। প্রশস্ত গৃহের প্রাচীর যেন বিদীর্ণ করিয়া আনন্দধ্বনি ছুটিতে লাগিল। তাঁহাদের চারি পার্শ্বে ১৫০০০ সহস্র লোক আরও ভৈরব-রবে আনন্দধ্বনি করিয়া উঠিল। মহা সমারোহে লোক-সাধারণ অদ্য চাষার সন্তান জেম্‌স এব্রাম গার্‌ফীল্‌ডকে আমেরিকার যুক্তরাজ্যের শাসনকর্তৃপদে বরণ করিল। জাতীয় রণবাদ্য বাজিয়া উঠিল। ১৫০০০ সহস্র লোক সমস্বরে জাতীয় সঙ্গীত গান করিতে লাগিল।

গৃহ-প্রাঙ্গণে এই ব্যাপার। বহির্দ্দেশে ঘন ঘন তোপধ্বনি হইতে লাগিল। পৃথিবীর অপর কোনও দেশে কখনও এমন উৎসাহ স্রোত দেখা যায় নাই। স্বদেশ-প্রেমে উন্মত্ত হইয়া আজ আমেরিকাবাসী আপনাদের স্বার্থ, আপনাদের বিষয়-বাসনা সমুদায় বিস্মৃত হইয়া কেবলমাত্র স্বদেশ ও গার্‌ফীল্‌ডের সম্মানের জন্যই ব্যস্ত হইয়া উঠিল।

এইরূপে চাষা, পিতৃহীন ও দরিদ্র জেম্‌স এব্রাম গার্‌ফীল্‌ড

কেবলমাত্র চরিত্র, ধর্ম্ম ও স্বাবলম্বনের বলে ১৮৮০ খ্রীষ্টাব্দের ২রা নবেম্বর, বর্ত্তমান যুগের এক অতি উন্নত রাজ্যের শাসনকর্ত্তা হইলেন। তিনি জনসাধারণের এতই প্রিয় ছিলেন যে, প্রেসিডেণ্ট হওয়াতে দেশের তাবৎ বিবাদ গণ্ডগোল মিটিয়া গেল। পরস্পরের মধ্যে যে দলাদলির ভাব ছিল, তাহা সম্পূর্ণরূপে তিরোহিত হইল!

জেম্‌স অরণ্য মাঝে পর্ণকুটীরে, অতি সমান্য দরিদ্র চাষার বংশে জন্ম গ্রহণ করিয়াছিলেন। আজ ঈশ্বর-প্রসাদে সুবিখ্যাত জেম্‌স এব্রাম গার্‌ফীল্‌ড, শুভ্র প্রস্তর নির্ম্মিত প্রশস্ত রাজপ্রাসাদে অপরিমেয় সম্মানের সহিত বাস করিতে লাগিলেন। আজ আর তিনি অরণ্যবাসী নন—আজ তিনি রাজধানীর রাজপ্রাসাদবাসী রাজা অপেক্ষাও অধিক গৌরবান্বিত!

২০

প্রাণবিনাশ

মহাবরী গার্‌ফীল্‌ড অধিক কাল এই উচ্চ পদে অবস্থিতি করিতে পারেন নাই। কেবলমাত্র চারি মাসকাল তিনি প্রেসিডেণ্টের পদে আরূঢ় ছিলেন। কিন্তু এই স্বল্প সময়ের মধ্যেই তাঁহার যথেষ্ট শক্তির পরিচয় প্রাপ্ত হওয়া গিয়াছিল। তিনি সেই অতি অল্পকাল মধ্যে দেশের বাণিজ্য প্রভৃতি নানা বিষয়ের উন্নতির জন্য কায়মনোবাক্যে চেষ্টা করিয়াছিলেন। যাহাতে সর্ব্ববিষয়ে আমেরিকা উন্নতি লাভ করিতে সমর্থ হয়, তজ্জন্য তিনি বিশেষ চেষ্টা করিয়াছিলেন।

প্রেসিডেণ্ট গার্‌ফীল্‌ড দেশের অতি কর্ম্মক্ষম, দক্ষ ও সচ্চরিত্র

লোক লইয়া আপনার মন্ত্রী সভা গঠন করিতে আরম্ভ করিলেন। যাহাতে দলাদলির ভাব কোন প্রকারে না জন্মিতে পারে, এই উদ্দেশ্যে অতীব সাবধানতার সহিত সুপ্রণালী অবলম্বন করিয়া চলিতে লাগিলেন। তিনি কাহাকেও অনুগ্রহ দেখাইয়া, অথবা সাধারণের কার্য্যের ব্যাঘাত করিয়া, ব্যক্তিবিশেষকে কৃপা করিয়া পক্ষপাত দোষে দোষী হইলেন না। কিন্তু হায়! এমন ন্যায়সঙ্গত প্রণালী অলম্বন করিলেও অতি শোকাবহ ঘটনা সংঘটিত হইয়াছিল। প্রেসিডেণ্ট যে প্রণালী অবলম্বন করিয়া কার্য্য করিতে চাহিলেন, কংক্লিং নামক একজন রাজপুরুষ তাহার বিরুদ্ধে দণ্ডায়মান হইয়া একটী বিরোধী দল গঠন করিল। এই দলেরই গুইটো নামক এক হতভাগ্য নরপিশাচ অবশেষে মহাবীর গারফীল্ডের প্রাণহরণ করে।

মহাবীর গার্ফীল্ডের পত্নীর শরীর অত্যন্ত অসুস্থ ছিল বলিয়া তিনি আপন কন্যাকে লইয়া লংব্রাঞ্চ নামক স্থানে বাস করিতেছিলেন। প্রেসিডেণ্ট তথায় একপক্ষ কাল বাস করিয়া একটু বিশ্রাম করিবেন বলিয়া মনে করিলেন। তিনি ২রা জুলাই শনিবার রাজধানী ওয়াশিংটনস্থ রাজপ্রাসাদ পরিত্যাগ করিয়া প্রাতে ৯৷৷০ টার সময় রেলওয়ে ষ্টেশনে উপস্থিত হইলেন। প্রেসিডেণ্ট গাড়ী হইতে অবতীর্ণ হইয়া ষ্টেশনের বিশ্রাম-আগারে প্রবেশ করিতে যাইতেছেন, অমনি উপরোক্ত হতভাগ্য রাক্ষস, একটী পিস্তলের দুইটী গুলি উপরি উপরি তাঁহার শরীরে বর্ষণ করিল।

বহু সংখ্যক লোক সেখানে উপস্থিত ছিল, তথাপি হতভাগ্য নরপিশাচ এমনই স্বার্থান্ধ হইয়াছিল যে, এতাদৃশ বৈরতু

ও সর্ব্বজনপ্রিয় মহাত্মা প্রেসিডেন্টকে হত্যা করিতে ভীত বা লজ্জিত হইল না! প্রেসিডেন্ট তৎক্ষণাৎ রক্তাক্ত কলেবরে ধূলায় পড়িয়া লুণ্ঠিত হইতে লাগিলেন! হায়! পৃথিবী কি ভয়ানক স্থান! ভগবানের সোণার সংসার স্বার্থপর মানব, পাপ কলঙ্কে ও রুধির ধারায় কলঙ্কিত করিয়া কি বীভৎস ও মলিন স্থান করিয়া রাখিয়াছে!

প্রথমে সকলেই মনে করিয়াছিলেন যে, তিনি তন্মুহূর্ত্তেই গতাসু হইবেন। কিন্তু তাহা হইল না। ২রা জুলাই হইতে ১৯শে সেপ্টেম্বর পর্য্যন্ত অসহ্য যন্ত্রণার মধ্যে তিনি জীবন ধারণ করিয়া রহিলেন। সেই অসহ্য যাতনার মধ্যে তিনি যে সহিষ্ণুতা ও নির্ভরের ভাব দেখাইয়াছিলেন, তাহার দৃষ্টান্ত সচরাচর দেখা যায় না।

সকলেই তাঁহার আরোগ্য কামনায় ভগবানের নিকট একান্ত মনে প্রার্থনা করিতে লাগিলেন। কিন্তু হায়! গার্‌ফীল্ড ইহলোক পরিত্যাগ করিলেন! এই মহাবীর হিংসা বিদ্বেষময় পৃথিবীর পাশ হইতে মুক্ত হইয়া সেই লোকে গমন করিলেন, যেখানে মানবের কুটিলতা আর কাহাকেও ক্লেশ দিতে পারে না।

২৬শে সেপ্টেম্বর, সোমবার, তাঁহার দেহ তদীয় জন্মভূমিতে লইয়া গিয়া সমাধিস্থ করা হইল।

মহাত্মা গার্‌ফীল্ড মৃত্যুর জন্য সর্ব্বদাই প্রস্তুত থাকিতেন। তিনি আজীবন ঈশ্বর-বিশ্বাসী এবং প্রার্থনাপরায়ণ ও নিষ্ঠাবান্ সরল ধার্ম্মিক লোক ছিলেন। তাঁহার মৃত্যুর পর আমেরিকাবাসিগণ তদীয় বিধবা পত্নীকে প্রায় দশলক্ষ টাকা প্রদান করিয়াছেন।

—:০:—

সমাপ্ত